কল্পের আরম্ভে যখন মনুর সন্তানোৎপত্তি হয় নাই তখন কোথায় প্রচেতা, কোথায় বা দক্ষ, কোথায় বা দিতি এবং দিতির সন্তানই বা কোথায় ॥ ১৪ ॥

অতঃ কালদ্বয়োদ্ভূতং শ্রীবরাহস্য চেষ্টিতং।
একত্রৈবাহ মৈত্রেয়ঃ ক্ষত্তুঃ প্রশ্নানুরোধতঃ ॥ ১৫ ॥
মধ্যে মন্বন্তরস্যৈব মুনেঃ শাপান্মনুং প্রতি।
প্রলয়োঽসৌ বভূবেতি পুরাণে ক্বচিদীর্য্যতে ॥ ১৬ ॥
অয়মাকস্মিকো জাতশ্চাক্ষুষস্যান্তরে মনোঃ।
প্রলয়ঃ পদ্মনাভস্য লীলয়েতিচ কুত্রচিৎ ॥ ১৭ ॥
সর্ব্ব মন্বন্তরস্যান্তে প্রলয়ো নিশ্চিতো ভবেৎ।
বিষ্ণুধর্ম্মোত্তরেত্বেষ মার্কণ্ডেয়েন ভাষিতঃ ॥ ১৮ ॥
তথাহি ॥

ক্ষত্তুঃ শ্রীবিদুরস্য ॥ ১৫ ॥
মুনেরগস্ত্যস্য কচিৎ পুরাণে মৎস্য পুরাণে ॥ ১৬ ॥
চাক্ষুষস্য মনোরন্তরে মধ্যে। কুত্রচিৎ বিষ্ণুধর্ম্মোত্তরাদৌ ॥ ১৭ ॥
প্রলয়স্য সময় যুক্তিমাহ সর্ব্বেতি ॥ ১৮ ॥

অতএব বরাহদেবের চেষ্টা কালদ্বয়ে উৎপন্ন হয় কিন্তু মৈত্রেয় মুনি বিদুরের প্রশ্নানুসারে একত্র সমাবেশ করিয়া বর্ণন করিয়াছেন ॥ ১৫ ॥

মৎস্যপুরাণে উল্লেখ আছে যে মনুরপ্রতি অগস্ত্যমুনির শাপ হেতু মন্বন্তর মধ্যেই প্রলয় হইয়াছিল ॥ ১৬ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত আছে চাক্ষুষ মনুর মধ্যে পদ্মনাভের লীলা নিবন্ধন প্রলয় হইয়াছিল ॥ ১৭ ॥

বিষ্ণুধর্ম্মোত্তরে মার্কণ্ডেয় মুনি বলিয়াছেন সকল মন্বন্তরের অন্তে নিশ্চয় প্রলয় হইয়া থাকে ॥ ১৮ ॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা ॥

মন্বন্তরে পরিক্ষীণে দেবামন্বন্তরেশ্বরাঃ।
মহর্লোকমথাসাদ্য তিষ্ঠন্তি গতকল্মষাঃ।
মনুশ্চ সহ শক্রেণ দেবাশ্চ যদুনন্দন।
ব্রহ্মলোকং প্রপদ্যন্তে পুনরাবৃত্তি দুর্লভং॥
ভূতলং সতলং বজ্র তোয়রূপী মহেশ্বরঃ।
ঊর্ম্মিমালী মহাবেগঃ সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি।
ভূর্লোকমাশ্রিতং সর্ব্বং তদা নশ্যতি যাদব।
ন বিনশ্যন্তি রাজেন্দ্র বিশ্রুতাঃ কুলপর্ব্বতাঃ।
নৌ ভূর্ত্বাতু তদা দেবী মহী যদুকুলোদ্বহ।

আসাদ্য প্রাপ্য যদুনন্দন হে বজ্র। ব্রহ্মলোকং মহর্লোকং। কীদৃশং পুনরাবৃত্তং জন্ম যেষামস্তি তে পুনরাবর্ত্তিন স্তেষাং দুর্লভং। তলেন পৃথিবী

বিষ্ণুধর্ম্মোত্তরে॥

হে যদুনন্দন! মন্বন্তরের অবসান হইলে নিষ্পাপ মন্বন্তরাধীশ্বর দেবগণ মহর্লোক প্রাপ্ত হইয়া অবস্থিতি করেন, তথা মনু ও ইন্দ্রের সহিত দেবগণ ঐ মহর্লোকে গিয়া থাকেন, কিন্তু যাহাদের পুনর্জ্জন্ম হইবার সম্ভব তাহারা কখন ঐ লোক প্রাপ্ত হয় না॥

হে বজ্র। মহাবেগ বিশিষ্ট তরঙ্গমালী জলরূপী মহেশ্বর সপ্ত পাতালের সহিত সমুদায় ভূতল আবরণ করিয়া অবস্থিতি করেন, তৎকালীন ভূর্লোকস্থিত লোক সকল বিনষ্ট হইয়া যায় কিন্তু হিমালয় প্রভৃতি অষ্ট কুলপর্ব্বতের বিনাশ হয় না। হে যদুকুলোদ্বহ! ঐ সময়ে পৃথিবী দেবী নৌকা রূপীণী

ধারয়ত্যথ বীজানি সর্ব্বাণ্যেবাবিশেষতঃ।
ভবিষ্যশ্চ মনুস্তত্র ভবিষ্যা ঋষয়স্তথা।
তিষ্ঠন্তি রাজশার্দ্দূল সপ্ত তে প্রথিতা ভুবি।
মৎস্যরূপ ধরোঃ দেবঃ শৃঙ্গী ভূত্বা জগৎপতিঃ।
আকর্ষতি তু তাং নাবং স্থানাৎ স্থানন্তু লীলয়া।
হিমাদ্রি শিখরে নাবং বদ্ধা দেবো জগৎপতিঃ।
মৎস্যদৃস্ত্বো ভবতি তেচ তিষ্ঠন্তি তত্রগাঃ।
কৃত তুল্যং ততঃ কালং যাবৎ প্রক্ষালমং স্মৃতং।
আপঃ শমমথো যান্তি যথা পূর্ব্বং নরাধিপ।

তলেন পাতাল সপ্তকেন সহ বর্ত্তমানং তল শব্দস্য পরিচ্ছিন্ন পরিমাণবদ্দেশ বিশেষস্যৈব বাচ্যত্বাৎ। ভূতলমিত্যত্র স্বরূপে তল প্রত্যয়ঃ। কুল পর্ব্বতা হিমালয়াদয়োঽষ্টৌ। অবিশেষতঃ সামান্যানি। জগদ্ভূ শক্তি- স্তস্যাঃ পতিঃ

হইয়া অবিশেষে সর্ব্ব প্রকার বীজ ধারণ করেন। অপর ভবিষ্য মনু তথা ভবিষ্য সপ্তঋষি যাঁহারা পৃথিবী মধ্যে অতিশয় বিখ্যাত তাঁহারাও ঐ নৌকা আশ্রয় করিয়া অবস্থিতি করেন। তৎকালীন জগৎপতি দেব শৃঙ্গবিশিষ্ট মৎস্য রূপ ধারণ করিয়া লীলা সহকারে ঐ মহীময়ী নৌকাকে স্থান হইতে স্থানান্তরে আকর্ষণ করেন। পরে হিমালয় পর্ব্বতের শিখরে তাহাকে বন্ধন করিয়া অন্তর্দ্ধান হন, এবং অন্যান্য ব্যক্তিগণ তথায় অবস্থিতি করিতে থাকেন, যে পর্য্যন্ত জল প্লাবন ছিল তাহার পর কাল সত্যযুগের ন্যায় হয়। হে নরধিপ! অনন্তর জল সকল পূর্ব্বের ন্যায় উপশম প্রাপ্ত হইলে ঋষি ও

ঋষয়শ্চ মনুশ্চৈব সর্ব্বং কুর্ব্বন্তি তে তদেতি॥ ১৯॥
মনোরন্তে লয়ো নাস্তি মনবে হ্যদর্শি মায়য়া।
বিষ্ণুনেতি ব্রুবাণৈস্তু স্বামিভির্নৈষ মন্যতে॥ ২০॥
শ্রীমৎস্য॥ ৪॥
শ্রী প্রথমে॥
রূপং স জগৃহে মাৎস্যং চাক্ষুষান্তর সংপ্লবে।

জগতাং ব্রহ্মাণ্ডানাং পতির্‌তএব ন পৌনরুক্ত্যং॥ ১৯॥

মনোরন্তে লয়ো নাস্তি কিন্তু কল্পান্তে। যদ্যপি মন্বন্তরাবসানে প্রলয়ো নাস্তি তথাপি কেন চিৎ কৌতুকেন সত্যব্রতায় মায়া দর্শিতা যথা অকাণ্ডে মার্কণ্ডেয়ায়েতি দ্রষ্টব্য মিতি রূপং স জগৃহ ইত্যত্র ইতি ব্রুবাণৈঃ স্বামিভিঃ এষ মন্বন্তরান্তে লয়ঃ ন মন্যতে॥ ২০॥

রূপমিত্যত্র টীকা মৎস্যাবতারমাহ রূপমিতি চাক্ষুষ মন্বন্তরে য উদধি সংপ্লব স্তস্মিন্। যদ্যপি মন্বন্তরাবসানে প্রলয়ো নাস্তি তথাপি কেনচিৎ সত্যব্রতায় মায়া দর্শিতা যথা অকাণ্ডে মার্কণ্ডেয়ায়েতি দ্রষ্টব্যং। মহীময্যাং

মনুগণ ইহাঁরাও পূর্ব্বের ন্যায় স্বস্ব কার্য্যে প্রবৃত্ত হয়েন॥ ১৯॥

যদিচ মনুর অন্তে লয় নাই, তথাপি ভগবান্ বিষ্ণু কোন কৌতুকের নিমিত্ত মায়া দ্বারা সত্যব্রত মনুকে প্রলয় দেখাইয়াছিলেন কিন্তু বক্তা শ্রীধরস্বামী প্রভৃতি মন্বন্তরাবসানে প্রলয় স্বীকার করেন না॥ ২০॥

শ্রীমৎস্য॥ ৪॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১৫ শ্লোকে॥

ঐ ভগবান্ মৎস্য রূপ ধারণ করিয়া চাক্ষুষ মন্বন্তরে যে

নাব্যারোপ্য মহীময্যামপাদ্বৈবস্বতং মনুমিতি ॥ ২১ ॥

দ্বিতীয়েচ ॥

মৎস্যো যুগান্ত সময়ে মনুলোপলব্ধঃ
ক্ষৌণীময়ো নিখিল জীবনিকায়কেতঃ ।
বিস্রংসিতানুরুভয়ে সলিলে মুখান্মে
আদায় তত্র বিজহারহ বেদমার্গান্ ॥ ২২ ॥

পাদ্মেচ ॥

নাবি নৌ রূপায়াং মহ্যামিত্যর্থঃ। অপাদ্রক্ষিতবান্ বৈবস্বতমিতি ভাবিনী সংজ্ঞেত্যেষা ॥ ২১ ॥

মৎস্য ইতি টীকা মৎস্যাবতারমাহ মৎস্যো ভাবিনা বৈবস্বতেন মনুনা দৃষ্টঃ ক্ষৌণীময়ঃ পৃথ্বী প্রধানঃ তদাশ্রয় ইত্যর্থঃ অতএব নিখিল জীব নিকায়ানা মাশ্রয়ঃ মে মুখাদ্বিস্রংসিতান্ বেদস্য মার্গান্ বেদানাদায় তত্র যুগান্ত সলিলে বিজহারহ হর্ষেণেত্যেষা ॥ ২২ ॥

জল প্লাবন হয় তাহাতে এই পৃথিবীকে নৌকা রূপা করিয়া বৈবস্বত মনুকে রক্ষা করেন ॥ ২১ ॥

দ্বিতীয়স্কন্ধে ৭ অধ্যায় ১২ শ্লোকেও ॥

ব্রহ্মা কহিলেন নারদ। যুগান্ত সময়ে ভগবান্ মৎস্য রূপ ধারণ করিয়া পৃথিবীর এবং নিখিল জীব নিবাসের আশ্রয় হইয়াছিলেন, বৈবস্বত মনু তাঁহার ঐ রূপ দর্শন করেন। তখন প্রলয় উপস্থিত দেখিয়া মহাভয়ে আমার মুখ হইতে বেদ সকল গলিয়া পড়িতেছিল, তাহাতে ভগবান্ ঐ রূপেই সে সকল বেদ গ্রহণ করত প্রলয় পয়োধি জলে বিহার করেন ॥ ২২ ॥

পদ্মপুরাণে ॥

এবমুক্তো হৃষীকেশো ব্রহ্মণা পরমেশ্বরঃ।
মৎস্যরূপং সমাস্থায় প্রবিবেশ মহোদধিমিতি॥ ২৩॥
মৎস্যোপি প্রাদুরভবদ্দ্বিঃ কল্পেস্মিন্ বরাহবৎ।
আদৌ স্বায়ম্ভুবীয়স্য দৈত্যং ঘ্নন্নাহরচ্ছ্রুতীঃ।
অন্তেতু চাক্ষুষীয়স্য কৃপাং সত্যব্রতে হকরোৎ।
অন্ত্যেন সার্দ্ধপদ্যেন প্রোক্তমাদ্যস্য চেষ্টিতং।
পূর্ব্ব সার্দ্ধেন চান্ত্যস্য মৎস্যৌ জ্ঞেয়ৌ বরাহবৎ।

মম মুখাদ্বেদা দৈত্যেন হৃতাঃ পালক রক্ষেত্যাহ্যক্তঃ।২৩॥
বিবৃণোতি সার্দ্ধ চতুষ্টয়েন মৎস্যোপীতি অস্মিন্ শ্বেতবারাহে দ্বিঃপ্রাদুর

আমার মুখ হইতে গলিত বেদ সকল দৈত্য হরণ করিতেছে অতএব আপনি রক্ষা করুন, ব্রহ্মা এই কথা বলিলে পরম পুরুষ হৃষীকেশ মৎস্য রূপ ধারণ পূর্ব্বক মহোদধির জলে গিয়া প্রবেশ করিলেন॥ ২৩॥

এই কল্পে মৎস্যদেবও দুইবার প্রাদুর্ভূত হয়েন, তন্মধ্যে প্রথম মৎস্য,স্বায়ম্ভুবীয় মন্বন্তরের আদিতে দৈত্য বিনষ্ট করিয়া বেদ উদ্ধার করেন, দ্বিতীয় মৎস্য চাক্ষুষীয় মন্বন্তরের অন্তে সত্যব্রত রাজাকে কৃপা করিয়াছিলেন। প্রথমস্কন্ধের "রূপং স জগৃহে মাৎস্যং" এই পদ্য হইতে পদ্মপুরাণীয় "প্রবিবেশ মহোদধিং„ এই পদ্য পর্য্যন্ত তিন শ্লোকের শেষ সার্দ্ধ শ্লোকে দৈত্য হন্তা মৎস্যদেবের চেষ্টা, পূর্ব্ব সার্দ্ধ শ্লোকে কৃপাকর্ত্তা মৎস্যদেবের চেষ্টা বর্ণন অতএব বরাহদেবের ন্যায় মৎস্য দেবও দুইবার আবির্ভূত হইয়াছিলেন, এই মৎস্যাবতার

উপলক্ষণমেবৈতদন্য মন্বন্তরস্যচ ।
বিষ্ণুধর্ম্মোত্তরাজ্‌জ্ঞেয়াঃ প্রাদুর্ভাবাশ্চতুর্দ্দশ ॥ ২৪ ॥

শ্রীযজ্ঞঃ ॥ ৫ ॥

প্রথমে ॥

ততঃ সপ্তম আকূত্যাং রুচের্যজ্ঞোঽভ্যজায়ত ।
স যামাদ্যৈঃ সুরগণৈরপাৎ স্বায়ম্ভুবং মনুমিতি ॥ ২৫ ॥
ত্রয়াণামেব লোকানাং মহার্ত্তি হরণাদসৌ ।
মাতামহেন মনুনা হরিরিত্যপি শব্দিতঃ ॥ ২৬ ॥

ভবৎ । দৈত্যং হয়গ্রীবং । আদ্যস্য দৈত্যহন্তুঃ অন্তস্য কৃপাকর্ত্তুঃ ॥ ২৪ ॥
তত ইত্যত্র টীকা স যজ্ঞঃ যামাদ্যৈঃ স্বস্যৈব পুত্রা যামা নাম দেবা স্তদাদ্যৈঃ সহ স্বায়ংভুবং মন্বন্তরং পালিতবান্ তদা স্বয়মিন্দ্রোঽভূদিত্যর্থ ইত্যেষা ॥ ২৫ ॥
বিবৃণোতি ত্রয়াণামিতি মনুনা স্বায়ম্ভুবাখ্যেন অসৌ যজ্ঞঃ হরিরপীতি শব্দিতঃ ॥ ২৬ ॥

অন্য মন্বন্তরের উপলক্ষণ। বিষ্ণুধর্ম্মোত্তরে বর্ণিত হইয়াছে মৎস্যদেব চতুর্দ্দশ বার আবির্ভূত হইয়াছিলেন ॥ ২৪ ॥

শ্রীযজ্ঞ ॥ ৫ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১২ শ্লোকে ॥

সপ্তমাবতারে রুচিমুনির ঔরসে আকূতির গর্ভে উৎপন্ন হইয়া যজ্ঞ নামে বিখ্যাত হয়েন, এই অবতারে যম নামে দেবগণ তাঁহার পুত্র হইলে তাঁহাদের সহিত স্বায়ম্ভুব মন্বন্তর পালন করিয়াছিলেন অর্থাৎ আপনিই ইন্দ্র হয়েন ॥ ২৫ ॥

ত্রিলোকের দুঃখ হরণ নিমিত্ত মাতামহ স্বায়ম্ভুব মনু এই যজ্ঞের হরি বলিয়া নাম রাখিয়াছিলেন ॥ ২৬ ॥

শ্রীনরনারায়ণৌ ॥ ৬ ॥

তত্রৈব ॥

তূর্য্যে ধর্ম্মকলাসর্গে নরনারায়ণাবৃষী।
ভূত্বাত্মোপশমোপেতমকরোদ্দুশ্চরং তপ ইতি ॥ ২৭ ॥
শাস্ত্রেঽন্যৌ হরি কৃষ্ণাখ্যাবনয়োঃ সোদরৌ স্মৃতৌ।
এভিরেকোঽবতারঃ স্যাচ্চতুর্ভিঃ সনকাদি বৎ ॥ ২৮ ॥

শ্রীকপিলঃ ॥ ৭ ॥

তূর্য্য ইত্যত্র টীকা তূর্য্যে চতুর্থেঽবতারে ধর্ম্মস্য কলা অংশো ভার্য্যেত্যর্থঃ। অর্দ্ধো বা এষ আত্মনো যৎ পত্নীতি শ্রুতেঃ। তস্যাঃ সর্গে ঋষী ভূত্বেত্যেকাবতারত্বং দর্শয়ত্যেষা ॥ ২৭ ॥

বিবৃণোতি শাস্ত্র ইতি শাস্ত্রে পাদ্মোত্তর খণ্ডাদৌ অনয়ো নরনারায়ণয়োঃ ॥ ২৮ ॥

শ্রীনর নারায়ণ ॥ ৬ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

চতুর্থাবতারে ধর্ম্মপত্নী মূর্ত্তির গর্ভে নর নারায়ণ ঋষি হইয়া মনের উপশান্তি রূপ দুশ্চর তপস্যা আচরণ করিয়াছিলেন ॥ ২৭ ॥

পাদ্মোত্তর খণ্ডে যে অন্য কৃষ্ণার্জ্জুনকে নরনারায়ণ ঋষি দ্বয়ের সহোদর বলিয়া বর্ণন করিয়াছেন, তাহা সনকাদির ন্যায় এই চারিতে এক অবতার বলিয়া জানিতে হইবে ॥ ২৮ ॥

শ্রীকপিল ॥ ৭ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

তত্রৈব॥

পঞ্চমঃ কপিলো নাম সিদ্ধেশঃ কালবিপ্লুতং।

প্রোবাচাসুরয়ে সাংখ্যং তত্ত্বগ্রাম বিনির্ণয়মিতি॥ ২৯॥

দেবহূত্যাং কর্দ্দমতঃ প্রাদুর্ভাবমসৌ গতঃ।

প্রোক্তঃ কপিল বর্ণত্বাৎ কপিলাখ্যো বিরিঞ্চিনা॥ ৩০॥

পাদ্মে॥

কপিলো বাসুদেবাংশস্তত্ত্বং সাংখ্যং জগাদহ।

পঞ্চম ইত্যত্র টীকা আসুরয়ে তন্নাম্নে ব্রাহ্মণায় তত্ত্বানাং গ্রামস্য নির্ণয়ো যস্মিন্ তৎ সাংখ্যমিত্যেষা॥ ২৯॥

বিবৃণোতি দেবহূত্যামিতি কর্দ্দম দ্বারেণাস্যাবতারতা। কপিল বর্ণত্বাৎ ধূম্র বর্ণত্বাৎ॥ ৩০॥

কপিলদ্বয়ং দর্শয়ন্নাহ পাদ্ম ইতি। বাসুদেবাংশ ইতি পুরুষাবতারত্বেপি

পঞ্চম কপিল নামে সিদ্ধাধিপতি হইয়া আসুরি ব্রাহ্মণকে তত্ত্ব সমূহের নির্ণায়ক সাংখ্য শাস্ত্র কহেন। ঐ শাস্ত্র কাল বশতঃ বিনষ্ট হইতেছিল, তাহাতেই পুনর্ব্বার উজ্জ্বল হইয়াছে॥ ২৯॥

কর্দ্দমের ঔরসে দেবহূতির গর্ভে ইনি প্রাদুর্ভূত হয়েন, ধূম্রবর্ণ প্রযুক্ত ব্রহ্মা ইহাঁর নাম কপিল বলিয়া রাখিয়াছিলেন॥ ৩০॥

পদ্মপুরাণে॥

বাসুদেবাংশ কপিল ব্রহ্মা প্রভৃতি দেবগণ, ভৃগু প্রভৃতি ঋষিবর্গ তথা আসুরি ব্রাহ্মণ ইহাঁদিগকে সর্ব্ব বেদার্থ সম্বলিত

ব্রহ্মাদিভ্যশ্চ দেবেভ্যো ভৃগ্বাদিভ্য স্তথৈবচ।
তথৈবাসুরয়ে সর্ব্ববেদার্থৈরুপবৃংহিতং।
সর্ব্ববেদ বিরুদ্ধঞ্চ কপিলোহন্যো জগাদহ।
সাংখ্যমাসুরয়ে হ্নন্যস্মৈ কুতর্ক পরিবৃংহিতং ॥ ৩১ ॥
শ্রীদত্তঃ ॥ ৮ ॥
শ্রীদ্বিতীয়ে ॥
অত্রেরপত্যমভিকাঙ্ক্ষত আহ তুষ্টো
দত্তো ময়াহমিতি যদ্ভগবান্ স দত্তঃ।

বাসুদেবস্যৈবাবেশাৎ। যদ্বা বাসুদেব স্বামিকো যোহংশঃ পুরুষ স এবে-ত্যর্থঃ কপিলস্য সাক্ষাৎ পুরুষত্বাৎ যদ্বা পূর্ব্ববৎ অন্যস্মৈ আসুরয়ে ব্রাহ্মণায় বৌদ্ধমতাবলম্বিনে ॥ ৩১ ॥

অত্রেরিতি অত্র টীকা দত্তাত্রেয়াবতারমাহ ময়াহমেব তুভ্যং দত্ত ইতি যত আহ ততঃ স নাম্না দত্তো জাতঃ স্বভক্তেভ্যো যোগৈশ্বর্য্য দানং তচ্চরিতং

সাংখ্যতত্ত্ব উপদেশ করেন। অপর অন্য এক কপিল অন্য এক বৌদ্ধমতাবলম্বি আসুরি ব্রাহ্মণকে সর্ব্ববেদ বিরুদ্ধ কুতর্ক পরিপূরিত সাংখ্যতত্ত্ব উপদেশ দেন, এই কারণে কপিলদেব দুইবার আবির্ভূত হইয়াছিলেন ॥ ৩১ ॥

শ্রীদত্ত ॥ ৮ ॥

দ্বিতীয়স্কন্ধে ৭ অধ্যায়ে ৪ শ্লোকে ॥

অত্রি ঋষি পুত্র আকাঙ্ক্ষা করিয়া ভগবানের তপস্যা করিলে তিনি প্রসন্ন হইয়া ঐ ঋষিকে কহেন, আমিই তোমাকে আত্ম দান করিলাম অর্থাৎ তোমার পুত্র হইলাম,

যৎপাদ পঙ্কজ পরাগ পবিত্র দেহা
যোগর্দ্ধিমাপুরুভয়ীং যদুহৈহয়াদ্যাঃ ॥ ৩২ ॥
শ্রীপ্রথমে ॥
ষষ্ঠমত্রেরপত্যত্বং বৃতঃ প্রাপ্তোঽনসূয়য়া ॥

দর্শয়তি যস্য পাদপঙ্কজয়োঃ পরাগস্তেন পবিত্রা দেহা যেষাং তে উভয়ীং ঐহিকীং আমুষ্মিকীঞ্চ ভুক্তি মুক্তিরূপা মিত্যেষা। হৈহয়ঃ সহস্রবাহুরর্জ্জুনঃ ॥ ৩২ ॥

ষষ্ঠমিত্যত্র টীকা অত্রেরপত্যত্বং তেনৈব বৃতঃ সন্ প্রাপ্তঃ অত্রেরপত্যমভি কাঙ্ক্ষত আহ তুষ্ট ইতি বক্ষ্যমাণত্বাৎ কথং প্রাপ্তঃ অনসূয়য়া মৎ সদৃশাপত্য মিষেণ মামেবাপত্যং বৃতবানিতি দোষ দৃষ্টিমকুর্ব্বন্নিত্যর্থঃ। আন্বীক্ষিকীমাত্ম বিদ্যাং প্রহ্লাদাদিভ্যশ্চেত্যেষা। অত্র নচ অনসূয়য়া নাম্ন্যা অত্রিপত্ন্যা বৃতসন্নপত্যং প্রাপ্ত ইতি ব্যাখ্যানস্য তৎ সদৃশ পুত্রোৎপত্তিমাত্রমত্রিণা প্রকটং যাচিতমিতি চতুর্থস্কন্ধেন অত্রে স্বপত্যমিতি দ্বিতীয়স্কন্ধোক্তে নচ বিরোধা দসামঞ্জস্যমিতি বাচ্যং অনসূয়া ব্রবীন্নত্বা দেবান্ ব্রহ্মেশ কেশবান্। যদি যূয়ং

তাহাতেই তাঁহার নাম দত্তাত্রেয় হয়। ঐ অবতারে তিনি আপনার ভক্তগণকে যোগৈশ্বর্য্য দান করেন, তাহাতে হৈহয় প্রভৃতি লোকেরাও তাঁহার পাদপদ্মের পরাগ দ্বারা পবিত্র হইয়া ভোগ ও মোক্ষরূপ ঐহিক পারত্রিক সম্পত্তি প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩২ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

ষষ্ঠ দত্তাত্রেয়াবতারে অত্রি মুনি "আমার পুত্র হও" বলিয়া বরণ করাতে দোষ দৃষ্টি না করিয়া তাঁহার পুত্রত্ব স্বীকার

আন্বীক্ষিকীমলর্কায় প্রহ্লাদাদিভ্য উচিবানিতি ॥ ৩৩ ॥
শ্রীব্রহ্মাণ্ডেতু কথিতমত্রিপত্ন্যানসূয়য়া।
প্রার্থিতো ভগবানত্রেরপত্যত্বমুপেয়িবান্ ॥
তথাহি ॥
বরং দত্বানসূয়ায়ৈ বিষ্ণুঃ সর্ব্ব জগন্ময়ঃ।
অত্রেঃ পুত্রোঽভবত্তস্যাং স্বেচ্ছা মানুষবিগ্রহঃ।
দত্তাত্রেয় ইতি খ্যাতো যতিবেশ বিভূষিতঃ ॥ ৩৪ ॥

প্রপন্না মে বরার্হা যদি বাপ্যহং। প্রসাদাভিমুখাঃ সর্ব্বে মম পুত্রত্বমেষ্যথেতি শ্রীব্রহ্মাণ্ডপুরাণীয় পতিব্রতোপাখ্যানে তৎ কর্ত্তৃক বর প্রার্থনা শ্রুতেঃ। তস্মাট্টীকা ব্যাখ্যা দ্বিতীয় চতুর্থ স্কন্ধানুসারিণী প্রত্যেতব্যা কালভেদাদ্দ্বয়োঃ প্রার্থনেতি কেচিৎ তন্মতে কল্পভেদস্যৈব সামঞ্জস্যং অত্রে স্তপঃ ফলায়ত্তায় তস্মৈ তৎ পত্ন্যানুস্যূয়া যাচিতো ন কালভেদ ইত্যপরে ॥ ৩৩ ॥

বিবৃণোতি সার্দ্ধদ্বয়েন শ্রীব্রহ্মাণ্ডেত্বিতি অত্রানসূয়য়া দ্বারেণাবতারোঽয়ং শ্রীবিষ্ণোঃ মতান্তরেঽত্রি দ্বারেণ ॥ ৩৪ ॥

করেন। ঐ অবতারেই অলর্ক এবং প্রহ্লাদাদি ভক্তবৃন্দকে আত্ম বিদ্যার উপদেশ দেন ॥ ৩৩ ॥

শ্রীব্রহ্মাণ্ড পুরাণে বর্ণিত হইয়াছে, অত্রিপত্নী অনসূয়ার প্রার্থনায় ভগবান্ অত্রি ঋষির পুত্রত্ব স্বীকার করিয়াছিলেন ॥

তথাহি ব্রহ্মাণ্ড পুরাণে ॥

সর্ব্ব জগন্ময় ভগবান্ বিষ্ণু অনসূয়াকে বর প্রদান করিয়া স্বেচ্ছা বশতঃ মনুষ্য বিগ্রহ ধারণ পূর্ব্বক অত্রি মুনির পুত্র হইয়াছিলেন, এই অবতারে ইহাঁর নাম দত্তাত্রেয় হয় এবং ইনি যতি বেশে বিভূষিত ছিলেন ॥ ৩৪ ॥

শ্রীহয়শীর্ষা ॥ ৯ ॥

শ্রীদ্বিতীয়ে ॥

সত্রে মমাস ভগবান্ হয়শীর্ষাথো
সাক্ষাৎ স যজ্ঞপুরুষ স্তপনীয় বর্ণঃ ।
ছন্দোময়ো মখময়োঽখিল দেবতাত্মা
বাচো বভূবু রুশতীঃ শ্বসতোঽস্য নস্ত ইতি ॥ ৩৫ ॥
প্রাদুর্ভূয়ৈষ যজ্ঞাগ্নে র্দানবৌ মধুকৈটভৌ ।

সত্র ইত্যত্র টীকা হয়গ্রীবাবতারমাহ সত্র ইতি অথো ইত্যর্থান্তরে সএব সাক্ষাদ্ভগবান্ মম ব্রহ্মণঃ সত্রে যজ্ঞে হয়শীর্ষা আস তপনীয়ং স্বুবর্ণং তদ্বদ্বর্ণো যস্ত। ছন্দোময়ঃ বেদময়ঃ। অমৃতময় ইতি বা পাঠঃ। মখৈর্যজনীয়া যা অখিল দেবতা স্তদাত্মাচ। অস্য শ্বসতঃ শ্বাসং মুঞ্চতঃ নস্তঃ নাসাপুটাৎ উশতীঃ উশত্যঃ কমনীয়া বেদলক্ষণা বাচো বভূবুরিত্যেষা ॥ ৩৫ ॥

বিবৃণোতি প্রাদুর্ভূয়েষেতি এষ শ্রীহয়গ্রীবঃ। যজ্ঞাগ্নেঃ সকাশাদর্থাদ্

শ্রীহয়শীর্ষা ॥ ৯ ॥

দ্বিতীয়স্কন্ধে ৭ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হয়গ্রীবাবতারে সাক্ষাৎ যজ্ঞ পুরুষ সেই ভগবান্ হয়শীর্ষ অর্থাৎ অশ্বাকৃতি মস্তক ধারণ পূর্ব্বক আমার যজ্ঞে উপনীত হয়েন, তৎকালেও স্বুবর্ণ তুল্য তাঁহার বর্ণ দৃশ্য হইয়াছিল। আর বেদময় এবং বেদের বিধেয় যজ্ঞময় ও যজ্ঞের দ্বারা যজনীয় সমস্ত দেবতা স্বরূপে প্রকাশ পান্। তৎকালে নিশ্বাস ত্যাগ করিতে করিতে তাঁহার নাসাপুট হইতে কমনীয় বেদরূপ বাক্য সকল উৎপন্ন হইয়াছিল ॥ ৩৫

এই বাগীশ্বরীপতি হয়গ্রীব ব্রহ্মার যজ্ঞাগ্নি হইতে উৎ-

হত্বা প্রত্যানয়দ্বেদান্ পুনর্বাগীশ্বরীপতিঃ॥ ৩৬॥
শ্রীহংসঃ॥ ১০॥
শ্রীদ্বিতীয়ে॥
তুভ্যঞ্চ নারদ ভৃশং ভগবান্ বিবৃদ্ধ
ভাবেন সাধু পরিতুষ্ট উবাচ যোগং।
জ্ঞানঞ্চ ভাগবতমাত্ম সতত্ত্বদীপং

ব্রহ্মণঃ॥ ৩৬॥

তুভ্যঞ্চেত্যত্র টীকা হংসাবতারমাহ তুভ্যমিতি ভৃশং বিবৃদ্ধেন ভাবেন অত্যুদ্রিক্তয়া ভক্ত্যা পরিতুষ্টঃ সন্ ভক্তিযোগং সাধু যথা উবাচ জ্ঞানঞ্চেতি জ্ঞান সাধনং কিন্তুৎ ভাগবতং নাম কথং ভূতং তত্ত্বমেব সতত্ত্বং আত্মতত্ত্বদীপকং বিবৃদ্ধভাবেনেতি বিশেষণস্ত ফলমাহ যদিত্যেষা। বাসুদেব শব্দোঽত্র

পন্ন হইয়া মধুকৈটভ দানবদ্বয়কে সংহার পূর্ব্বক বেদ সকল প্রত্যানয়ন করিয়াছিলেন॥ ৩৬॥

শ্রীহংস॥ ১০॥

দ্বিতীয়স্কন্ধে ৭ অধ্যায়ে ১৯ শ্লোকে॥

ব্রহ্মা কহিলেন নারদ সেই ভগবান্ হংসাবতারে তোমার ঐকান্তিকী ভক্তি দেখিয়া পরিতুষ্ট হওত তোমাকে উত্তম রূপে যোগ এবং আত্মতত্ত্ব প্রকাশক ভাগবত জ্ঞান উপদেশ করেন, যেসকল ব্যক্তি বাসুদেবের শরণাপন্ন হয়েন,তাঁহাদেরই ঐ জ্ঞানে অধিকার আছে, তুমি ঐকান্তিকী ভক্তি দ্বারা তাঁহার শরণাগত হইয়াছিলে এই কারণে তোমাকে তিনি আপনিই

যদ্বাসুদেব শরণা বিদুরঞ্জসৈবেতি ॥ ৩৭ ॥
শক্তোঽখিল বিবেকে হ্যহং ক্ষীর নীর বিভাগবৎ।
ইতি ব্যঞ্জয়ং রাজহংসো ব্যক্তিং জলাদ্গতঃ ॥ ৩৮
শ্রীধ্রুবপ্রিয়ঃ ॥ ১১ ॥
তত্রৈব ॥
বিদ্ধঃ সপত্ন্যুদিত পত্রিভিরন্তিরাজ্ঞো
বালোপি সমুপগত স্তপসে বনানি।

শ্রীবিষ্ণুপরঃ ॥ ৩৭ ॥
বিবৃণোতি শক্তোঽখিলেতি। ইতি ব্যঞ্জন্নিতি ব্যঞ্জিতুং ॥ ৩৮ ॥
• বিবৃদ্ধ ইত্যত্র টীকা চরিত্রেণৈব কমপ্যবতারং সূচয়তি মাতুঃ সপত্ন্যাঃ সুরুচ্যা উদিতানি বাক্যান্যেব পত্রিণো বাণাস্তৈর্বিদ্ধো ধ্রুবঃ রাজ্ঞঃ উত্তানপদঃ অন্তি সমীপে তপসে তপ্তুং ধ্রুবগতিং ধ্রুবপদং যৎ যাং উপরিস্থাং অধস্তাৎ

শিক্ষা প্রদান করেন ॥ ৩৭ ॥
ক্ষীর নীর বিভাগের ন্যায় আমি অখিল বিবেক সমর্থ এই বলিয়া ভগবান্ রাজহংস মূর্ত্তি ধারণ পূর্ব্বক জল হইতে উদ্গত হইয়াছিলেন ॥ ৩৮ ॥

শ্রীধ্রুব প্রিয় ॥ ১১ ॥

দ্বিতীয়স্কন্ধে ৭ অধ্যায়ে ৮ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে নারদ! ধ্রুব উত্তানপাদ রাজার নিকটে বিমাতার বাক্যবাণে বিদ্ধ হওয়াতে বাল্যাবস্থাতেই তপস্যা করিবার নিমিত্ত বনে গমন করিয়া ভগবানের আরাধনায় প্রবৃত্ত হয়েন, তাহাতে ঐ ভগবান্ প্রসন্ন হইয়া স্তব-

তস্মা অদাদ্ধ্রুব গতিং গৃণতে প্রসন্নো
দিব্যাঃ স্তুবন্তি মুনয়ো যদুপর্য্যধস্তাদিতি ॥ ৩৯ ॥
স্বায়ংভুবে হ্যবতারোক্তে র্নাম্নশ্চ কথনাদিহ ।
যজ্ঞাদীনাঞ্চ তত্রোক্ত্যা পারিশেষ্য প্রমাণতঃ ।
প্রসিদ্ধ্যা প্রশ্নিগর্ভেতি তদাখ্যস্য নিগদ্যতে ।
হন্তায়মদ্রিরিত্যাদৌ পদ্যে গোবর্দ্ধনাদ্রিবৎ ॥
যথা শ্রীদশমে ॥

স্থিতাঃ দিবি ভবা দিব্যাঃ সপ্তর্ষয়ঃ স্তুবন্তি যদ্বা উপরি ভৃগ্বাদয়ঃ অধস্তাৎ সপ্তর্ষয় ইত্যেষা ॥ ৩৯ ॥

বিবৃণোতি স্বায়ম্ভুবে ইতি ॥ ৪০ ॥

কারি ঐ ধ্রুবকে ধ্রুবপদ প্রদান করেন, উপরে ভৃগু প্রভৃতি মুনি এবং অধঃ সপ্তঋষি যে পদের স্তব করিয়া থাকেন ॥ ৩৯ ॥

স্বায়ম্ভুব মন্বন্তরে এই অবতারোক্তির নামের অকথন প্রযুক্ত এবং ঐ মন্বন্তরে যজ্ঞাদির পারিশেষ্য প্রমাণ হেতু এই ধ্রুবপ্রিয়ের পৃশ্নিগর্ভ বলিয়া প্রসিদ্ধ আখ্যা কথিত হইয়াছে ॥

দশমস্কন্ধের ২১ অধ্যায়ে ১৮ শ্লোকে। হে গোপীগণ এই অদ্রি নিশ্চয় হরিদাস সকলের মধ্যে শ্রেষ্ঠ ইত্যাদি পদ্যে গোবর্দ্ধন পর্ব্বতের ন্যায় ॥

যথা শ্রীদশমে ৩ অধ্যায়ে ২৮ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন হে সতি! প্রথম জন্মে স্বায়ম্ভুব মন্বন্তরে তুমিই পৃশ্নি ছিলে, তৎকালে এই অকল্মষ বসুদেব সুতপা নামে প্রজাপতি হইয়াছিলেন ॥

ত্বমেব পূর্ব্ব সর্গেঽভূঃ পৃশ্নিঃ স্বায়ম্ভুবে সতি।
তদায়ং সুতপা নাম প্রজাপতিরকল্মষ ইতি ॥
অহং সুতো বামভবং পৃশ্নিগর্ভ ইতি স্মৃত ইতিচ ॥
অস্যাত্র চরিতানুক্ত্যা নামানুক্ত্যাচ তত্রবৈ।
পরস্পরমপেক্ষিত্বাদযুক্তা চৈকত্র সংগতিঃ ॥
অত্রাগমন মাত্রেণ যদি স্যাদবতারতা।
অন্যাত্রাপি প্রসজ্জেত যথেষ্টং তৎ প্রকল্পনা ॥ ৪০ ॥
শ্রীঋষভঃ ॥ ১২ ॥
শ্রীপ্রথমে ॥

শ্রীদশমে ৩ অধ্যায়ে ৩৩ শ্লোকে ॥

হে সতি! সেই জন্মে আমিই তোমার পুত্র হইয়াছিলাম, যে হেতু লোকে শীল ও ঔদার্য্যাদি গুণ দ্বারা আমার সমান কোন ব্যক্তিকেই দেখিতে পাই নাই, অতএব ঐ জন্মে পৃশ্নিগর্ভ বলিয়া বিখ্যাত হই ॥

এই পৃশ্নিগর্ভের যে স্থলে চরিত্রের অনুক্তি সে স্থলে নামেরও অনুক্তি জানিতে হইবে, যেহেতু পরস্পর অপেক্ষিত্ব প্রযুক্ত একত্র সঙ্গতি উপযুক্ত ॥

এস্থলে আগমন মাত্রে যদি অবতারতা হয়, তাহা হইলে অন্যত্রও সেই কল্পনা যথেষ্ট রূপে প্রসক্তি হয় ॥ ৪০ ॥

শ্রীঋষভ ॥ ১২ ॥

শ্রীপ্রথমে ৩ অধ্যায়ে ১৩ শ্লোকে ॥

অষ্টমে মেরুদেব্যান্তু নাভের্জাত উরুক্রমঃ।
দর্শয়ন্ বর্ত্ম ধীরাণাং সর্ব্বাশ্রম নমস্কৃতমিতি ॥ ৪১ ॥
শুক্লঃ পরমহংসানাং ধর্ম্মং জ্ঞাপয়িতুং প্রভুঃ।
ব্যক্তো গুণৈর্গরিষ্ঠত্বাদ্বিখ্যাত ঋষভাখ্যয়া ॥ ৪২ ॥
শ্রীপৃথুঃ ॥ ১৩ ॥
তত্রৈব ॥
ঋষিভির্যাচিতো ভেজে নবমং পার্থিবং বপুঃ।

অষ্টম ইত্যত্র টীকা সর্ব্বাশ্রম নমস্কৃতং পারমহংস্যং বর্ত্ম ধীরাণাং দর্শয়ন্ নাভেরগ্নীধ্রপুত্রাৎ ঋষভো জাত ইত্যেষা ॥ ৪১ ॥

বিবৃণোতি শুক্ল ইতি ॥ ৪২ ॥

ঋষিভিরিত্যত্র ভাবার্থদীপিকা পার্থিবং বপুঃ রাজদেহং পৃথুরূপং। পার্থব মিতি পাঠে পৃথোরিদং পার্থবং। ওষধী রিত্যুপলক্ষণং। ইমাং পৃথিবীং

অষ্টমে অগ্নীধ্র পুত্রের ঔরসে মেরুদেবীর গর্ভে ঋষভ হইয়া অবতীর্ণ হয়েন। এই অবতারে সুধীবর্গকে সর্ব্বাশ্রম নমস্কৃত বর্ত্ম অর্থাৎ পরম হংস সম্বন্ধীয় রীতি নীতি প্রদর্শন করেন ॥ ৪১ ॥

এই অবতার শুক্লবর্ণ, ইনি পরমহংসদিগের ধর্ম্ম প্রদর্শন জন্য আবির্ভূত হয়েন, গুণ দ্বারা শ্রেষ্ঠ বলিয়া ইহাঁর নাম ঋষভ হইয়াছিল ॥ ৪২ ॥

শ্রীপৃথু ॥ ১৩ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১৪ শ্লোকে ॥

ভগবান্ ঋষিগণের প্রার্থনায় পৃথুরূপ রাজদেহ ধারণ করিয়া

দুগ্ধেমাং হ্যোষধী বিপ্রা স্তেনায়ং স উশত্তম ইতি ॥ ৪৩ ॥
মথ্যমানান্মুনিগণৈ রসব্যাদ্বেণবাহুতঃ ।
প্রাদুর্ভূতো মহারাজঃ শুদ্ধ স্বর্ণ রুচিঃ পৃথুঃ ॥ ৪৪ ॥
আদ্যে ব্যক্তাঃ কুমারাদ্যাঃ পৃথ্বন্তাশ্চ ত্রয়োদশ ।
কোল মৎস্যৌ পুনর্ব্যক্তিং চাক্ষুষীয়েতু জগ্মতুঃ ॥ ৪৫ ॥
অথ শ্রীনৃসিংহঃ ॥ ১৪ ॥

সর্ব্বাণি বস্তূনি অদুগ্ধ অড়াগমাভাবস্থার্থঃ। হে বিপ্রাঃ তেন পৃথ্বী দোহনেন সোঽয়মবতার উশত্তমঃ কমনীয়তমঃ বশকাস্তাবিত্যাস্মাদিত্যোষা। বিপ্রা ইতি শ্রীসূত কর্ত্তৃক শৌনকাদি কর্ম্মক সম্বোধনং ॥ ৪৩ ॥

বিবৃণোতি মথ্যেতি অসব্যাৎ দক্ষিণাৎ বেণবাহুতঃ বেণবাহোঃ সকাশাৎ তদানীং শুদ্ধৈব বিশুদ্ধ সত্ত্বত্বং ॥ ৪৪ ॥

আদ্যে স্বায়ম্ভুবীয় মন্বন্তরে। কোলো বরাহঃ ॥ ৪৫ ॥

নবম অবতার গ্রহণ করেন, হে বিপ্রগণ! এই অবতারে ভগবান্ পৃথিবী হইতে ওষধি প্রভৃতি বস্তু সকল দোহন করিয়াছিলেন, এই কারণে এ অবতার সর্ব্বজনের অতিশয় কমনীয় ॥৪৩

মুনিগণ বেণরাজার বামবাহু মন্থন করিলে তাহা হইতে বিশুদ্ধ স্বর্ণদ্যুতি মহারাজ পৃথু আবির্ভূত হয়েন ॥ ৪৪ ॥

স্বায়ম্ভুবীয় মন্বন্তরে সনৎকুমারাদি পৃথু পর্য্যন্ত ত্রয়োদশ অবতার প্রকাশ হয়েন, কিন্তু চাক্ষুষ মন্বন্তরে বরাহ ও মৎস্য পুনরায় আবির্ভূত হইয়াছিলেন ॥ ৪৫ ॥

অথ শ্রীনৃসিংহ ॥ ১৪ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১৮ শ্লোকে ॥

তত্রৈব ॥

চতুর্দ্দশং নারসিংহং বিভ্রদ্দৈত্যেন্দ্রমূর্জ্জিতং।
দদার করজৈরূরাবেরকাং কটকৃদ্যথা ॥ ৪৬ ॥
অস্য লক্ষ্মীনৃসিংহাদ্যা বিলাসা বহবঃ স্মৃতাঃ।
তত্র পাদ্মপুরাণাদৌ নানা বর্ণ বিচেষ্টিতাঃ ॥ ৪৭ ॥
ষষ্ঠেঽন্তরে হ্যব্ধিমথনাৎ হরেঃ পূর্ব্ব ভাবিতা।

নারসিংহ রূপং বিভ্রৎসন্ করজৈর্নখৈঃ করণৈঃ দৈত্যেন্দ্রং হিরণ্যকশিপুং দদারেত্যন্বয়ঃ। এরকাং অগ্রন্থি তৃণ বিশেষং ॥ ৪৬ ॥

বিশেষরতি অস্যেতি। বিলাসত্বমবগময়তি নানেতি যদুক্তং তত্রৈব। নানাকারা নৃসিংহাস্তে নানা চেষ্টা সমন্বিতাঃ। জনলোকেচ বৈকুণ্ঠে নিত্যে ধাম্নি চকাসতীতি ॥ ৪৭ ॥

ষষ্ঠে চাক্ষুষীয়ে নৃসিংহস্য সমুদ্র মথনাৎ পূর্ব্বাবির্ভাবিত্বং পূর্ব্ব জন্ম।

চতুর্দ্দশে নৃসিংহ রূপ ধারণ করিয়া বল দর্পিত দৈত্যেন্দ্র হিরণ্যকশিপুকে ঊরুতে রাখিয়া কটকারী যদ্রূপ কট নির্ম্মাণার্থ গ্রন্থি রহিত তৃণ বিশেষ বিদীর্ণ করে তদ্বৎ নখ দ্বারা তাহার বক্ষঃস্থল বিদারণ করিয়াছিলেন ॥ ৪৬ ॥

এই নৃসিংহদেবের লক্ষ্মীনৃসিংহ প্রভৃতি বহু২ বিলাস মূর্ত্তি আছে, পদ্মপুরাণাদিতে ইহাঁর নানা বর্ণ ও নানা প্রকার চেষ্টা বর্ণন করিয়াছেন ॥ ৪৭ ॥

ষষ্ঠ চাক্ষুষ মন্বন্তরে সমুদ্র মথনের পূর্ব্বে নৃসিংহদেব আবির্ভূত হয়েন, অতএব কূর্ম্মাদির পূর্ব্বেই ইহাঁর প্রকাশ

অতঃ প্রাগেষ কূর্ম্মাদে র্ব্যক্তিং ষষ্ঠেঽন্তরে গতঃ ॥ ৪৮ ॥

শ্রীকূর্ম্মঃ ॥ ১৫ ॥

তত্রৈব ॥

সুরাসুরাণামুদধিং মথ্নতাং মন্দরাচলং।
দধ্রে কমঠ রূপেণ পৃষ্ঠ একাদশে বিভুরিতি ॥ ৪৯ ॥

পাদ্মে প্রোক্তং দধে ক্ষৌণীময়মেবার্থিতঃ সুরৈঃ।
শাস্ত্রান্তরেতু ভূধারী কল্পাদৌ প্রকটো ঽভবৎ ॥ ৫০ ॥

কূর্ম্মাদেঃ প্রাক্ এষ নৃসিংহঃ ॥ ৪৮ ॥

কমঠরূপেণ কূর্ম্মরূপেণ বিভুরজিতঃ পৃষ্ঠে পৃষ্ঠাবচ্ছেদে মন্দরাচলং দধ্রে দধারেত্যন্বয়ঃ ॥ ৪৯ ॥

বিশদয়তি পাদ্ম ইতি শাস্ত্রান্তরে বিষ্ণুধর্ম্মাদৌ কল্পাদৌ যো ভূধারী স প্রকটোঽভবৎ মন্দরং ধর্ত্তুমিত্যর্থঃ এষ পক্ষঃ সুলগ্নঃ উত্তর পক্ষস্তু সিদ্ধান্তিতত্বাৎ ॥ ৫০ ॥

হইয়াছিল ॥ ৪৮ ॥

শ্রীকূর্ম্ম ॥

প্রথমস্কন্ধে ৩অধ্যায়ে ১৬ শ্লোকে ॥

একাদশ অবতারে কূর্ম্মরূপ পরিগ্রহ করেন। তৎকালে সুর এবং অসুরগণ সমুদ্র মন্থনে প্রবৃত্ত হইলে পৃষ্ঠ দ্বারা তাঁহাদের মন্থান দণ্ড রূপ মন্দার পর্ব্বত ধারণ করিয়াছিলেন ॥ ৪৯

বিষ্ণুধর্ম্মোত্তরে যে কূর্ম্ম কল্পের আদিতে ধরণী ধারণ করিয়াছিলেন, পদ্মপুরাণে বলিয়াছেন দেবগণের প্রার্থনায় তিনিই মন্দর পর্ব্বত ধারণ করেন ॥ ৫০ ॥

শ্রীধন্বন্তরি মোহিন্যৌ॥ ১৬॥ ১৭॥

ধান্বন্তরং দ্বাদশমং ত্রয়োদশমমেবচ।

অপায়য়ৎ সুরানন্যান্মোহিন্যা মোহায়ন্ স্ত্রিয়েতি॥ ৫১॥

তত্র ধন্বন্তরিঃ॥

ষষ্ঠেচ সপ্তমে চায়ং দ্বিরাবির্ভাবমাগতঃ॥ ৫২॥

ষষ্ঠেঽন্তরে হ্যব্ধি মথনাদ্ধৃতামৃত কমণ্ডলুঃ।

বিভ্রদিত্যন্তরেণান্বয়ঃ। দ্বাদশমং ধান্বন্তরং রূপং বিভ্রৎ ত্রয়োদশমঞ্চ মোহিনী রূপং বিভ্রৎ সুরানপায়য়ৎ সুধামিতি শেষঃ। কেন রূপেণ মোহিন্যা স্ত্রিয়া তদ্রূপেণেত্যর্থঃ কিং কুর্ব্বন্ অন্যানসুরান্ মোহয়ন্ মোহয়িতুং ধন্বরি রূপেণ সুধাক্ষোপাহরন্নিতি শেষঃ। টীকাচ দ্বাদশমাদি প্রয়োগ স্বার্থঃ ইত্যেষা। এতে ত্রয়োঽজিতস্তৈবাবতারাঃ॥ ৫১॥

ষষ্ঠে চাক্ষুষীয়ে সপ্তমে বৈবস্বতে চ॥ ৫২॥

প্রথম পক্ষং দর্শয়ন্নাহ ষষ্ঠ ইতি॥ ৫৩॥

শ্রীধন্বন্তরি ও মোহিনী॥ ১৬॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১৭ শ্লোকে॥

ভগবান্ দ্বাদশ এবং ত্রয়োদশ অবতারে ধন্বন্তরি রূপে প্রকাশ হইয়া অমৃত আহরণ পুরঃসর মোহিনী স্ত্রীরূপে অসুরগণকে মুগ্ধ করত দেবতাদিগকে সেই অমৃত পান করাইয়াছিলেন॥ ৫১॥

তন্মধ্যে ধন্বন্তরি॥

ষষ্ঠ চাক্ষুষ মন্বন্তরে এবং সপ্তম বৈবস্বত মন্বন্তরে ধন্বন্তরি দুইবার আবির্ভূত হয়েন॥ ৫২॥

ষষ্ঠ চাক্ষুষ মন্বন্তরে আয়ুর্ব্বেদ প্রবর্ত্তক শ্যামবর্ণ মূর্ত্তিতে

উদ্গতো দ্বিভুজঃ শ্যাম আয়ুর্ব্বেদ প্রবর্ত্তকঃ ॥ ৫৩ ॥
সপ্তমেচ তথা রূপঃ কাশিরাজসুতোঽভবৎ ॥ ৫৪ ॥
শ্রীমোহিনী ॥
দৈত্যানাং মোহনায়াসৌ প্রমোদায়চ ধূর্জটেঃ ।
অজিতো মোহিনী মূর্ত্ত্যা দ্বিরাবির্ভাবমাগতঃ ॥ ৫৫ ॥
ইতি ষষ্ঠেঽত্র চত্বারো নৃসিংহাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ৫৬ ॥
শ্রীবামনঃ ॥ ১৮ ॥
তত্রৈব ॥ ॥

দ্বিতীয় পক্ষমাহ সপ্তমেচেতি তথা রূপঃ ধৃত কমণ্ডলু দ্বিভুজ শ্যামরূপকঃ ॥৫৪
ধূর্জটেঃ শিবস্য ॥ ৫৫ ॥
চত্বারঃ শ্রীনৃসিংহ কূর্ম্ম ধন্বন্তরি মোহিন্যাখ্যা অবতারাঃ ॥ ৫৬ ॥

অমৃত কলস ধারণ পূর্ব্বক সমুদ্র মথন হইতে আবির্ভূত হইয়াছিলেন ॥ ৫৩ ॥

সপ্তম বৈবস্বত মন্বন্তরে পূর্ব্বোক্ত মূর্ত্তি ধারণ পূর্ব্বক কাশি রাজের পুত্র হইয়াছিলেন ॥ ৫৪ ॥

শ্রীমোহিনী ॥

ভগবান্ অজিত দৈত্যগণের মোহন ও শঙ্করের প্রমোদ নিমিত্ত মোহিনী মূর্ত্তিতে দুইবার আবির্ভূত হয়েন ॥ ৫৫ ॥

অতএব ষষ্ঠ চাক্ষুষ মন্বন্তরে নৃসিংহ প্রভৃতি চারিটী মূর্ত্তি আবির্ভূত হয় ॥ ৫৬ ॥

শ্রীবামন ॥ ১৮ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ১৯ শ্লোকে ॥

পঞ্চদশং বামনকং কৃত্বাঽগাদধ্বরং বলেঃ।
পদত্রয়ং যাচমানঃ প্রত্যাদিৎসুস্ত্রিপিষ্টপমিতি ॥ ৫৭ ॥
বামন স্ত্রিরভিব্যক্তিং কল্পেঽস্মিন্ প্রতিপেদিবান্।
তত্রাদৌ দানবেন্দ্রস্য বাস্কলেরধ্বরং যযৌ ॥ ৫৮ ॥
ততো বৈবস্বতীয়েঽস্মিন্ধুন্ধোর্মখমসৌ গতঃ ॥ ৫৯ ॥

পঞ্চদশমিত্যত্র দীপিকা দুষ্টানাং মদং বাময়তি বামনকং হ্রস্বং রূপং বা। প্রত্যাদিৎসু স্তম্মাদাচ্ছিদ্য গৃহীতুমিচ্ছুরিত্যেবা। প্রথম পক্ষে স্বার্থে কঃ দ্বিতীয়ে নিন্দায়ামতিহ্রস্বমিত্যর্থঃ কৃত্বা প্রকটয্য ॥ ৫৭ ॥

ত্রিরুণোতি অস্মিন্ কল্পে শ্বেতবারাহে তত্র শ্বেতবারাহ মধ্যেত্যাদৌ স্বায়ম্ভুবীয় মন্বন্তরে ॥ ৫৮ ॥

বৈবস্বতীয়ে সপ্তম মন্বন্তরে ধুন্ধোরসুর ভেদস্ত তথাহুক্তং শ্রীবামনপুরাণে। ধুন্ধোর্যজ্ঞে বরারোহে ভগবান্ মধুসূদনঃ। দেহং বামনকং কৃত্বা গত্বা যাচত্রিপিষ্টপমিতি ॥ ৫৯ ॥

ভগবান্ পঞ্চদশাবতারে বামন মূর্ত্তি হইয়া বলিরাজকে স্বর্গ সুখে বঞ্চিত করিবার বাসনায় তাঁহার যজ্ঞে গমন করেন এবং তাঁহার নিকট ত্রিপাদ পরিমিত ভূমি যাচঞা করিয়াছিলেন ॥ ৫৭ ॥

শ্বেতবরাহ কল্পে ভগবান্ বামনদেব তিনবার আবির্ভূত হয়েন, ঐ শ্বেতবরাহ কল্পের আদি স্বায়ম্ভুব মন্বন্তরে দানবেন্দ্র বাস্কলের যজ্ঞে গমন করেন। তৎপরে সপ্তম বৈবস্বতীয় মন্বন্তরে ধুন্ধুনামা দানবেন্দ্রের যজ্ঞে উপনীত হয়েন ॥ ৫৯ ॥

অদিতৌ কশ্যপাদ্ব্যক্তিঃ সপ্তমেঽস্য চতুর্যুগে।
প্রতিগ্রহকৃতে জাতাস্ত্রয় এব ত্রিবিক্রমাঃ ॥ ৬০ ॥
শ্রীভার্গবঃ ॥ ১৯ ॥
তত্রৈব ॥
অবতারে ষোড়শমে পশ্যন্ ব্রহ্মদ্রুহো নৃপান্।
ত্রিঃসপ্তকৃত্ব কুপিতো নিঃক্ষত্রামকরোন্মহীমিতি ॥ ৬১ ॥
রেণুকা যমদগ্ন্যাভ্যাং গৌরো ব্যক্তিমসৌ গতঃ।

অস্য ব্যক্তিঃ প্রকাশঃ ॥ ৬০ ॥

অবতার ইত্যত্র টীকা পরশুরামাবতারমাহ অবতার ইতি। ত্রিস্ত্রিগুণং যথা ভবতি তথা সপ্তকৃত্বঃ সপ্তবারান্ একবিংশতি বারানিত্যর্থ ইত্যেষা। অবতারে শ্রীপরশুরামাভিধে কুপিতঃ সন্ নিঃক্ষত্রাং ক্ষত্রিয় রহিতাং ॥ ৬১ ॥

অস্য বৈবস্বত মন্বন্তরস্য তস্য ইতি বা পাঠঃ মত ভেদস্তু কল্পভেদাৎ ॥ ৬২ ॥

অপর বৈবস্বত মন্বন্তরের চতুর্বিংশতি চতুর্যুগে ভগবান্ দান গ্রহণ নিমিত্ত কশ্যপ হইতে অদিতে জন্ম স্বীকার করেন কিন্তু এই তিন বামনই ত্রিবিক্রম মূর্ত্তি ধারণ করিয়াছিলেন ॥ ৬০ ॥

শ্রীভার্গব ॥ ১৯ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ২০ শ্লোকে ॥

ভগবান্ পরশুরামাবতার হইয়া ক্ষত্রিয়গণের ব্রহ্মদ্রোহ দর্শনে কোপ পরতন্ত্র হইয়া একবিংশতিবার পৃথিবীকে নিক্ষত্রিয়া করেন ॥ ৬১ ॥

কেহ কেহ বলিয়া থাকেন বৈবস্বতীয় মন্বন্তরের সপ্তদশ চতুর্যুগে ভার্গবরাম রেণুকা ও যমদগ্নি হইতে গৌরবর্ণ মুর্ত্তি

প্রাহুঃ সপ্তদশে কেচিদ্দ্বাবিংশেঽস্য চতুর্যুগে ॥ ৬২ ॥

শ্রীরাঘবেন্দ্রঃ ॥ ২০ ॥

তত্রৈব

নরদেবত্বমাপন্নঃ সুরকার্য্যচিকীর্ষয়া।

সমুদ্র নিগ্রহাদীনি চক্রে বীর্য্যাণ্যতঃ পরমিতি ॥ ৬৩ ॥

কৌশল্যায়াং দশরথান্নবদুর্ব্বাদলদ্যুতিঃ।

ত্রেতায়ামাবিরভবচ্চতুর্বিংশে চতুর্যুগে।

নরদেবত্বং নরপতিত্বং শ্রীরাঘব রূপেণেত্যর্থঃ। অতঃ পরমষ্টাদশে ॥ ৬৩ ॥

বিবৃণোতি সার্দ্ধেস্ত্রিভিঃ কৌশল্যায়ামিতি অত্র শ্রীদশরথাখ্য ভক্তদ্বারেণাবতারতাস্য ভরতেন সুমিত্রানন্দনাভ্যাং শ্রীলক্ষ্মণ শত্রুঘ্নাভ্যাঞ্চ সংযুতঃ সন্ ত্রেতায়ামাবিরভবন্নত্র জাতৈস্তৈঃ সহ তস্য স্বধাম্নি বর্ত্তমানাৎ। যদুক্তং স্কান্দে ॥ অযোধ্যায়াং সদা রামো লক্ষ্মণাদ্যৈ র্বিরাজতে। হনুমজ্জাম্বুবন্নীল সুগ্রীবাদ্যৈ র্মহাত্মভিরিতি। অত্র মহাত্মভি র্মহাপ্রকাশৈ স্তেষাং প্রকাশান্তরেণ কিষ্কিন্ধা-

---

ধারণ পূর্ব্বক আবির্ভূত হয়েন, অপর কেহ কেহ বলেন ঐ মন্বন্তরের দ্বাবিংশতি চতুর্যুগে আবির্ভূত হইয়াছিলেন ॥ ৬২ ॥

শ্রীরাঘবেন্দ্র ॥ ২০ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ২২ শ্লোকে ॥

অষ্টাদশ অবতারে দেবকার্য্য করিবার বাসনায় নরদেব অর্থাৎ রাঘবরূপ ধারণ করিয়া মহাবীরত্বের কার্য্য সমুদ্র নিগ্রহাদি করিয়াছিলেন ॥ ৬৩ ॥

বৈবস্বত মন্বন্তরের চতুর্বিংশতি চতুর্যুগের ত্রেতায় কৈকেয়ী তনয় ভরত এবং সুমিত্রানন্দন লক্ষ্মণ ও শত্রুঘ্নের সহিত

ভরতেন সুমিত্রায়া নন্দনাভ্যাঞ্চ সংযুতঃ ॥ ৬৪ ॥
অস্য শাস্ত্রে ত্রয়ো ব্যূহা লক্ষ্মণাদ্যা অমী স্মৃতাঃ ॥ ৬৫ ॥
ভরতোঽত্র ঘনশ্যামঃ সৌমিত্রী কনকপ্রভৌ ॥ ৬৬ ॥
পাদ্মে ভরত শত্রুঘ্নৌ শঙ্খচক্র তয়োদিতৌ ।

দিষু স্থিতত্বাৎ ॥ ৬৪ ॥

অস্য শ্রীরামস্য শাস্ত্রে শ্রীস্কান্দে শ্রীরামগীতায়ামিত্যর্থঃ তত্র শ্রীবাসুদেবত্বে নাস্য নির্ণীতত্বাত্রয়ঃ শ্রীশঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধাঃ শ্রীলক্ষ্মণ ভরত শত্রুঘ্নাঃ ক্রমেণ মন্তব্যাঃ তত্র স্থানান্তরে শ্রীরামস্য সাক্ষাৎ পুরুষত্বেনাভিধানাৎ প্রকরণ পাঠঃ। অন্যথা শ্রীবাসুদেবস্য ভগবত্ত্বেন পুরুষাণামতীতত্বাৎ প্রকরণ পাঠাসঙ্গতিঃ স্যাৎ ॥ ৬৫ ॥

সৌমিত্রী শ্রীলক্ষ্মণ শত্রুঘ্নৌ ॥ ৬৬ ॥

পাদ্ম ইতি পাদ্মে তু রামো ভগবন্নারায়ণ ইতীরিত ইতি বক্ষ্যমাণানুসন্ধানাৎ তত্র শ্রীনারায়ণত্বেনাস্যাভিধানাচ্চ চতুর্ব্যূহাবতারত্ব বাধো ন মন্তব্যঃ বাসুদেবস্য তত্র তদানীং প্রবেশস্যৌচিতত্বাৎ অতএব নৃসিংহ রাম কৃষ্ণেষু ষাড়্গুণ্যং পরি-

---

ভক্তরূপ দশরথ হইতে কৌশল্যায় নবদুর্ব্বাদল শ্যাম রামচন্দ্র আবির্ভূত হয়েন ॥ ৬৪ ॥

স্কন্দপুরাণীয় রামগীতায় এই রামচন্দ্রের সঙ্কর্ষণ প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ ব্যূহত্রয় রূপ লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্নকে জানিতে হইবে ॥ ৬৫ ॥

ভরত শ্যামবর্ণ এবং সুমিত্রানন্দন লক্ষ্মণ ও শত্রুঘ্ন ইহাঁরা গৌরবর্ণ হইয়াছিলেন ॥ ৬৬ ॥

পদ্মপুরাণে ভরত ও শত্রুঘ্নকে শঙ্খ, চক্র, আর শ্রীলক্ষ্মণ দেবকে অনন্ত বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

শ্রীলক্ষ্মণস্তু তত্রৈব শেষ ইত্যভিশব্দিতঃ ॥ ৬৭ ॥

শ্রীব্যাসঃ ॥ ২১ ॥

ততঃ সপ্তদশে জাতঃ সত্যবত্যাং পরাশরাৎ।

চক্রে বেদতরোঃ শাখা দৃষ্ট্বা পুংসোঽল্পমেধসঃ ॥ ৬৮ ॥

দ্বৈপায়নোঽস্মি ব্যাসানামিতি শৌরি র্যদূচিবান্।

পূরিতং ইত্যনে নাম্নোক্তমপি পরাবস্থত্বং সুসঙ্গতমেব তত্র পরাবস্থত্বং স্ব স্ব মূল স্বরূপাবস্থত্বমন্যথা কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যনেন বিরোধঃ স্যাৎ ॥ ৬৭ ॥

তত ইত্যত্র টীকা অল্পমেধসোঽল্প প্রজ্ঞান্ পুংসো দৃষ্ট্বা তদনুগ্রহার্থং শাখাশ্চক্র ইত্যেষা। সপ্তদশে অবতারে ॥ ৬৮ ॥

উচিবান্ শ্রীমদেকাদশাদৌ এব শ্রীব্যাসঃ ॥ ৬৯ ॥

তাৎপর্য্য। শ্রীরামচন্দ্র, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন এই মূর্ত্তি চতুষ্টয়কে ক্রমে বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই চতুর্ব্যূহ জানিতে হইবে, যে হেতু পদ্মপুরাণে শ্রীরামচন্দ্রকে নারায়ণ বলিয়া বর্ণন করিয়াছেন অতএব তৎকালীন শ্রীরামচন্দ্রে বাসুদেবের প্রবেশ প্রযুক্ত চতুর্ব্যূহের বাধ হয় নাই, যে হেতু নৃসিংহ রাম ও কৃষ্ণ ইহাঁরা ষড়ৈশ্বর্য্য পরিপূর্ণ ॥ ৬৭

শ্রীব্যাস ॥ ২১ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ২১ শ্লোকে ॥

ভগবান্ সপ্তদশ অবতারে পরাশরের ঔরসে সত্যবতীর অর্থাৎ মৎস্যগন্ধার গর্ভে ব্যাস রূপে অবতীর্ণ হয়েন এবং লোক সকলের বুদ্ধি অল্প দেখিয়া তাহাদের প্রতি সদয় হওত বেদরূপ তরুর শাখা বিস্তার করেন ॥ ৬৮ ॥

একাদশস্কন্ধে বিভূতি যোগে শ্রীকৃষ্ণ উদ্ধবকে বলিয়াছেন

অতো বিষ্ণুপুরাণাদৌ বিশেষেণৈব বর্ণিতঃ ॥ ৬৯ ॥

যথা ॥

কৃষ্ণদ্বৈপায়নং ব্যাসং বিদ্ধি নারায়ণং স্বয়ং।

কোহ্যন্যঃ পুণ্ডরীকাক্ষান্মহাভারত কৃদ্ভবেদিতি ॥ ৭০ ॥

শ্রূয়তেঽপান্তরতমা দ্বৈপায়নত্মগাদিতি।

কিং সাযুজ্যং গতস্তস্মিন্ বিষ্ণ্বংশঃ সোঽপি বাঽভবৎ।

তস্মাদাবেশ এবায়মিতি কেচিদ্বদন্তিচ ॥ ৭১ ॥

শ্রীরামকৃষ্ণৌ ॥ ২২ ॥ ২৩ ॥

শ্রীপ্রথমে ॥

কৃষ্ণেতি শ্রীমৈত্রেয়ং প্রতি শ্রীপরাশর বচনং ॥ ৭০ ॥

দ্বৈপায়ন্ত্বং দ্বৈপায়নত্বং ॥ ৭১ ॥

ব্যাস সকলের মধ্যে আমি দ্বৈপায়ন, অতএব বিষ্ণুপুরাণাদিতে এই ব্যাস বিশেষ রূপে বর্ণিত হইয়াছেন ॥ ৬৯ ॥

যথা বিষ্ণুপুরাণে ॥

কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসকে স্বয়ং নারায়ণ জানিতে হইবে, যে হেতু পুণ্ডরীকাক্ষ ব্যতিরেকে অন্য কোন্ ব্যক্তি মহাভারত প্রণয়ন করিতে সমর্থ হইতে পারে ? ॥ ৭০ ॥

শুনা যায় পরাশরের পিতা অপান্তরতমা দ্বৈপায়নত্ব প্রাপ্ত হয়েন। ইহাঁতে বিষ্ণুর সাযুজ্যগত অথবা ইনি বিষ্ণুর অংশই হইয়াছিলেন, অতএব কোন কোন ব্যক্তি বলেন এই ব্যাস বিষ্ণুর আবেশ স্বরূপ ॥ ৭১ ॥

শ্রীবলরাম এবং শ্রীকৃষ্ণ ॥ ২২ ॥ ২৩ ॥

একোনবিংশে বিংশতিমে বৃষ্ণিষু প্রাপ্য জন্মনী।
রামকৃষ্ণাবিতি ভুবো ভগবানহরদ্ভরমিতি ॥ ৭২ ॥
তত্র শ্রীরামঃ ॥
এষ মাতৃদ্বয়ে ব্যক্তো জনকাদ্বসুদেবতঃ।
যো নব্য ঘনসারাভো ঘনশ্যামাম্বরঃ সদা ॥ ৭৩ ॥

রামকৃষ্ণাবিত্যত্র টীকা বিংশতিতম ইতি বক্তব্যে তকারলোপশ্ছন্দোঽনুরোধেন। রামকৃষ্ণাবিত্যেবং নামনী জন্মনী প্রাপ্যেত্যেষা। শ্রীভগবানিতি-সাক্ষাচ্ছ্রী ভগবদাবির্ভাবোঽয়ং নতু পুরুষ সংজ্ঞস্যানিরুদ্ধস্যেতি বিশেষ প্রতিপত্ত্যর্থং তত্র তস্য সাক্ষাদ্রূপত্বাৎ শ্রীকৃষ্ণ রূপেণ নিজাংশ রূপত্বাৎ শ্রীরামরূপেণাপি ভারহারিত্বং ভগবত এবেত্যুভয়ত্রাপি ভগবানহরদ্ভরমিতি শ্লিষ্টমেব। অতঃ শ্রীরামস্যানিরুদ্ধাবতারত্বং প্রত্যাখ্যাতং শ্রীকৃষ্ণস্য মূল বাসুদেবত্বাৎ শ্রীরামস্য মূল সঙ্কর্ষণত্বাৎ যুক্তমেবচ তদিতি ॥ ৭২ ॥

এষ রামঃ মাতৃদ্বয় ইতি শ্রীরোহিণী দেবক্যোঃ। যদুক্তং শ্রীদশমে। দেবক্যা উদরে গর্ভং শেষাখ্যং ধাম মামকং। তৎ সন্নিকৃষ্য রোহিণ্যা উদরে সন্নিবেশয়েতি। নব্য ঘনসারভঃ নব্য কর্পূরাভঃ ॥ ৭৩ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ২৩ শ্লোকে ॥

একোনবিংশ এবং বিংশ অবতারে বৃষ্ণিবংশে রামকৃষ্ণ রূপে জন্ম গ্রহণ করিয়া ভূমির ভার হরণ করেন ॥ ৭২ ॥

তন্মধ্যে শ্রীবলরাম ॥

এই রাম বাসুদেব হইতে মাতৃদ্বয়ে অর্থাৎ দেবকী ও রোহিণীর গর্ভে জন্ম গ্রহণ করেন, ইনি নবীন কর্পূরবৎ শুভ্র বর্ণ এবং সর্ব্বদা নীলাম্বরধারী ॥ ৭৩ ॥

সঙ্কর্ষণো দ্বিতীয়ো যো ব্যূহো রামঃ স এবহি।
পৃথ্বীধরেণ শেষেণ সংভূয় ব্যক্তিমীয়িবান্ ॥ ৭৪ ॥
শেষো দ্বিধা মহীধারী শয্যারূপশ্চ শার্ঙ্গিণঃ।
তত্র সঙ্কর্ষণাবেশাদ্ভূভৃৎ শঙ্কর্ষণো মতঃ ॥ ৭৫ ॥
শয্যারূপ স্তথা তস্য সখ্যদাস্যাভিমানবান্ ॥ ৭৬ ॥
শ্রীকৃষ্ণঃ ॥
এষ মাতরি দেবক্যাং পিতুরানক দুন্দুভেঃ।

সম্ভূয় মিলিত্বা শেষেণেতি প্রতীয়মানয়া সহোক্ত্যা গৌণত্বমস্যদ্যোতিতং ॥৭
শেষং ভিনত্তি শেষো দ্বিবিধেতি ভূভৃৎ শেষঃ সঙ্কর্ষণো মতঃ আবেশ বেশিনোরভেদাৎ ॥ ৭৫ ॥
যথা ভূধারী সখ্য দাস্যাভিমানবান্ তথা তস্য শার্ঙ্গিণঃ শয্যা রূপোপি ত্যর্থঃ ॥ ৭৬ ॥
এষ শ্রীকৃষ্ণঃ দেবক্যাং দেবককন্যায়াং আনকদুন্দুভেঃ শ্রীবসুদেবা

যিনি সঙ্কর্ষণ নামক দ্বিতীয় ব্যূহ তিনিই এই রাম, ইনি ধরণীধর শেষ দেবের সহিত মিলিত হইয়া আবির্ভূত হয়েন ॥

শেষদেবের দুই মূর্ত্তি এক ধরণীধর দ্বিতীয় ভগবানের শয্যা রূপ। এই রামে সঙ্কর্ষণের আবেশ প্রযুক্ত ইহাঁকে সঙ্কর্ষণ বলা যায় ॥ ৭৫ ॥

ইহাঁতে শয্যারূপি শেষদেবের আবেশ হেতু ইনি শ্রীকৃষ্ণের সখ্যে এবং দাস্যে অভিমান করিয়া থাকেন ॥ ৭৬ ॥

শ্রীকৃষ্ণ ॥

পিতা বসুদেব হইতে মাতা দেবকীতে এই ঘনশ্যাম

প্রাদুর্ভূতো ঘনশ্যামো দ্বিভুজোপি চতুর্ভুজঃ ॥ ৭৭ ॥

বুদ্ধঃ ॥

তত্রৈব ॥

ততঃ কলৌ সংপ্রবৃত্তে সংমোহায় সুরদ্বিষাং।
বুদ্ধোনাম্নাঞ্জনসুতঃ কীকটেষু ভবিষ্যতীতি ॥ ৭৮ ॥

শ্রীনন্দনন্দনস্যাপি তদ্দ্বারেণাবির্ভাবাৎ। শেষ মতেষ্বেবং ব্যাখ্যেয়ং মাতরি শ্রীযশোদায়াং পিতুঃ শ্রীনন্দাৎ অসৌ দ্বিভুজঃ শ্রীনন্দনন্দনঃ প্রাদুর্ভূতঃ চতুর্ভুজস্তু শ্রীবসুদেব পুত্রঃ দেবক্যানকদুন্দুভেঃ সকাশাৎ প্রাদুর্ভূত ইতি যত্নঃ কার্য্যঃ পূর্ব্বাপর গ্রন্থ সঙ্গতেঃ। যদ্বা দেবক্যামিতি শ্লিষ্টং তথাচ শ্রীদেবক কন্যায়াং শ্রীযশোদায়াঞ্চেত্যর্থঃ যথোক্তমাদিপুরাণে। দ্বে নাম্নী নন্দভার্য্যায়া যশোদা দেবকীতিচ। অতঃ সখ্যমভূত্তস্যা দেবক্যা শৌরিজায়য়া। আনকদুন্দুভে রিত্যপি শ্লিষ্টং বসুদেবাৎ নন্দাচ্চ তয়ো র্জন্মকালে দুন্দুভি শ্রবণাৎ। অত্রোপ লক্ষণ তয়া বৃষ্ণীনাং বল্লভা মতা ইতি বদত্রাপি জহৎ স্বার্থবৃত্ত্যা শ্রীনন্দ গ্রহণং মুখ্যং জ্ঞেয়ং ॥ ৭৭ ॥

তত ইত্যত্র টীকা অঞ্জনস্য সুতঃ জিনসুত ইতি পাঠে জিনোপি স এব কীকটেষু মধ্যে গয়াপ্রদেশে ইত্যেষা ॥ ৭৮ ॥

শ্রীকৃষ্ণ প্রাদুর্ভূত হয়েন, ইনি দ্বিভুজ হইয়াও চতুর্ভুজ মূর্ত্তি প্রকাশ করিয়াছিলেন ॥ ৭৭ ॥

বুদ্ধ ॥ ২৪ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ২৪ শ্লোকে ॥

অনন্তর কলিযুগ প্রবৃত্ত হইলে অসুরগণের মোহ নিমিত্ত গয়া প্রদেশে অঞ্জনের পুত্র হইয়া বুদ্ধ নামে অবতীর্ণ হইবেন ॥ ৭৮ ॥

অসৌ ব্যক্তঃ কলেরব্দ সহস্র দ্বিতয়ে গতে।
মূর্ত্তিঃ পাটলবর্ণাস্য দ্বিভুজা চিকুরোজ্‌ঝিতা ॥ ৭৯ ॥
যদা সূত কথামাহ তদা বুদ্ধস্য ভাবিতা।
অধুনা বৃত্ত এবায়ং ধর্ম্মারণ্যে যদুদ্গতঃ ॥ ৮০ ॥

॥ ২৫ ॥

তত্রৈব।
অথাসৌ যুগসন্ধ্যায়াং দস্যুপ্রায়েষু রাজসু।
জনিতা বিষ্ণুযশসো নাম্না কল্কী জগৎপতিরিতি ॥ ৮১ ॥

বিবৃণোতি দ্বাভ্যাং অসাবিতি পাটলবর্ণা শ্বেতবর্ণা ॥ ৭৯ ॥
ভাবিতা ভবিষ্যত্তা অয়ং বুদ্ধো বৃত্তো জাতঃ ধর্ম্মারণ্যে গ্রামে ॥ ৮০ ॥
অথেতি যুগসন্ধ্যায়াং কলেরন্তে রাজসু দস্যুপ্রায়েষু সৎসু বিষ্ণুযশসো ব্রাহ্মণাৎ সকাশাৎ জনিতা জনিষ্যতি ॥ ৮১ ॥

এই বুদ্ধদেব কলির দুই সহস্র বৎসর গত হইলে আবির্ভূত হইয়াছিলেন, ইহাঁর মূর্ত্তি পাটল অর্থাৎ শ্বেত রক্ত মিশ্রিত বর্ণ, দ্বিভুজ ও মুণ্ডিত মস্তক ॥ ৭৯ ॥

যে সময় সূত কথা বলিয়াছে সেই সময় বুদ্ধদেবের আবির্ভাবত্ব, সম্প্রতি ইহাঁর জন্ম ধর্ম্মারণ্য গ্রামে হইয়াছিল ॥ ৮০ ॥

প্রথমস্কন্ধে ৩ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

অনন্তর কলির অবশেষে অবনীমণ্ডলস্থ রাজগণ সকলেই দস্যু তুল্য হইলে বিষ্ণুযশাঃ ব্রাহ্মণের ঔরসে জগৎপতি উৎপন্ন হইয়া কল্কি নামে বিখ্যাত হইবেন ॥ ৮১ ॥

পূর্ব্বং মনুর্দশরথো বসুদেবোঽপ্যসাবভূৎ।
ভাবী বিষ্ণুযশাশ্চায়মিতি পাদ্মে প্রকীর্ত্তিতং ॥ ৮২ ॥
ঐশ্বর্য্যং কল্কিন স্তস্য ব্রহ্মাণ্ডে সুষ্ঠু বর্ণিতং।
কৈশ্চিৎ কলৌ কলৌ বুদ্ধঃ স্যাৎ কল্কীচেত্যুদীর্য্যতে ॥ ৮৩
অষ্টৌ বৈবস্বতীয়েঽমী কথিতা বামনাদয়ঃ ॥ ৮৪ ॥

বিবৃণোতি দ্বাভ্যাং পূর্ব্বমিতি অসৌ বসুদেবঃ পূর্ব্বং দশরথশ্চাঽভবৎ পরতঃ অয়মপি বসুদেবোপি বিষ্ণুযশা ভবতীত্যন্বয়ঃ ॥ ৮২ ॥

কৈশ্চিৎ সংগ্রহকারৈঃ কলৌ কলৌ প্রতি কলিযুগে বুদ্ধঃ কল্কীচ স্যাদিত্যুদীর্য্যতে ইত্যন্বয়ঃ। অন্যৈস্তু অষ্টাবিংশচ্চতুর্যুগীয় কলাবিতি ভাবঃ ॥ ৮৩ ॥

পূর্ব্বোক্তান্ অবতারান্ গণয়ন্নাহ অষ্টাবিতি অষ্টৌ বামন পরশুরাম শ্রীরাম ব্যাস বলরাম কৃষ্ণ বুদ্ধ কল্কিনঃ ॥ ৮৪ ॥

পূর্ব্বে যিনি দশরথ হইয়া বাসুদেব হইয়াছিলেন তিনিই ভবিষ্যতে বিষ্ণুযশাঃ হইবেন পদ্মপুরাণে এই রূপ বর্ণন করিয়াছেন ॥ ৮২ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে কল্কিদেবের ঐশ্বর্য্য সুন্দর রূপে বর্ণিত হইয়াছে। কোন কোন সংগ্রহকার বলেন প্রতি কলিতে বুদ্ধ ও কল্কিদেবের অবতার, অন্য কতিপয় পণ্ডিতেরা বলেন কেবল বৈবস্বতীয় মন্বন্তরের অষ্টাবিংশতি চতুর্যুগের কলিতে বুদ্ধ ও কল্কী অবতীর্ণ হইয়াছিলেন ॥ ৮৩ ॥

বামন প্রভৃতি অর্থাৎ বামন, পরশুরাম, শ্রীরাম, ব্যাস, বলরাম, কৃষ্ণ, বুদ্ধ ও কল্কী এই আটটী বৈবস্বতীয় মন্বন্তরের অবতার কথিত হইল ॥ ৮৪ ॥

কল্পাবতারা ইত্যেতে কথিতাঃ পঞ্চবিংশতিঃ ।
প্রতিকল্পং যতঃ প্রায়ঃ সকৃৎ প্রাদুর্ভবন্ত্যমী ॥ ৮৫ ॥

॥ * ॥ ইতি কল্পাবতার বিবৃতিঃ ॥ * ॥

অথ মন্বন্তরাবতারাঃ ॥

মন্বন্তরাবতারোঽসৌ প্রায়ঃ শক্রারিহত্যয়া ।
তৎসহায়ো মুকুন্দস্য প্রাদুর্ভাবঃ সুরেষু যঃ ॥ ১ ॥
যুক্তে কল্পাবতারত্বে যজ্ঞাদীনামপি স্ফুটং ।
মন্বন্তরাবতারত্বং তত্তৎ পর্য্যন্তপালনাৎ ॥ ২ ॥

এতে পূর্ব্বোক্তাঃ শ্রীকুমারাদয়ঃ সকৃৎ একবারং প্রায় ইতি শ্রীমৎস্যা-দীনাং দ্বিরাবির্ভাবাৎ ॥ ৮৫ ॥

॥ * ॥ ইতি কল্পাবতার বিবৃতিঃ ॥ * ॥

তৎ সহায়ঃ সুরসহায়ঃ ॥ ১ ॥

যজ্ঞাদীনাং কল্পাবতারত্বে যুক্তেপি মন্বন্তরাবতারত্বং স্ফুটং ব্যক্তং তেষাং তত্বেনাভিব্যক্তেঃ ॥ ২ ॥

পূর্ব্বোক্ত কুমারাদি কল্পাবতারের সংখ্যা পঞ্চবিংশতি, ইহাঁরা প্রায় প্রতিকল্পে এক এক বার আবির্ভূত হয়েন কিন্তু শ্রীমৎস্য দুইবার আবির্ভূত হইয়াছিলেন ॥ ৮৫ ॥

॥ * ॥ ইতি কল্পাবতার প্রকরণ ॥ * ॥

অথ মন্বন্তরাবতার ॥

ইন্দ্রশত্রু বিনাশ নিমিত্ত মুকুন্দের যে মন্বন্তরাবতার তিনি প্রায় দেবগণ মধ্যে দেবসহায় রূপে আবির্ভূত হইয়াথাকেন ॥ ১

যজ্ঞাদির কল্পাবতারত্ব যোগ্য হইলেও তত্তৎ মন্বন্তর পর্য্যন্ত পালন নিমিত্ত তাঁহাদের মন্বন্তরাবতারত্ব প্রকাশ পায় ॥ ২ ॥

মন্বন্তরেষমী স্বায়ংভুবীয়াদিষমুক্রমাৎ।
অবতারাস্তু যজ্ঞাদ্যা বৃহদ্ভান্বন্তিমা মতাঃ ॥ ৩ ॥
প্রথমে স্বায়ম্ভুবীয়ে যজ্ঞঃ ॥ ১ ॥
যজ্ঞস্তু পূর্ব্বমেবোক্তস্তেন নাত্র বিলিখ্যতে ॥ ৪ ॥
দ্বিতীয়ে স্বারোচিষীয়ে বিভুঃ ॥ ২ ॥ ৫ ॥
যথা ষষ্ঠস্কন্ধে ॥

বৃহদ্ভান্বন্তিমাঃ বৃহদ্ভানু পর্য্যন্তাঃ ॥ ৩ ॥

পূর্ব্বং কল্পাবতার মধ্যে তেন উক্তত্বেন অত্র মন্বন্তরাবতারেষু ন লিখ্যতে তল্লিখনেনৈবাত্র লাভাদন্যথা পুনরুক্তি দোষ প্রসক্তিঃ স্যাৎ ॥ ৪ ॥

স্বারোচিষোঽগ্নেঃ পুত্রঃ স এব মনু স্তদীয়ে মন্বন্তরে ইত্যর্থঃ। তত্র প্রতি মন্বন্তর মন্বাদয়ঃ ষড়ন্যে ভবন্তি তথাহি শ্রীসূত দ্বাদশে বক্ষ্যতি। মন্বন্তরং মনুর্দেবো মনুপুত্রঃ সুরেশ্বরঃ। ঋষয়োঽংশাবতারশ্চ হরে ষড়্বিধ মুচ্যতে ইতি। তত্র মনু তদবতারৌ কথিতৌ অন্যে চতুষ্কাঃ স্বয়ং মন্তব্যাঃ। যদুক্তং। শ্রীমদষ্টমে। স্বারোচিষো দ্বিতীয়স্তু মনুরগ্নেঃ সুতোঽভবৎ। দ্যুমৎ সুষেন রোচিষ্মৎ প্রমুখা স্তস্য চাত্মজাঃ। তত্রেন্দ্রো রোচন স্ত্বাসীদ্দেবাশ্চ তুষিতাদয়ঃ। ঊর্জস্তম্ভাদয়ঃ সপ্ত ঋষয়ো ব্রহ্মবাদিন ইতি ॥ ৫ ॥

স্বায়ম্ভুবীয়াদি চতুর্দ্দশ মন্বন্তরে ক্রমে যজ্ঞাদি বৃহদ্ভানু পর্য্যন্ত চৌদ্দটী মন্বন্তরাবতার হয়, প্রথম স্বায়ম্ভুবীয় মন্বন্তরে যজ্ঞনাম্না মন্বন্তরাবতার ॥ ১ ॥

কল্পাবতার প্রকরণে যজ্ঞাবতার বর্ণিত হইয়াছে, এ কারণ এ স্থলে পুনরায় লিখিত হইল না ॥ ৪ ॥

দ্বিতীয় স্বারোচিষ মন্বন্তরে বিভু নামে মন্বন্তরাবতার ॥২॥৫॥

যথা অষ্টমস্কন্ধে ১ অধ্যায়ে ১৭ শ্লোকে ॥

ঋষেস্তু দেবশিরস স্তুষিতা নাম পত্ন্যভূৎ ।
তস্যাং জাত স্ততোদেবো বিভুরিত্যভিবিশ্রুতঃ ॥ ৬ ॥
অষ্টাশীতি সহস্রাণি মুনয়ো যে ধৃতব্রতাঃ ।
অন্বশিক্ষন্ ব্রতং তস্য কৌমার ব্রহ্মচারিণঃ ॥ ৭ ॥
তৃতীয়ে উত্তমীয়ে সত্যসেনঃ ॥ ৩ ॥ ৮ ॥
ধর্ম্মস্য সুনৃতায়াস্তু ভগবান্ পুরুষোত্তমঃ ।

তস্যাং তুষিতায়াং ॥ ৬ ॥

বিভো রসাধারণং চরিতমাহ অষ্টাশীতীতি যে ধৃতব্রতো মুনয় স্তে কৌমার ব্রহ্মচারিণো বিভোঃ সকাশাৎ তস্য ব্রতং শিক্ষিতবন্ত ইত্যন্বয়ঃ যদ্বা তস্য স্থানে কৌমার ব্রহ্মচারিণো ব্রতং ॥ ৭ ॥

উত্তমো নাম মনুঃ প্রিয়ব্রতাত্মজ স্তদীয়ে। তথাহি তত্রৈব। তৃতীয় উত্তমো নাম প্রিয়ব্রতসুতো মনুঃ। পবনঃ সৃঞ্জয়ো যজ্ঞহোত্রাদ্যা স্তৎ সুতা নৃপাঃ। বশিষ্ট তনয়াঃ সপ্ত ঋষয়ঃ প্রমদাদয়ঃ। সত্যা বেদশ্রুতা ভদ্রা দেবা ইন্দ্রস্তু সত্যজিদিতি ॥ ৮ ॥

সত্যব্রতৈ র্মুনিভি র্দৈবৈ র্বা ॥ ৯ ॥

স্বারোচিষ মন্বন্তরে বেদশিরা ঋশির তুষিতা নামে যে পত্নী ছিলেন, তাঁহার গর্ভে ঐ ঋষি হইতে বিভু নামে বিখ্যাত দেব উৎপন্ন হয়েন ॥ ৬ ॥

ঐ বিভু কৌমার ব্রহ্মচারী হওয়াতে অষ্টাশীতি সহস্র ধৃত ব্রত মুনি তাঁহার নিকট ব্রত শিক্ষা করেন ॥ ৭ ॥

তৃতীয় উত্তম মন্বন্তরে সত্যসেন মন্বন্তরাবতার ॥ ৩ ॥ ৮ ॥

এই মন্বন্তরে ধর্ম্মের সুনৃতা নাম্নী পত্নীরগর্ভে ভগবান্ পুরু-

সত্যসেন ইতি খ্যাতো জাতঃ সত্যব্রতৈঃ সহ ॥ ৯ ॥
সোঽনৃত ব্রতদুঃশীলানসতো যক্ষ রাক্ষসান্।
ভূতদ্রুহো ভূতগণানবধীৎ সত্যজিৎ সখঃ ॥ ১০ ॥
চতুর্থে তামসীয়ে হরিঃ ॥ ৪ ॥ ১১ ॥
তত্রাপি যজ্ঞে ভগবান্ হরিণ্যাং হরিমেধসঃ।
হরিরিত্যাহৃতো যেন গজেন্দ্রো মোচিতোগ্রহাদিতি ॥ ১২

সত্যব্রত চরিতমাহ স সত্যসেনঃ সত্যজিত ইন্দ্রস্য সখা সন্ ॥ ১০ ॥

তামস উত্তমস্য তৃতীয় মনো র্ভ্রাতা তদীয়ে। যদুক্তং তত্রৈব। চতুর্থ উত্তম ভ্রাতা মনুর্নাম্নাচ তামসঃ। পৃথুখ্যাতি নরঃ কেতু রিত্যাদ্যা দশ তৎ সুতাঃ। সত্যকা হরয়ো বীরা দেবা স্ত্রিশিখ ঈশ্বরঃ। জ্যোতি র্ধামাদয়ঃ সপ্ত ঋষয় স্তামসেঽন্তরে। দেবা বৈধৃতয়ো নাম বিধৃতে স্তনয়ো নৃপ। নষ্টাঃ কালেন যৈ র্বেদা বিধৃতাঃ স্বেন তেজসেতি ॥ ১১ ॥

হরিরিত্যাহৃতো ব্যাহৃতঃ কথিত ইত্যর্থঃ ব্যাহার উক্তি র্লপিতমিত্যমরাৎ। গ্রাহাৎ কুম্ভীরাদিত্যর্থঃ। আহূত ইতি চিৎসুখ সম্মতঃ পাঠঃ ॥ ১২ ॥

ষোত্তম সত্যব্রতগণসহ উৎপন্ন হইয়া সত্যসেন নামে বিখ্যাত হয়েন ॥ ৯ ॥

সেই সত্যসেন সত্যজিৎ নামক ইন্দ্রের সখা হইয়া এবং ভূতদ্রোহি ভূত সকলকে বিনষ্ট করেন ॥ ১০ ॥

চতুর্থ তামস মন্বন্তরে হরি নাম্না মন্বন্তরাবতার ॥ ৪ ॥ ১১ ॥ এই মন্বন্তরে ভগবান্ বিষ্ণু হরিণীর গর্ভে হরিমেধস্ হইতে জন্ম গ্রহণ করিয়া হরি নামে বিখ্যাত হয়েন, ইনিই কুম্ভীর মুখ হইতে গজেন্দ্রকে মুক্ত করিয়াছিলেন ॥ ১২ ॥

স্মর্য্যতেহসৌ সদা প্রাতঃ সদাচার পরায়ণৈঃ।
সর্ব্বানিষ্ট বিনাশায় হরির্দন্তীন্দ্রমোচনঃ ॥ ১৩ ॥
পঞ্চমে রৈবতীয়ে বৈকুণ্ঠঃ ॥ ৫ ॥ ১৪ ॥
পত্নী বিকুণ্ঠা শুভ্রস্য বৈকুণ্ঠৈঃ সুরসত্তমৈঃ।
তয়োঃ স কলয়া জজ্ঞে বৈকুণ্ঠো ভগবান্ স্বয়ং ॥ ১৫ ॥

সদা প্রত্যহং ॥ ১৩ ॥

রৈবতশ্চতুর্থ মনোস্তামসস্য সোদর ভ্রাতা তদীয়ে। যদুক্তং তত্রৈব। পঞ্চমো রৈবতো নাম মনু স্তামস সোদরঃ। বলি বিন্ধ্যাদয় স্তস্য সুতা অর্জ্জুন পূর্ব্বকাঃ। বিভুরিন্দ্রঃ সুরগণা রাজন্ ভূতরয়াদয়ঃ। হিরণ্যরোমা বেদশিরা ঊর্দ্ধবাহাদয়ো দ্বিজা ইতি ॥ ১৪ ॥

তয়ো র্বিকুণ্ঠা শুভ্রয়োঃ স স্বয়ং ভগবান্ কলয়া বৈকুণ্ঠো নাম্না জজ্ঞে অংশস্যাজিতস্যাংশেন জাতত্বাৎ কলয়েত্যুক্তং। যদ্বা যেন স্বয়ং বৈকুণ্ঠো মহাবৈকুণ্ঠঃ কল্পিতঃ স ভগবান্ অজিতো বৈকুণ্ঠনামা সন্ কলয়া অংশেন জজ্ঞে ইতি পরেণান্বয়ঃ স্ব কলয়েতি পাঠে স্বস্য স্বাংশস্য যা কলা তয়া ইত্যর্থঃ ॥ ১৫ ॥

সদাচার পরায়ণ সাধুগণ সর্ব্ব প্রকার অনিষ্ট নিবারণ নিমিত্ত প্রত্যহ প্রাতঃকালে গজেন্দ্রবিমোচন হরিকে স্মরণ করিয়া থাকেন ॥ ১৩ ॥

পঞ্চম রৈবত মন্বন্তরে বৈকুণ্ঠ নামে মন্বন্তরাবতার ॥৫॥১৪॥

অষ্টমস্কন্ধে ৫ অধ্যায়ে ২ শ্লোকে ॥

শুভ্রের বিকুণ্ঠা নামে যে পত্নী ছিলেন, তাঁহার গর্ভে শুভ্রের ঔরসে ভগবান্ বৈকুণ্ঠ স্বয়ং বৈকুণ্ঠবাসি সুরগণ সহিত স্বীয় অংশে জন্ম গ্রহণ করেন ॥ ১৫ ॥

বৈকুণ্ঠঃ কল্পিতো যেন লোকো লোকনমস্কৃতঃ।
রময়া প্রার্থ্যমাণেন দেব্যা তৎপ্রিয়কাম্যয়েতি ॥ ১৬ ॥
মহাবৈকুণ্ঠলোকস্য ব্যাপকস্যাব্যয়াত্মনঃ।
প্রকটীকরণং সত্যোপরিকল্পনমুচ্যতে ॥ ১৭ ॥
ষষ্ঠে চাক্ষুষীয়েঽজিতঃ ॥ ৬ ॥ ১৮ ॥

রময়া বিভূতি রূপয়া ॥ ১৬ ॥

কল্পিত বস্তুনো বিনশ্যদবস্থত্বমাশঙ্ক্য বিবৃণোতি মহেতি সত্যোপরি সত্যোর্দ্ধে মহাবৈকুণ্ঠলোকস্য সর্ব্বোর্দ্ধ স্থিতস্য প্রকটীকরণং তর্হি তত্র সত্তা কিং তস্যে-ত্যাহ অব্যয়াত্মনঃ অব্যয় স্থানস্য কুতশ্চিদগমত্বরস্যেত্যর্থঃ। তর্হি কথমত্রা গতিঃ ইত্যাহ ব্যাপকস্য একত্রৈব স্থিত্বা সর্ব্বত্র ব্যাপিন ইত্যর্থঃ। অবিচিন্ত্য প্রভাবত্বাদিতি ভাবঃ।- যদুক্তং। অতঃ প্রভো প্রিয়াণাঞ্চ ধাম্নশ্চ সময়স্যচ। অবিচিন্ত্য প্রভাবত্বান্নাত্র কিঞ্চিৎ সুদুর্ঘটমিতি। যদ্বা প্রকাশেন তত্রাগতিঃ ॥ ১৭ ॥

চাক্ষুষো মনুঃ চক্ষুসঃ পুত্রঃ। তদীয়ে মন্বন্তরে। যদুক্তং তত্রৈব। ষষ্ঠশ্চ চক্ষুষঃ পুত্রশ্চাক্ষুষো নাম বৈ মনুঃ। পুরু পুরুষ সুদ্যুম্ন প্রমুখাশ্চাক্ষুষাত্মজাঃ। ইন্দ্রো মন্ত্রদ্রুম স্তত্র দেবা আপ্যাদয়ো গণাঃ। মুনয়স্তত্র বৈ রাজন্ হর্য্যম্ বীরকাদয় ইতি ॥ ১৮ ॥

ঐ বৈকুণ্ঠই রমাদেবীর প্রার্থনায় তদীয় প্রিয় করিতে বাসনা করিয়া লোকনমস্কৃত বৈকুণ্ঠলোক নির্ম্মাণ করেন ॥ ১৬ ॥

ইহা সত্যলোকের উপরিভাগে অব্যয় সর্ব্ব ব্যাপক মহাবৈকুণ্ঠলোকের প্রকাশ বলিয়া জানিতে হইবে ॥ ১৭ ॥

ষষ্ঠ চাক্ষুষ মন্বন্তরে অজিত নামে মন্বন্তরাবতার ॥৬॥১৮॥

তত্রাপি দেবঃ সম্ভূত্যাং বৈরাজস্যাভবৎ সুতঃ।
অজিতো নাম ভগবানংশেন জগদীশ্বরঃ॥ ১৯॥
পয়োধিং যেন নির্ম্মথ্য সুরাণাং সাধিতা সুধা।
ভ্রমমাণোঽম্ভসি ধৃতঃ কূর্ম্ম রূপেণ মন্দর ইতি॥ ২০॥
বৈবস্বতান্তরে ব্যক্তঃ পুরৈবোক্তঃ স বামনঃ॥ ৭॥

তত্রাপীতি তত্রাপি চাক্ষুষীয়ে মনৌ। ভগবান্ ঐশ্বর্য্যাদ্যংশবান্ যদ্বা অচিন্ত্যৈশ্বর্য্যঃ। জগদীশ্বরঃ গর্ভোদকশায়ী অংশেন অজিত নাম্নাভূদিত্যন্বয়ঃ॥ ১৯॥

তস্য লীলামাহ পয়োধিমিতি। যেনাজিতেন তস্যাপ্যবতারান্তরেণ লীলান্তরমাহ ভ্রমমাণোম্ভসীতি ভ্রমমাণঃ অস্থিরশ্চলমানঃ॥ ২০॥

বিবস্বতঃ শ্রীসূর্য্যস্য পুত্রঃ শ্রাদ্ধদেব নামা মনু স্তদীয়ে। যদুক্তং তত্রৈব। মনুর্ব্বিবস্বতঃ পুত্রঃ শ্রাদ্ধদেব ইতি স্মৃতঃ। সপ্তমো বর্ত্তমানো য স্তদপত্যানি মে শৃণু। ইক্ষাকু র্নভগশ্চৈব ধৃষ্টঃ শর্য্যাতিরেবচ। নরিষ্যন্তোঽথ নাভাগঃ সপ্তমো ধৃষ্ট উচ্যতে। বারুণশ্চ পৃষধ্রশ্চ দশমো বসুমান্ স্মৃতঃ। মনোর্ব্বৈব-

এই মন্বন্তরে বৈরাজের ঔরসে এবং দেবসম্ভূতির গর্ভে জগৎপতি ভগবান বিষ্ণু স্বীয় অংশে জন্ম গ্রহণ করিয়া অজিত নামে বিখ্যাত হয়েন॥ ১৯॥

ইনি সমুদ্র মন্থন করিয়া দেবতাদিগের নিমিত্ত সুধা সাধন এবং কূর্ম্ম রূপে জলমধ্যে ভ্রমণ করত মন্দর ধারণ করিয়াছিলেন॥ ২০॥

সপ্তম বৈবস্বত মন্বন্তরে বামনদেব মন্বন্তরাবতার॥ ৭॥

এই বামনদেবের চরিত্র পূর্ব্বে বর্ণিত হইয়াছে। এক্ষণে

ভবিষ্যাঃ সপ্ত কথ্যন্তে তে সাবর্ণান্তরাদিষু ॥ ২১ ॥
অষ্টমে সাবর্ণীয়ে সার্ব্বভৌমঃ ॥ ৮ ॥ ২২ ॥
দেবগুহ্যাৎ সরস্বত্যাং সার্ব্বভৌম ইতি প্রভুঃ।
স্থানং পুরন্দরাদ্ধৃত্বা বলয়ে দাস্যতীশ্বরঃ ॥ ২৩ ॥

স্বতস্তৈতে দশপুত্রাঃ পরন্তপ। আদিত্যা বসবো রুদ্রা বিশ্বেদেবা মরুদ্গণাঃ। অশ্বিনাবৃভবো রাজন্নিন্দ্র স্তেষাং পুরন্দরঃ। কশ্যপোত্রি বশিষ্ঠশ্চ বিশ্বামিত্রোহথ গৌতমঃ। জমদগ্নি র্ভরদ্বাজ ইতি সপ্তর্ষয়ঃ স্মৃতা ইতি ॥ ২১ ॥

সাবর্ণিঃ সূর্য্যাচ্ছায়ায়াং জাতঃ পুত্রঃ। যদুক্তং তত্রৈব। ছায়ায়াশ্চ সুতান্ শৃণু। সাবর্ণি স্তপতী কন্যা ভার্য্যা শম্বরণস্য যা। শনৈশ্চর স্তৃতীয়োঽভূদশ্বিনৌ বড়বাত্মজৌ। অষ্টমেন্তর আয়াতে সাবর্ণি র্ভবিতা মনুঃ। নির্ম্মোক বিরজস্কাদ্যাঃ সাবর্ণে স্তনয়া নৃপ। তত্র দেবাঃ সুতপসো বিরজা অমৃত প্রভাঃ। তেষাং বিরোচন সুতো বলিরিন্দ্রো ভবিষ্যতি। গালবো দিপ্তিমান্ রামো দ্রোণপুত্রঃ কৃপস্তথা। ঋষ্যশৃঙ্গঃ পিতাস্মাকং ভগবান্ বাদরায়ণঃ। ইমে সপ্তর্ষয় স্তত্র ভবিষ্যন্তি স্বযোগতঃ। ইদানীমাসতে রাজন্ স্বে স্ব আশ্রম মণ্ডল ইতি ॥ ২২ ॥

স্থানং পাকশাসন পদং যতঃ ঈশ্বরঃ কর্ত্তুমকর্ত্তুমন্যথা ক্ষম ইত্যর্থঃ ॥ ২৩ ॥

ভবিষ্য সাবর্ণ্যাদি সপ্ত মনুর অন্তর কীর্ত্তন করি ॥ ২১ ॥

অষ্টম সাবর্ণি মন্বন্তরে সার্ব্বভৌম মন্বন্তরাবতার ॥৮॥২২॥

অষ্টমস্কন্ধে ১৩ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

অষ্টম মন্বন্তরে দেবগুহ্য হইতে সরস্বতীর গর্ভে ভগবান্ অবতীর্ণ হইয়া সার্ব্বভৌম এই নামে বিখ্যাত হইবেন। সেই ঈশ্বর পুরন্দর সকাশাৎ স্থান হরণ করিয়া পুনরায় বলিকে সম্প্রদান করিবেন ॥ ২৩ ॥

নবমে দক্ষসাবর্ণীয়ে ঋষভঃ ॥ ৯ ॥ ২৪ ॥
আয়ুষ্মতোম্বুধারায়াম্ৃষভো ভগবান্ কিল ।
ভবিতা যেন সংরাদ্ধাং ত্রিলোকীং ভোক্ষ্যতে শ্রুতঃ ॥ ২৫
দশমে ব্রহ্মসাবর্ণীয়ে বিষ্বক্‌সেনঃ ॥ ১০ ॥ ২৬ ॥
বিষ্বক্‌সেনো বিষুচ্যাস্তু শম্ভোঃ সখ্যং করিষ্যতি ।

দক্ষসাবর্ণি র্ম্মনুর্বরুণ পুত্র স্তদীয়ে। যদুক্তং তত্রৈব। নবমো দক্ষসাবর্ণি র্ম্মনু র্বরুণ সম্ভবঃ। ভূতকেতু দী প্তিকেতু রিত্যাদ্যা স্তৎ সুতা নৃপ। পারা-মরীচি গর্ভাদ্যা দেবা ইন্দ্রঃ শ্রুতঃ স্মৃতঃ। দ্যুতিমৎ প্রমুখা স্তত্র ভবিষ্যন্ত্যৃষয় স্তত ইতি ॥ ২৪ ॥

শ্রুত ইন্দ্রঃ যেন ঋষভেণ সংরাদ্ধাং সংরক্ষিতাং ত্রিলোকীং ভোক্ষ্যতে ॥ ২৪

ব্রহ্মসাবর্ণির্ম্মনুরুপশ্লোকস্য পুত্র স্তদীয়ে। যদুক্তং তত্রৈব। দশমো ব্রহ্মসাবর্ণিরুপশ্লোক সুতো মহান্। তৎসুতা ভূরিসেনাদ্যা হবিষ্মৎ প্রমুখা দ্বিজাঃ। হবিষ্মান্ সুকৃতঃ সত্যো জয়ো মূর্ত্তিস্তদা দ্বিজাঃ। সুবাসন বিরুদ্ধাদ্যা দেবাঃ শম্ভুঃ সুরেশ্বর ইতি ॥ ২৬ ॥

বিশ্বজিতো গৃহে ক্ষেত্রে বিষুচ্যাং জাতঃ সন্ শম্ভোস্তদানীমিন্দ্রত্বেনাবগতস্য

নবম দক্ষসাবর্ণি মন্তন্বরে ঋষভ নামে মন্বন্তরাবতার ॥ ৯ ॥

অষ্টমস্কন্ধে ১৩ অধ্যায়ে ১১ শ্লোকে

নবম মন্বন্তরে আয়ুষ্মান্ হইতে অম্বুধারার গর্ভে ভগবান্ বিষ্ণু জন্মগ্রহণ করিয়া সেই ঋষভনামে বিখ্যাত হইবেন, যিনি তৎকালীন অদ্ভুত নামক ইন্দ্রকে সর্ব্ব সম্পৎ সমৃদ্ধা ত্রিলোকী ভোগ করাইবেন ॥ ২৫ ॥

দশম ব্রহ্মসাবর্ণি মন্বন্তরে বিষ্বক্‌সেন মন্বন্তরাবতার ॥১০॥২৬॥

দশম মন্বন্তরে ভগবান্ বিষ্ণু বিশ্বজিতের গৃহে বিসূচির গর্ভে

জাতঃ স্বাংশেন ভগবান্ গৃহে বিশ্বজিতো বিভুঃ ॥ ২৭ ॥
একাদশে ধর্ম্মসাবর্ণীয়ে ধর্ম্মসেতুঃ ॥ ১১ ॥ ২৮ ॥
আর্য্যকস্য সুতস্তত্র ধর্ম্মসেতুরিতি স্মৃতঃ ।
বৈধৃতায়াং হরে রংশো স্ত্রিলোকীং ধারয়িষ্যতি ॥ ২৯ ॥
দ্বাদশে রুদ্রসাবর্ণীয়ে সুধামা ॥ ১২ ॥ ৩০ ॥

সখ্যং সাহায্যং করিষ্যতি ॥ ২৭ ॥

ধর্ম্মসাবর্ণির্নাম মনুস্তদীয়ে। যদুক্তং তত্রৈব। মনু র্বৈ ধর্ম্মসাবর্ণিরেকাদশম আত্মবান্। অনাগতাস্তৎ সুতাশ্চ সত্যধর্ম্মাদয়ো দশ। বিহঙ্গমাঃ কামগমা নির্ব্বাণ রুচয়ঃ সুরাঃ। ইন্দ্রশ্চ বৈধৃত স্তেষামৃষয়শ্চারুণাদয় ইতি ॥২৮

ধারয়িষ্যতি পালয়িষ্যতি ॥ ২৯ ॥

রুদ্রসাবর্ণি নাম মনুস্তদীয়ে। যদুক্তং তত্রৈব। ভবিতা রুদ্রসাবর্ণি রাজন্ দ্বাদশমো মনুঃ। দেববানুপদেবশ্চ দেবশ্রেষ্ঠাদয়ঃ সুতাঃ। গন্ধধামাচ তত্রেন্দ্রো দেবাশ্চ হরিতাদয়ঃ। ঋষয়শ্চ তপোমূর্ত্তি স্তপস্ব্যাগ্নীধ্রকাদয় ইতি ॥ ৩০ ॥

অংশে জন্ম গ্রহণ করিয়া বিশ্বকৃসেন নামে প্রসিদ্ধ হইবেন, তৎকালীন শম্ভুনামক ইন্দ্রের সহিত তাঁহার সখ্য হইবেক ॥ ২৭ ॥

একাদশ ধর্ম্মসাবর্ণি মন্বন্তরে ধর্ম্মসেতু নামক মন্বন্তরাবতার ॥ ১১ ॥ ২৮ ॥

অষ্টস্কন্ধে ১৩ অধ্যায়ে ১৪ শ্লোকে ॥

একাদশ মন্বন্তরে ভগবান্ হরি অংশে বৈধৃতার গর্ভে জন্ম লইয়া আর্য্যকের পুত্র হওত ধর্ম্মসেতু নামে প্রসিদ্ধ হইবেন হে রাজন্! সে সময় হরির ঐ অংশই ত্রিলোকী ধারণ করিবেন ॥ ২৯ ॥

দ্বাদশ রুদ্র সাবর্ণি মন্বন্তরে সুধামা মন্বন্তরাবতার ॥ ৩০ ॥

সুধামাখ্যো হরেরংশঃ সাধয়িষ্যতি তন্মনোঃ।
অন্তরং সত্যসহসঃ সুনৃতায়াং সুতো বিভুঃ॥ ৩১॥
ত্রয়োদশে দেবসাবর্ণীয়ে যোগেশ্বরঃ॥ ১৩॥ ৩২॥
দেবহোত্রস্য তনয় উপহর্ত্তা দিবস্পতেঃ।

তস্য রুদ্রসাবর্ণে মনোরন্তরং সাধয়িষ্যতি সত্যসহসঃ পিতুঃ সুনৃতায়াশ্চ মাতুঃ সুতঃ সন্ সুনৃতায়ামিতি পাঠঃ চিৎসুখ সম্মতঃ তত্র সত্যসহসঃ পিতুঃ সকাশাৎ সুনৃতায়াং মাতরি সুতঃ প্রসূতঃ সন্॥ ৩১॥

অতএব এস্থলে ন্যূন হইতে ন্যূনে অর্থাৎ ন্যূন বাসুদেব হইতে ন্যূন যে ব্রহ্ম তাহাতে কৈমুতিক ন্যায় অবস্থিত হইল। যাঁহার আমাতে অনুগ্রহ এই স্থলে আমি যে ব্রহ্মা আশ্চর্য্য দর্শন হেতু আমার প্রতি অনেক প্রকার অনুগ্রহাতিশয় বিস্তার হইয়াছে। “স্বেচ্ছাময়স্য” এই পদে ভক্তদিগের অভিলাষ নিমিত্ত ভগবান্ নিখিল কর্ম্ম সকল করিয়া থাকেন। “নতু ভূতময়স্য” এই পদে শ্রীকৃষ্ণের প্রতি পুরুষাবতারত্ব খণ্ডিত হইল, যে হেতু এই পুরুষ সমস্ত জীবের পরমাশ্রয়॥ ২৯॥

“মনসান্তরেণ” এই পদে অন্তর শব্দের অর্থ নিরুদ্ধ অর্থাৎ মনের একাগ্রতা। যদিচ এই সকল বিশেষণ দ্বারা আপনাকে

ত্র কারিকে ॥

জ্ঞাতুং তথাপি নেশোঽস্মীত্যচিন্ত্যৈশ্বর্য্যতোদিতা ॥ ৩০ ॥

জানতা বাসুদেবাচ্চ ব্রহ্মতশ্চাধিকাধিকং।
মাহাত্ম্যং কৃষ্ণচন্দ্রস্য বিরিঞ্চেন সমর্থিতং ॥ ৩১ ॥

অতো মন্বক্ষর মনোর্ধ্যানে স্বায়ম্ভুবাগমে।
চত্বারো বাসুদেবাদ্যাঃ কৃষ্ণস্যাবৃতিরীরিতাঃ।
ক্রমাদি দীপিকায়াঞ্চ বস্বক্ষর মনোর্বিধৌ।
গোকুলেশাবৃতিত্বেন বাসুদেবাদয়ো মতাঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি বাসুদেবাদি ভ্রমো নিরাসঃ ॥ * ॥

বাসুদেবাচ্চেতি চকারাৎ পুরুষাদিত্যর্থঃ। সমর্থিতং ধ্বনিতং ॥ ৩১ ॥
মন্বক্ষর মনোশ্চতুর্দ্দশাক্ষর মন্ত্রস্য। আবৃতিরিতি পঞ্চ বৃক্ষা নৌ র্ভবন্তীতি বৎ বিধেয় তৈয়কত্বং। বস্বক্ষর মনোক্ষরষ্টার মন্ত্রস্য ॥ ৩২ ॥

জানিতে সমর্থ হয়, তথাপি আমি যে ব্রহ্মা আপনার অচিন্ত্য ঐশ্বর্য্য হেতু কিছুই জানিতে পারিলাম না ॥ ৩০ ॥

ব্রহ্মা বাসুদেব ও ব্রহ্ম এতদুভয়ের মাহাত্ম্য পরিজ্ঞাত হইয়া কৃষ্ণচন্দ্রের মাহাত্ম্য সর্ব্বাপেক্ষা অধিক ইহাই সমর্থন করিয়াছেন ॥ ৩১ ॥

অতএব স্বায়ম্ভুব আগমে চতুর্দ্দশাক্ষরি মন্ত্রের ধ্যানে বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই চার শ্রীকৃষ্ণের আবরণ দেবতা বলিয়া কীর্ত্তিত হইয়াছেন। অপর ক্রমদীপিকায় অষ্টাক্ষর মন্ত্রের বিধিতে বাসুদেবাদি চতুষ্টয় গোকুলেশ্বরের আবরণ দেবতা বলিয়া সম্মত হইয়াছেন ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণের প্রতি বাসুদেবাবতার ভ্রম নিরাস ॥ * ॥

নন্বু শ্রৈষ্ঠ্যং মুকুন্দস্য ব্রহ্মতো যুজ্যতে কথং।
যদ্ব্রহ্ম শ্রীভগবতো রৈক্যমেব প্রসিদ্ধ্যতি॥ ১॥
পুরুষঃ পরমাত্মাচ ব্রহ্মচ জ্ঞানমিত্যপি।
স একো ভগবানেব শাস্ত্রেষু বহুধোচ্যতে॥ ২॥
তথাচ স্কান্দে॥
ভগবান্ পরমাত্মেতি প্রোচ্যতেঽষ্টাঙ্গযোগিভিঃ।
ব্রহ্মেত্যুপনিষন্নিষ্ঠৈর্জ্ঞানঞ্চ জ্ঞানযোগিভিরিতি॥ ৩॥

কারিকা প্রাপ্তস্য শ্রীমহানারায়ণতঃ শ্রৈষ্ঠ্যাগোত্তর পক্ষাশ্রয়ত্বাদুদাহরণ পদ্যস্থ কৈমুতিক লব্ধাং ব্রহ্মণঃ শ্রেষ্ঠতাং নিরূপয়ন্নাহ নন্বিতি যুজ্যতে যুক্তং ভবতি যৎ যস্মাৎ ঐক্যং একত্বং॥ ১॥

তদেবানূদ্য শাস্ত্রার্থং দর্শয়তি পুরুষ ইতি পুরুষঃ প্রকৃতি দ্রষ্টা পরমাত্মা জীবনিয়ন্তা ব্রহ্ম সর্ব্বশক্তিমত্ত্বেঽপি নির্ব্বিকল্প জ্ঞান স্ফোরকত্বং। জ্ঞানং আবিদ্যক জ্ঞানাতিরিক্ত স্বরূপং॥ ২॥

শাস্ত্রমেব ভগবন্তমনূদ্য বিধেয়ানি দর্শয়ন্নাহ তথাচ স্কান্দে ইতি॥ ৩॥

অহে! ব্রহ্ম হইতে মুকুন্দের শ্রেষ্ঠতা কি রূপে যুক্ত হয়, যে হেতু ব্রহ্ম ও ভগবান্ এতদুভয়ে ঐক্যতা প্রসিদ্ধ আছে॥ ১॥

শাস্ত্র সকলে এক ভগবান্‌কে পুরুষ, পরমাত্মা, ব্রহ্ম ও জ্ঞান ইত্যাদি ভেদে বহুধারূপে কীর্ত্তন করিয়াছেন॥ ২॥

উক্ত বিষয় স্কন্দপুরাণে যথা॥

অষ্টাঙ্গ যোগি গণ ভগবান্ ও পরমাত্মা, উপনিষন্নিষ্ঠ বৈদান্তিকেরা ব্রহ্ম এবং জ্ঞানযোগি সকল জ্ঞান বলিয়া কীর্ত্তন করেন॥ ৩॥

প্রথমেচ ॥

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ং

অথ জ্ঞানমেবানূদ্য ব্রহ্ম পরমাত্ম ভগবতো বিধেয়ত্বেন নির্দ্দেষ্টুং প্রথম স্কন্ধপদ্যং দর্শয়তি বদন্তীতি অত্র দীপিকা ননুচ তত্ত্ব জিজ্ঞাসা নাম ধর্ম্ম জিজ্ঞা সৈব ধর্ম্ম এবহি তত্ত্বমিতি কেচিত্তত্রাহ বদন্তীতি তত্ত্ববিদস্ত তদেব তত্ত্বং বদন্তি কিং তজ্জ্ঞানং নাম অদ্বয়মিতি ক্ষণিক জ্ঞানপক্ষং ব্যাবর্ত্তয়তি ননু তত্ত্ববিদো হপি বিগীত বচনা এবমৈবং তস্যৈব তত্ত্বস্য নামান্তরৈরভিধানাদিত্যাহ ঔপ নিষদৈ ব্রহ্মেতি হৈরণ্যগর্ভৈঃ পরমাত্মেতি সাত্বতৈ ভগবানিতি অভিধীয়ত ইত্যেষা। নামান্তরৈরভিধানাদিতি বিভূতি তদংশাংশিনো শ্চাভেদাদিত্যর্থঃ আহুঃ শ্রীভগবৎ সন্দর্ভে তদেকমেবাখণ্ডানন্দ স্বরূপং তত্ত্বং থূৎ কৃত পারমেষ্ঠ্যাদি কানন্দ সমুদয়ানাং পরম হংসানাং সাধন বশাত্তাদাত্মমাপন্নে সত্যামপি তদীয় স্বরূপ শক্তি বৈচিত্র্যাং তদ্গ্রহণাসমর্থে চেতসি যথা সামান্যতো লক্ষিতং তথৈব স্ফুরদ্বা তদ্বদেবাবিবিক্ত শক্তিমত্তাভেদতয়া প্রতিপাদ্য মানং বা ব্রহ্মেতি শব্দ্যতে। তদেব তত্ত্বং স্বরূপ ভূতয়ৈব শক্ত্যা কমপি বিশেষং ধর্তৃং পরাসামপি শক্তীনাং মূলাশ্রয় রূপং তদনুভবানন্দ সন্দোহান্তর্ভাবিত তাদৃশ ব্রহ্মানন্দানাং ভাগবত পরমহংসানাং তথানুভবৈক সাধকতম তদীয় স্বরূপানন্দ শক্তি বিশেষাত্মক ভক্তি ভাবিতেষন্তর্বহিরপীন্দ্রিয়েষু পরিস্ফুরদ্বা তদ্বদেব বিবিক্ত তাদৃশ শক্তি শক্তিমতা বিভেদেন প্রতিপাদ্যমানং বা ভগবা নিতি শব্দ্যত ইতি শ্রীজীবগোস্বামী চরণাঃ। অত্রাপি ত এব তথা বিধ এব ভগবদ্রূপ পূর্ণাবির্ভাবং তত্ত্বং পূর্ব্বতজ্জীবাদি নিয়ন্তৃত্বেন স্ফুরদ্বা প্রতিপাদ্য

যথা প্রথম স্কন্ধে ২ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

তত্ত্ব জিজ্ঞাসা শব্দের অর্থ ধর্ম্ম জিজ্ঞাসা নয়, তত্ত্বজ্ঞ ব্যক্তিরা অদ্বয় জ্ঞানকেই তত্ত্ব বলিয়া থাকেন, সেই তত্ত্বের অনেক নাম যথা। বেদ ব্যবসায়িরা তাঁহাকে ব্রহ্ম এবং

ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ইতি ॥

সত্যমুক্তং শৃণু তত স্তৃতীয়স্কন্ধ কীর্ত্তিং ॥ ৪ ॥

যথা ॥

যথেন্দ্রিয়ৈঃ পৃথক্ দ্বারৈ রর্থো বহুগুণাশ্রয়ঃ ।

মানং বা পরমাত্মেতি শব্দ্যত ইত্যাহুঃ ॥ ৪ ॥

জ্ঞানযোগশ্চ মন্নিষ্ঠো নৈর্গুণ্যো ভক্তি লক্ষণঃ । দ্বয়োরপ্যেক এবার্থো ইতি তত্রত্য পূর্ব্বপদ্যে জ্ঞান যোগেন ভক্তিযোগবদ্ভ্য ভগবানেব প্রাপ্যতে ইতি নির্ণীয় সম্যঙ্ নির্দ্ধারয়িতু মাহ শ্রীকপিলদেবঃ অথেতি অত্র দীপিকা নন্থ জ্ঞান যোগস্যাত্ম লাভঃ ফলং শাস্ত্রেণাবগম্যতে ভক্তিযোগস্যতু ভজনীয়েশ্বর প্রাপ্তিঃ কুতস্তয়োরেকার্থত্বমিত্যাশঙ্ক্য দৃষ্টান্তেনোপপাদয়তি যথা বহুনাং রূপ রসাদিনাং গুণানামাশ্রয়ঃ ক্ষীরাদিরেক এবার্থো মার্গভেদ প্রবৃত্তৈরিন্দ্রিয়ৈ র্নানা প্রতীয়তে চক্ষুষা শুক্ল ইতি রসনেন মধুরঃ স্পর্শেন শীত ইত্যাদি তথা

হিরণ্যগর্ভোপাসকেরা পরমাত্মা, আর ভগবদ্ভক্তেরা তাঁহাকে ভগবান্ বলিয়া কীর্ত্তন করেন ॥

অহে। সত্য বলিয়াছ, অতএব তৃতীয় স্কন্ধে যাহা বলিয়াছেন বলি শ্রবণ কর ॥ ৪ ॥

যথা তৃতীয়ে ৩২ অধ্যায়ে ২৮ শ্লোকে ॥

কপিলদেব কহিলেন মা! শাস্ত্রে জ্ঞান যোগের ফল আত্মালাভ এবং ভক্তিযোগের ফল ভজনীয় ঈশ্বর প্রাপ্তি অবগত হইয়া এমত মনে করিবেন না যে ঐ দুইয়ের এক প্রয়োজন, যেমন বহু গুণের আশ্রয় ক্ষীরাদি এক বিষয় হইলেও ভিন্ন ভিন্ন মার্গে প্রবৃত্ত ইন্দ্রিয় গণ দ্বারা নানা প্রকারে প্রতীয়-

একো নানেয়তে তদ্বদ্ভগবান্ শাস্ত্রবর্ত্মভিরিতি ॥ ৫ ॥
তত্র কারিকাঃ ॥
তত্তৎ শ্রীভগবতোবং স্বরূপং ভূরি বিদ্যতে।
উপাসনানুসারেণ ভাতি তত্তদুপাসকে ॥
যথা রূপ রসাদীনাং গুণানামাশ্রয়ঃ সদা।
ক্ষীরাদিরেক এবার্থো জ্ঞায়তে বহুধেন্দ্রিয়ৈঃ ॥
দৃশা শুক্লো রসনয়া মধুরো ভগবাংস্তথা।
উপাসনাভি র্বহুধা স একোহপি প্রতীয়তে।
জিহ্বয়ৈব যথা গ্রাহ্যং মাধুর্য্যং তস্য নাপরৈঃ।

ভগবানেক এব তত্তদ্রূপেণাবগম্যত ইত্যেষা। অত্র শ্রীভগবানেবাঙ্গিত্বেন নিগদিতঃ সর্ব্বাংশ প্রত্যায়কত্বাদুক্তি যোগশ্চ স্থানীয়ো জ্ঞেয়ঃ ॥ ৫ ॥

এতৎ পরিপাটীমাহ অত্র কারিকা ইতি ॥ ৬ ॥

মান হয়, তাহার ন্যায় ভগবান্ বস্তুত এক, ভিন্ন ভিন্ন শাস্ত্র বর্ত্ম দ্বারা নানা প্রকারে প্রতীয়মান হয়েন ॥ ৫ ॥

এই বিষয়ে কারিকা যথা ॥

ভগবানেতে ভূরি ভূরি তৎ তৎ স্বরূপ বিদ্যমান আছে, উপাসনার অনুসারে উপাসকে প্রকাশ পাইয়া থাকে। যেমন ক্ষীরাদি সর্ব্বদা রূপ রস প্রভৃতি অনেক গুণের আশ্রয় হইলেও, ইন্দ্রিয়গণ দ্বারা এক অর্থই বহুধা রূপে পরিজ্ঞাত হয়, অর্থাৎ এক দুগ্ধ চক্ষুরিন্দ্রিয় দ্বারা শুক্লবর্ণ ও জিহ্বা দ্বারা মধুর স্বাদ অনুভব হয়, তদ্রূপ উপাসনার ভেদে ভগবান্ এক হইয়াও, বহু রূপে প্রতীয়মান হইয়া থাকেন।

অপর যেমন জিহ্বা দ্বারাই মাধুর্য্যানুভব হয়, অন্য ইন্দ্রিয়

যথাচ চক্ষুরাদীনি গৃহ্ণন্ত্যর্থং নিজং নিজং।
তথাঽন্যা বাহ্য করণ স্থানীয়োপাসনা হ্যখিলা।
ভক্তিস্তু চেতঃ স্থানীয়া তত্তৎ সর্ব্বার্থলাভতঃ।
ইতি প্রবর শাস্ত্রেষু তস্য ব্রহ্ম স্বরূপতঃ।
মাধুর্য্যাদি গুণাধিক্যাৎ কৃষ্ণস্য শ্রেষ্ঠতোচ্যতে॥ ৬॥
তথাপি ভূমন্ মহিমা গুণস্য তে
বিবোদ্ধু মর্হত্যমলান্তরাত্মভিঃ।

অত্র দীপিকা এবং তাবৎ সগুণনির্গুণযো রুভয়োরপি জ্ঞানং দুর্ঘটমিতি কথা শ্রবণাদিনৈব তৎপ্রাপ্তি র্নান্যথেত্যুক্তং ইদানীং যদ্যুভয়ো রবিশেষেণ তথাপি গুণাতীতস্য জ্ঞানং কথঞ্চিদ্ভবেৎ নতু সগুণস্য অচিন্ত্যানন্ত গুণত্বাদিতি স্তৌতি শ্লোকত্রয়েণ তথাপীতি হে ভূমন অপরিচ্ছিন্ন অগুণস্য তে মহিমা অমলাত্মভিঃ প্রত্যাহৃতৈরিন্দ্রিয়ৈর্বিবোদ্ধুং বোধগোচরী ভবিতুং অর্হতি

দ্বারা হয় না, আর যেমন চক্ষুরাদি ইন্দ্রিয় গণ স্ব স্ব বিষয় গ্রহণ করে, তদ্রূপ অন্য উপাসনা সকল বাহ্য ইন্দ্রিয় স্থানীয় কিন্তু ভক্তিই চিত্ত স্থানীয়, এতদ্দ্বারা তৎ সমুদায় অর্থ লভ্য হইয়া থাকে। অতএব প্রধান প্রধান শাস্ত্র সকলে ব্রহ্ম স্বরূপ হইতে মাধুর্য্যাদিগুণাধিক্য বশতঃ সেই শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠতা কথিত হইয়াছে॥ ৬॥

তথাচ শ্রীদশমে ১৪ অধ্যায়ে ৬। ৭ শ্লোকে॥

হে অপরিচ্ছিন্ন! যদিও সগুণ নির্গুণ উভয়ই অবিশেষে দুর্জ্ঞেয়, তথাপি প্রত্যাহৃত ইন্দ্রিয় সকল দ্বারা অগুণের মহিমা সহজে জ্ঞান গোচর হইবার সম্ভব, যে হেতু আত্মাকারান্তঃ

অবিক্রিয়াৎ স্বানুভবাদরূপতো
হ্যনন্য বোধ্যাত্ম তয়া নচান্যথা।
গুণাত্মনস্তেপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য।

যোগো ভবতি। অথবা বিবোদ্ধুং জ্ঞাতু মর্হতি অর্হতে শক্যত ইত্যর্থঃ। যদ্বা মহিমেতি মহিমানং কশ্চিদ্বোদ্ধু মর্হতীত্যর্থঃ কথং স্বানুভবাৎ আত্মাকারান্ত করণ সাক্ষাৎকারাৎ, নন্বন্তঃ করণমপি সবিকারমেব বিষয়ী করোতীতি কথমাত্মাকারতা ভবেদিত্যত আহ অবিক্রিয়াদিতি বিক্রিয়া বিশেষাকারস্তদ্রহিতাৎ বিশেষ পরিত্যাগ এবাত্মাকারতেত্যর্থঃ। নন্বন্তঃ করণ সাক্ষাৎকার বিষয়ত্বে অনাত্মত্ব প্রসঙ্গঃ স্যাদত আহ অরূপত ইতি রূপং বিষয়ঃ অবিষয়াৎ বৃত্তি বিষয়ত্বমেবাত্মনো ন ফল বিষয়ত্বং অতো নায়ং দোষ ইতি ভাবঃ কথং তর্হি স্ফূর্ত্তিঃ অনন্য বোধ্যাত্ম তয়া স্বপ্রকাশিতত্বেনৈব নত্বন্যথা ইদং তদিতি বিষয়ত্বেনেত্যর্থঃ। অথবা মা সম্পত্তোঽস্য তয়া লক্ষ্মীরপি।

করণের সাক্ষাৎকার হইয়া থাকে। বিশেষাকার রহিত হওয়াতে ঐ আত্মকারতা অসম্ভব নহে। পরন্তু যদিও অন্তঃ করণ সাক্ষাৎ কারের বিষয়, তথাপি ফল বিষয় না হওয়াতে অনাত্মত্ব প্রসক্তি নাই। প্রভো! স্ব প্রকাশকত্ব হেতু উহার স্ফূর্ত্তি হইয়া থাকে, অন্য প্রকার হইলে তাহা হইত না॥

হে দেব! আপনি এই বিশ্বের হিতার্থ গুণাবিষ্কার পুরঃসর অবতীর্ণ এবং গুণ সকলের অধিষ্ঠাতা, আপনার গুণের বিশেষ বিবরণ দূরে থাকুক, "তাহা এতাবৎ" বলিয়া গণনা

কালেন যৈর্ব্বা বিমিতাঃ সুকল্পৈ
ভূপাংশবঃ খে মিহিকা দ্যুভাস ইতি ॥ ৭ ॥
ননু প্রাকৃত রূপত্বান্মৃগতৃষ্ণোপমাজুষাং।
গুণানাং গণনা ন স্যাদিতি কাত্র বিচিত্রতা ॥ ৮ ॥

অগুণস্য তে মহি মহিমানং অমলৈ রন্তর্ব্বৃত্তিভি রিন্দ্রিয়ৈরপি তথা যাদৃগ্বস্তুতঃ তেন রূপেণ বিবোদ্ধুং কিমর্হতি নার্হতোবেত্যর্থঃ। কথং তর্হি তদাহ স্বানুভবাদিত্যাদিনা উক্তাদ্যমেবৈতৎ। গুণাত্মনঃ গুণানা মাত্মনঃ গুণাধিষ্ঠাতুঃ তে তব পুনর্গুণান্ বিমাতুং এতাবন্ত ইতি গণয়িতুমপি কে ঈশিরে সমর্থা বভূবুঃ দূরতস্তদ্বিশেষ বার্ত্তা। কথম্ভূতস্য তব অস্য বিশ্বস্য হিতায় পালনায় বহুধা গুণাবিষ্কারেণাবতীর্ণস্য। ননু কালেন নিপুণৈঃ কিমশক্যমত আহ কালেনেতি বাশব্দো বিতর্কে সুকল্পৈ রতি নিপুণৈঃ বহু জন্ম কালেন ভূপরমাণবো বিমিতাঃ বিশেষেণ গণিতা ভবেযুঃ তথা খে মিহিকা হিমকণা অপি তথা দ্যুভাসঃ। দিবি নক্ষত্রাদি কিরণ পরমাণবোঽপীত্যেষা প্রকৃত গ্রন্থ সঙ্গত্যা বিলিখিতা তোষণী ব্যাখ্যা সাত্বত মত সম্মতা প্রস্তুত মত বিঘটিকা হতোঽত্র ন লিখিতা ॥ ৭ ॥

মৃগতৃষ্ণোপমাযুষাং মৃগতৃষ্ণা সাদৃশ্য ভাজাং ॥ ৮ ॥

করিতেও কোন্ ব্যক্তি সমর্থ হইবেক? ভগবন্! যে সকল নিপুণ ব্যক্তি কর্ত্তৃক বহু জন্ম ও বহু কালে ভূমির পরমাণু ও আকাশের হিমকণা এবং স্বর্গস্থ নক্ষত্রাদির কিরণ পরমাণুও পরিগণিত হয়, তাহারাও আপনার গুণ গণনায় সমর্থ নহে ॥৭

অহে! যখন প্রাকৃত রূপ হেতু মৃগতৃষ্ণা সাদৃশ্য ভজনাকারি গুণ সকলের গণনা হয় না, তখন এখানে আশ্চর্য্য কি? ॥ ৮

নৈবং গুণানামেতস্য প্রাকৃতত্বং ন বিদ্যতে।
তেষাং স্বরূপ ভূতত্বাৎ সুখরূপত্বমেবহি ॥ ৯ ॥
তথাহি ব্রহ্মতর্কে ॥
গুণৈঃ স্বরূপ ভূতৈস্তু গুণ্যসৌ হরিরীশ্বরঃ।
ন বিষ্ণো র্নচ মুক্তানাং কাপি ভিন্নো গুণো মতঃ ॥ ১০ ॥
বিষ্ণুপুরাণেচ ॥
সত্বাদয়ো ন সন্তীশে যত্রচ প্রাকৃতা গুণাঃ।

সিদ্ধান্তমাহ নৈবমিতি স্বরূপ ভূতত্বাৎ তৎ স্বরূপ রূপত্বাৎ ॥ ৯ ॥
বিষ্ণোর্গুণো বিষ্ণুনা ন ভিন্নো মুক্তানাঞ্চ গুণো মুক্তৈর্ন ভিন্নো মতঃ তত্তৎ স্বরূপত এব তত্তদ্‌গুণা ইত্যর্থঃ পদি ন্যায়েন সম্বন্ধি পদাক্ষেপাৎ। স্থান দ্বয়ে নঞ স্তাদৃশ তাৎপর্য্যকত্বাচ্চ তদেবং পূর্ব্বং তদৈশ্বর্য্যাদীনাং গুণানাং স্বরূপ মূলত্বং সাধিতং। তচ্চ তেষাং স্বরূপান্তরঙ্গ ধর্ম্মত্বাদ্যুক্তং। যথা জ্যোতিরন্তরঙ্গ ধর্ম্মাণাং তদীয় শুক্লাদি গুণানাং জ্যোতির্ভূতত্বমেব ন তম আদি রূপত্বং তদ্বৎ ॥ ১০ ॥

এরূপ আশঙ্কা করিও না সিদ্ধান্ত বলি শ্রবণ কর, শ্রীকৃষ্ণের গুণ সকলে প্রাকৃতত্ব নাই, তৎ স্বরূপ প্রযুক্ত সেই সকল গুণের সুখ রূপত্বই হইয়া থাকে ॥ ৯ ॥

যথা ব্রহ্মতর্কে ॥

স্বরূপ ভূত গুণ সকল দ্বারা ঈশ্বর হরি গুণবান্ হইয়া থাকেন, একারণ বিষ্ণু ও মুক্ত ব্যক্তিদিগের গুণ কখন ভিন্ন হয় না, তত্তৎ স্বরূপই হইয়া থাকে ॥ ১০ ॥

বিষ্ণুপুরাণে যথা ॥

যে ঈশ্বরে সত্বাদি প্রাকৃতগুণ সকল অবস্থিতি করে না,

স শুদ্ধঃ সর্ব্বশুদ্ধেভ্যঃ পুমানাদ্যঃ প্রসীদতু॥ ১১॥

তথা তত্রৈব॥

জ্ঞানশক্তিবলৈশ্বর্য্য বীর্য্যতেজাংস্যশেষতঃ।

ভগবচ্ছব্দবাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিঃ॥ ১২॥

পাদ্মেচ॥

যো হসৌ নির্গুণ ইত্যুক্তঃ শাস্ত্রেষু জগদীশ্বরঃ।

স ঈশঃ॥ ১১॥

জ্ঞানং সর্ব্বজ্ঞত্বং। শক্তিরিন্দ্রিয়াণাং পাটবং। বলং শরীরস্য পাঠবতা। ঐশ্বর্য্যং সর্ব্ব বশীকারিত্বং। বীর্য্যং মণিমন্ত্রাদেরিব প্রভাবঃ। তেজঃ কান্তিঃ। অশেষতঃ সামস্ত্যেনেত্যর্থঃ। ভগবচ্ছব্দ বাচ্যানি ভগবতো বিশেষণান্যে বৈতানি নতূপলক্ষণানীত্যর্থঃ॥ ১২॥

যোহসৌ জগদীশ্বরঃ শাস্ত্রেষু শ্রুতি স্মৃত্যাদিষু নির্গুণ উক্তঃ ইতি এতৎ উদিতং প্রাকৃতৈর্গুণহীনত্বং রহিতত্বমুচ্যত ইত্যন্বয়ঃ যদ্বা যো জগদীশ্বরো

সেই পুরুষ সমুদায় শুদ্ধ হইতেও শুদ্ধ অতএব তিনি প্রসন্ন হউন॥ ১১॥

পুনরায় বিষ্ণুপুরাণে যথা॥

জ্ঞান, শক্তি, বল, ঐশ্বর্য্য, বীর্য্য এবং তেজ ইত্যাদি সকল হেয় গুণাদি ব্যতিরেকে ভগবৎ শব্দের বিশেষণ জানিতে হইবেক॥ ১২॥

যথা পদ্মপুরাণে॥

শ্রুতি স্মৃতি শাস্ত্র সকলে যে এই জগদীশ্বরকে নির্গুণ বলিয়া কীর্ত্তন করিয়াছেন, তিনিই প্রাকৃত হেয় গুণ সকলে

প্রাকৃতৈর্হ্বেয় সংযুক্তৈ গুর্ণৈর্হীনত্বমুচ্যতে ॥ ১৩ ॥
শ্রীপ্রথমেচ ॥
ইমেচান্যেচ ভগবন্ নিত্যা যত্র মহাগুণাঃ।
প্রার্থ্যা মহত্বমিচ্ছদ্ভি ন বিয়ন্তিস্ম কর্হিচিদিতি ॥ ১৪ ॥
অতঃ কৃষ্ণোঽপ্রাকৃতানাং গুণানাং নিযুতাযুতৈঃ।
বিশিষ্টোঽয়ং মহাশক্তিঃ পূর্ণানন্দ ঘনাকৃতিঃ ॥ ১৫ ॥

ভবতি অসৌ স শ্রুত্যাদিষু নির্গুণ উক্তঃ ইত্যন্বয়ঃ ননু কিন্তাবন্নির্গুণত্বমিত্য পেক্ষায়ামাহ প্রাকৃতৈরিতি। গুণৈর্হীনঃ স উচ্যতে ইতি পাঠঃ ক্বচিৎ ॥ ১৩ ॥
ইমেচেত্যত্র টীকা এতে একোন চত্বারিংশৎ অন্যেচ ব্রহ্মণ্যত্ব শরণ্যত্বাদয়ো মহান্তো নিত্যাঃ সহজা নবিয়ন্তি নক্ষীয়ন্তে স্মেত্যেষা। ইমে পূর্ব্বোক্তাঃ সত্যাদয়োঽনহঙ্কৃত্যন্তা এক চত্বারিংশদ্ গুণা ইত্যর্থঃ ॥ ১৪ ॥
অত এভ্যঃ প্রমাণেভ্যঃ ॥ ১৫ ॥

বিরহিত বলিয়া উক্ত হইয়াছেন ॥ ১৩ ॥

প্রথম স্কন্ধে ১৬ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

পৃথিবী ধর্ম্মকে কহিলেন হে ভগবন্! এই এক চত্বারিংশৎ গুণ এবং ব্রহ্মণ্যত্ব শরণ্যত্ব ইত্যাদি মহৎ মহৎ গুণ যাঁহাতে স্বভাবতঃ উৎপন্ন হইয়া নিত্য বর্ত্তমান আছে, কখন ক্ষয় পায় না, যে সকল ব্যক্তি মহত্ব ইচ্ছা করেন তাঁহারা ঐ সকল গুণেরই প্রার্থনা করিয়া থাকেন ॥ ১৪ ॥

অতএব এই সকল প্রমাণ হইতে শ্রীকৃষ্ণ নিযুতাযুত অর্থাৎ অসংখ্য অপ্রাকৃত গুণ বিশিষ্ট এবং ইনি মহাশক্তি ও পূর্ণ আনন্দ ঘনমূর্ত্তি স্বরূপ ॥ ১৫ ॥

ব্রহ্ম নির্ধর্ম্মকং বস্তু নির্ব্বিশেষমমূর্ত্তিকং।
ইতি সূর্য্যোপমস্যাস্য কথ্যতে তৎপ্রভোপমং॥ ১৬॥
তথাচ শ্রীগীতাসু॥
যো মামব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে।
স গুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে॥ ১৭॥

তদ্ব্রহ্ম অস্য সূর্য্যোপমস্য প্রভোপমং কথ্যত ইত্যন্বয়ঃ॥ ১৬॥

যোমামিতি অব্যভিচারেণ জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রিতেন ভক্তিযোগেন প্রেম্না যো মাং সেবতে ভজতে স এতান্ গুণান্ সমতীত্য সম্যগুল্লঙ্ঘ্য ব্রহ্মভূয়ায় নরাকৃতি পরব্রহ্মত্বং প্রাপ্তুং কল্পতে যোগ্যো ভবতি তুঙ্গর্ভাৎ কর্ম্মণ ইতি চতুর্থী সংশয় চ্ছেদনী কৃতস্ত ব্রহ্মভূয়ায় হিরণ্যগর্ভত্বায়েত্যাহুস্তচ্চিন্ত্যং গুণমার্গোপাসকানা মর্চ্চিরাদিমার্গেণ তৎপ্রাপ্তের্বেদান্তাদি সিদ্ধেঃ॥ ১৭।

অপর ব্রহ্ম নির্ধর্ম্মক বস্তু অর্থাৎ ব্রহ্ম কোন ধর্ম্ম বিশিষ্ট নহেন, ব্রহ্মের কোন বিশেষণ নাই, তিনি অবিশেষ এবং শরীর শূন্য, অতএব সূর্য্য ও প্রভা, এই দুইয়ের যদ্রূপ প্রভেদ, তদ্রূপ শ্রীকৃষ্ণে ও ব্রহ্মে উপমা জানিবে অর্থাৎ শ্রীকৃষ্ণ সূর্য্য স্থানীয় এবং ব্রহ্ম প্রভা স্থানীয়, এই মাত্র ভেদ॥ ১৬॥

এই রূপ ভগবদ্গীতায় বচন সকল আছে যথা॥

যে ব্যক্তি জ্ঞান কর্ম্মাদি অমিশ্রিত ভক্তি যোগ অর্থাৎ প্রেম ভক্তি দ্বারা আমাকে সেবা করে, সে এই সমুদায় গুণ হইতে নির্ম্মুক্ত হইয়া নরাকৃতি পরম ব্রহ্ম যে আমি আমাকে প্রাপ্ত হইতে যোগ্য হয়॥ ১৭॥

ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমমৃতস্যাব্যয়স্যচ।

নন্বু স্বদ্ভক্ত্যা কথমেতান্ তরতীত্যাহ ব্রহ্মণোহীতি বিবৃতমেতৎ শ্রীভগবৎ সন্দর্ভে হি যস্মাৎ ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠেতি পরম প্রতিষ্ঠাত্বেন শ্রুতৌ যৎ প্রসিদ্ধং তচ্চ তস্যামেব শ্রুতাবানন্দময়াঙ্গত্বেন দর্শিতং তস্য পুচ্ছত্ব রূপিতঃ ব্রহ্মণঃ আনন্দময়োহভ্যাসাদিতি সূত্রকার সম্মত পরব্রহ্ম ভাব আনন্দময়াখ্যঃ প্রচুর প্রকাশো রবিরিতিবৎ প্রচুর আনন্দ রূপঃ শ্রীভগবানহং প্রতিষ্ঠা যদ্যপি ব্রহ্মণো মমচ ন ভিন্ন বস্তুত্বং তথাপি শ্রীভগবদ্রূপেণৈবোদিতৈঃ ময়ি প্রতিষ্ঠাস্ত পরাকাষ্ঠেত্যর্থঃ স্বরূপ শক্তি প্রকাশেনৈব স্বরূপ প্রকাশাধিক্যার্হত্বাৎ নির্ব্বিশেষ ব্রহ্ম প্রকাশস্যাপ্যুপরি শ্রীভগবৎ প্রকাশ শ্রবণাৎ। অত একস্যাপি বস্তু নস্তথা প্রকাশভেদো রজনী খণ্ডিনে জ্যোতিষো মার্ত্তণ্ডস্য মণ্ডলস্তদাভস্তি স্তেদবদূৎ প্রেক্ষ্যঃ। অতো ব্রহ্ম প্রকাশস্যাপি মদধীনত্বাৎ কৈবল্যকামনয়া কৃতেন মদ্ভজনেন ব্রহ্মণি লীয়মানো ব্রহ্মধর্ম্মমপি প্রাপ্নোত্যতীর্থঃ। অত্র শ্রীবিষ্ণু পুরাণমপি সংপ্রবদতে। সুখাশ্রয়ঃ সচিত্তস্য সর্ব্বগস্য তথাত্মন ইতি। ব্যাখ্যাতঞ্চ তথাত্রাপি শ্রীস্বামিভিঃ। সর্ব্বগস্যাত্মনঃ পরব্রহ্মণোহপ্যাশ্রয়ঃ প্রতিষ্ঠা তদুক্তং শ্রীভগবতা ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতীতি। অত্রচ তৈ র্ব্যাখ্যাতং ব্রহ্মণোহহং প্রতিষ্ঠা ঘনীভূতং ব্রহ্মৈবাহং যথা ঘনীভূত প্রকাশ এব সূর্য্যমণ্ডলং তদ্বদিত্যর্থঃ ইতি অত্র চি প্রত্যয়স্ত তত্তদুপাসক হৃদি তৎ প্রকাশস্যাভূতত্বং ব্রহ্মণ উপচর্য্যত ইতীত্থমেব অত্রৈব প্রতিষ্ঠা প্রতিমেতি টীকা মৎসর কল্পিতা যতু তৎকৃতা। অসম্বদ্ধত্বাৎ নহি নির্ব্বিকারস্য ব্রহ্মণঃ প্রতিমা সম্ভবতি নচ তৎ প্রকাশস্য প্রতিমা সূর্য্যঃ। নচামৃতস্যাব্যয়স্যেত্যাদ্যনন্তর পাদত্রয়োক্তা নাং মোক্ষাদীনাং প্রতিমাত্বং ঘটতে ন বা শ্রুতিশৈলী বিষ্ণুপুরাণয়োঃ সম্বাদি তাপি তস্মান্ন সাদরণীয়া যদি স্বাদরণীয়া তদা তচ্ছন্দেনাপ্যাশ্রয় এব বাচনীয় ইতি শ্রীমজ্জীবগোস্বামি চরণৈঃ। শ্রুতি শৌলীতু স বা এষ পুরুষো হন্ন রস

যদি এরূপ আশঙ্কা কর তোমার ভক্তি দ্বারা কি রূপে এই সকল গুণ অতীত হইবে, তাহার সিদ্ধান্ত এই আমি স্বখন

শাশ্বতস্যচ ধর্ম্মস্য সুখস্যৈকান্তিকস্যচেতি ॥ ১৮ ॥

অত্র কারিকাঃ ॥ ১৯ ॥

স ব্রহ্মভাবমাসাদ্য লীলাবিগ্রহমাশ্রয়ন্।
মমানন্দ ঘনং প্রেম্না ভজেদিত্যয়মাশয়ঃ ॥ ২০ ॥
ভক্তেরব্যভিচারায়াঃ প্রেমসেবৈব যৎফলং।
কেবলং ব্রহ্মভাবস্তু বিশেষেণাপি লভ্যতে ॥ ২১ ॥

ময় ইত্যাদাবন্তরঙ্গান্তরঙ্গৈকৈকাগ্ন কথনান্তে ইদং পুচ্ছং প্রতিষ্ঠা পৃথিবীপুচ্ছং প্রতিষ্ঠা অথর্ব্বাঙ্গিরসঃ পুচ্ছং প্রতিষ্ঠা মহঃ পুচ্ছং প্রতিষ্ঠা ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠেত্যেষা। অক্ষরাৎ পরতঃ পর ইত্যেষাচ বিষ্ণুপুরাণং তাবৎ স ব্রহ্ম পারঃ পর পার ভূত ইত্যেতৎ শুভাশ্রয়ঃ। সচিত্তস্য সর্ব্বগস্য তথাত্মন ইত্যেতচ্চ ॥ ১৮ ॥

অত্র অনয়োঃ ॥ ১৯ ॥

প্রেম্নেতি ভক্তিযোগেনেত্যস্য বিবৃতিঃ ॥ ২০ ॥

যৎ যস্মাৎ ॥ ২১ ॥

ব্রহ্মের, নিত্য মুক্তির, শাশ্বত ধর্ম্মের ও ঐকান্তিক সুখের প্রতিষ্ঠা অর্থাৎ পরম আশ্রয়, তখন আমার ভক্তি দ্বারাই গুণ সকল হইতে মুক্ত হইবে ॥ ১৮ ॥

এই বিষয়ে কারিকা সকল যথা। ॥ ১৯ ॥

"যোমামব্যভিচারেণেতি" এই শ্লোকের বৃত্তি এই যে সেই জীব ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া অর্থাৎ লীলাবিগ্রহ আশ্রয় করিয়া আমি যে আনন্দঘন আমাকে প্রেম সহকারে ভজন করিবে, এই অভি প্রায় ॥ ২০ ॥

অব্যভিচারিণী ভক্তির প্রেম সেবাই ফল, যেহেতু কেবল শত্রুভাব দ্বারাই ব্রহ্ম ভাব লাভ হইয়া থাকে ॥ ২১ ॥

নন্বু তে যাদবস্যাস্য ভজনাদ্ব্রহ্মতা কথং।
ইত্যাহ ব্রহ্মণোহীতি হি যতোহহং পুরস্তব।
স্থিতোহয়ং বিবিধানন্দ পূর্ণচিদ্ঘন বিগ্রহঃ ॥ ২২ ॥
ব্রহ্মণশ্চিৎ স্বরূপস্য প্রতিষ্ঠা পরমাশ্রয়ঃ।
রবিস্তেজো ঘনাকারঃ করৌঘস্য যথা ভবেৎ ॥ ২৩ ॥
অমৃতেনাব্যয়েনেহ নিত্য মুক্তিরুদীর্য্যতে।
শাশ্বতেন তু ধর্ম্মেণ ভগবদ্ধর্ম্ম উচ্যতে ॥ ২৪ ॥
ঐকান্তিক সুখেনাত্র প্রেম ভক্তিরসোৎসবঃ।

দ্বিতীয় পদ্যং ব্যাচষ্টে নম্বিতি অয়মহং তব পুরঃস্থিতঃ ॥ ২২ ॥
করৌঘস্য কিরণ সমূহস্য যথা পরমাশ্রয়ো ভবেৎ ॥ ২৩ ॥
ইহ পদ্যে ॥ ২৪ ॥

যদি বল তুমি যাদব, তোমার ভজন হেতু কি রূপে ব্রহ্মতা লাভ হইবে। ইহার উত্তর এই "ব্রহ্মণোহীতি" হি শব্দের অর্থ যতঃ অর্থাৎ যে হেতু, অহং শব্দের অর্থ আমি তোমার অগ্রবর্ত্তি এই বিবিধ আনন্দ পরিপূর্ণ জ্ঞানঘন মূর্ত্তি রূপে অবস্থিত ॥ ২২ ॥

আমি জ্ঞান স্বরূপ ব্রহ্মের প্রতিষ্ঠা অর্থাৎ পরম আশ্রয়, যেমন তেজোঘন সূর্য্য কিরণ সমূহের আশ্রয় হয়েন, তদ্রূপ ॥ ২৩ ॥

উক্ত পদ্যে অব্যয় ও অমৃত পদে নিত্য মুক্তি এবং শাশ্বত ধর্ম্মপদে ভগবদ্ধর্ম্ম বলা যায় ॥ ২৪ ॥

ঐকান্তিক সুখ এই পদে প্রেমভক্তি রসের উৎসব

যেন মোক্ষসুখস্যাপি তিরস্কারো বিধীয়তে ॥ ২৫

কিঞ্চ ব্রহ্মসংহিতায়াং ॥

যস্য প্রভা প্রভবতো জগদণ্ড কোটি
কোটিষ্বশেষ বসুধাদি বিভূতি ভিন্নং
তদ্ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং

যেন প্রেমভক্তিরসোৎসবেন ॥ ২৫ ॥

যস্য গোবিন্দস্য প্রভা কান্তিঃ তদ্ব্রহ্ম তং গোবিন্দং ভজামীত্যন্বয়ঃ। অত্র প্রভা মনুদ্য ব্রহ্মণো বিধেয়ত্বেন নির্দ্দিষ্টত্বাৎ তস্যচ তদ্বিভূতিত্বেন পর্য্যবসানতেত্যাহ অশেষা বসুধাদ্যা যা বিভূতয়স্তাভির্ভিন্ন' ভেদং প্রাপ্তং যৎ বিভূত্যন্তঃ পাতাপি ধরাদ্যাভিঃ সহ ভিন্নমিত্যর্থঃ। যদুক্তমেকাদশে বিভূতি প্রসঙ্গ এব। পৃথিবী বায়ুরাকাশ আপোজ্যোতি রহং মহান্। বিকারঃ পুরুষোব্যক্তং রজঃ সত্বং তমঃ পরমিতি। টীকাচ পরং ব্রহ্মচেত্যেষা। পৈঙ্গশ্রুতাবপি তদ্গুণ পাতি ত্বেন শ্রূয়তে এষ স্ত্রোষ পুরুষ এব প্রকৃতিরেষ আত্মৈব ব্রহ্মৈব লোকএব আলোকো যোহসৌ হরিরাদিরনাদিরনন্তোহস্তঃ পরমঃ পরাদ্বিশ্বরূপ ইতি অতএবাবিগীত শিষ্টৈরপ্যুক্তং যদণ্ড মণ্ডান্তর গোচরঞ্চ যদ্দশোত্তরাণ্যাবরণানি যানিচ। গুণাঃ প্রধানং পুরুষঃ পরং পদং পরাৎপরং ব্রহ্মচ তে বিভূতয় ইতি ॥ ২৬ ॥

বুঝায়, ইহা দ্বারা মোক্ষ সুখও তিরস্কৃত হইয়া থাকে ॥ ২৫ ॥

অপর ব্রহ্মসংহিতায় যথা ॥

যে প্রভাব শালি গোবিন্দেব প্রভা অর্থাৎ স্বীয় কান্তি স্বরূপ অপরিসীম নিষ্কল ও অনন্ত বলিয়া প্রসিদ্ধ যে ব্রহ্ম, তনি কোটি কোটি ব্রহ্মাণ্ড সকলে পৃথিবী বায়ু ও আকাশ প্রভৃতি বিভূতির সহিত ভেদ প্রাপ্ত হইয়াছেন; সেই গোবিন্দ আদি

গোবিন্দমাদি পুরুষং তমহং ভজামীতি ॥ ২৬ ॥
তত্র কারিকে ॥
নিষ্কলাদি স্বরূপং তদ্ব্রহ্মাণ্ডার্ব্বুদ কোটিষু।
বিভূতিভির্ধরাদ্যাভির্ভিন্নং ভেদমুপাগতং ॥ ২৭ ॥
সদা প্রভাব যুক্তস্য ব্রহ্ম যস্য প্রভা ভবেৎ।

উপাগতং প্রাপ্তং কর্ত্তরি ক্তঃ ॥ ২৭ ॥

যস্য গোবিন্দস্য। প্রকরণেঽস্মিন্নেতদুক্তং ভবতি যদ্যপ্যেক রূপেঽপি বস্তুনি স্বগত নানা বিশেষো বিদ্যতে তথাপি তাদৃশ শক্তি যুক্তায়া এব দৃষ্টেস্তত্তৎ সর্ব্ব বিশেষ গ্রহণে নিমিত্ততা দৃশ্যতে নত্বন্যস্যাঃ। যথা মাংসময়ী দৃষ্টিঃ সূর্য্য মণ্ডলং প্রকাশ মাত্রত্বেন গৃহ্লাতি দিব্যাতু প্রকাশ মাত্র স্বরূপত্বেপি তদন্তর্গত দিব্য সভাদিকং গৃহ্লাতি। এবমত্র ভক্তেরেব সম্যক্ত্বেন তয়ৈব সম্যক্ত্বং দৃশ্যতে তচ্চ ভগবানেবেতি তস্যৈব সম্যগ্রূপত্বং জ্ঞানস্য ত্বসাম্যক্ত্বেন দর্শিতত্বাৎ তেন সম্যগেব তৎ দৃশ্যতে। তচ্চ ব্রহ্মেতি তস্য সম্যগ্রূপত্বং তত্রচ সামান্যত্বেনৈব গ্রহণৈকাকারস্য জ্ঞানস্য তদন্তরীণাবান্তর্ভেদ পর্য্যালোচনেঽসামর্থ্যাদ্বহিরেবা বস্থিতেন তেন ভাগবতপরমহংসবৃন্দানুভব সিদ্ধ নানা প্রকাশ বৈচিত্র্যেঽপি স্ব প্রকাশ লক্ষণ পরতত্ত্বে প্রকাশ সামান্য মাত্রং যদ্গৃহ্যতে তত্তস্য প্রভারূপত্বে নৈবোৎপ্রেক্ষ্যতে স্বতশ্চাঘনত্বমংশত্বং বিভূতিত্বঞ্চ ব্যপদিশ্যতে তস্য তস্মাদ

পুরুষকে আমি ভজনা করি ॥ ২৬ ॥

এই স্থলে দুইটী কারিকা যথা ॥

নিষ্কলাদি স্বরূপ প্রসিদ্ধ যে ব্রহ্ম, তিনি অর্ব্বুদ কোটি ব্রহ্মাণ্ড সকলে পৃথিবী প্রভৃতি বিভূতির সহিত ভিন্ন অর্থাৎ ভেদ প্রাপ্ত হইয়াছেন ॥ ২৭ ॥

যিনি সর্ব্বদা প্রভাব যুক্ত, যাঁহার প্রভা অর্থাৎ কান্তি

তং গোবিন্দং ভজামীতি পদ্যস্যার্থ স্ফুটীকৃতঃ ॥ ২৮ ॥
নন্মু ভোস্তব ভাবোঽয়ং জ্ঞাত এব ময়া ধ্রুবং।
পরব্যোমপতেঃ শৌরিরবতার স্ত্বয়োচ্যতে ॥ ২৯ ॥
জন্মাদি লীলা প্রাকট্যাদবতার স্তয়াপ্যসৌ।
প্রোক্তো বিলাস এব স্যাৎ সর্ব্বোৎকর্ষাতিভূমতঃ ॥ ৩০ ॥
যঃ পরব্যোমনাথঃ স্যাদসমানোর্দ্ধ বৈভবঃ।

খণ্ডতত্ত্ব রূপো ভগবান্ সামান্যাকার স্ব স্ফূর্ত্তি লক্ষণত্বেন স্বপ্রভাকরস্থ ব্রহ্মণোপ্যা শ্রয়ঃ ইতি যুক্তমেব অন্যৎ বুভুৎসা চেৎ শ্রীভগবৎ সন্দর্ভো দৃশ্যঃ ॥ ২৮ ॥

অথাদি নারায়ণতঃ শ্রৈষ্ঠ্যমস্য দর্শয়ন্ সংহার প্রতিহার মূলাং প্রক্রিয়া মারভতে নন্বিতি শ্রীপরব্যোমপতেঃ শ্রীমহানারায়ণস্য ॥ ২৯ ॥

অসৌ শৌরির্ব্বিলাসঃ প্রোক্ত এব স্যান্নভবেদিত্যর্থঃ তত্রাশংসায়াং লিঙ্ ॥ ৩০

ভজ্জয়ান্ নায়কোৎকর্ষ ইতি রীতিং দর্শয়ন্নাহ য ইতি স্বনাত্মীয়ং অসাধারণ

স্বরূপ ব্রহ্ম সেই গোবিন্দকে ভজনা করি, ব্রহ্মসংহিতোক্ত পদ্যের এই অর্থ স্পষ্টীকৃত হইল ॥ ২৮ ॥

এক্ষণে সংহারের দ্বার স্বরূপ প্রক্রিয়া আরম্ভ করিয়া কহিলেন, যদি বল, অহে! আমি নিশ্চয় রূপে তোমার অভি প্রায় জানিলাম, তুমি পরম ব্যোমপতি মহানারায়ণের অবতার বলিয়া শ্রীকৃষ্ণকে বর্ণন করিলা ॥ ২৯ ॥

অপর জন্মাদি লীলা প্রকটন প্রযুক্ত অবতার হইলেও এই শ্রীকৃষ্ণ সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া পরব্যোমনাথের বিলাস মূর্ত্তি রূপে কথিত হইলেন ॥ ৩০ ॥

কারণ যিনি অসমানোর্দ্ধ বৈভব অর্থাৎ যাঁহার তুল্য বা

শ্রুতি স্মৃতি মহাতন্ত্র বর্ণিতোৎকর্ষ সৌষ্ঠবঃ।
লোকসৃষ্টেঃ পুরা ব্রাহ্মে কল্পে যঃ পরমেষ্ঠিনে।
মহাবৈকুণ্ঠ লোকস্থং স্বমাত্মানমদর্শয়ৎ ॥ ৩১ ॥
তথাহি দ্বিতীয়স্কন্ধে ॥
তস্মৈ স্বলোকং ভগবান্ সভাজিতঃ
সন্দর্শয়ামাস পরং ন যৎ পরং।
ব্যপেত সংক্লেশ বিমোহ সাধ্বসং
স্বদৃষ্টবদ্ভিঃ পুরুষৈরভিষ্টুতং ॥ ৩২ ॥

মিতি বা ॥ ৩১ ॥

তস্মা ইত্যত্র টীকা তস্মৈ ব্রহ্মণে স্বলোকং বৈকুণ্ঠাখ্যং পরং শ্রেষ্ঠং ন যৎ পরং যতঃ পরমুৎকৃষ্টমন্যন্নাস্তি তমেবং লোকমনুবর্ণয়তি পঞ্চভিঃ। ব্যপেতাঃ সংক্লেশাদয়ো যস্মাৎ স্বদৃষ্ট বদ্ভিঃ সৎপুণ্যবদ্ভিঃ। যস্য স্বস্য দৃষ্টং দর্শনমস্তি যেষাং আত্মবদ্ভি রিত্যর্থ ইত্যেষা। পুরুষৈরিত্যত্র বিবুধৈরিতি পাঠঃ শ্রীচিৎসুখ সম্মতঃ ॥ ৩২ ॥

অধিক ঐশ্বর্য্য শালী কেহ নাই, শ্রুতি স্মৃতি মহাতন্ত্রে যাঁহার উৎ কর্ষাতিশয় বর্ণন করিতেছেন, সেই পরব্যোমনাথ মহানারায়ণ লোক সৃষ্টির পূর্ব্বে ব্রহ্মকল্পে ব্রহ্মাকে মহাবৈকুণ্ঠস্থ আপনার স্বরূপ দর্শন করাইয়াছিলেন ॥ ৩১ ॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা ॥

দ্বিতীয় স্কন্ধে ৯ অধ্যায়ে ৯ শ্লোক হইতে ১৬ শ্লোক পর্য্যন্ত ॥

ব্রহ্মার তপস্যায় ভগবান্ হরি সন্তুষ্ট হইয়া তাঁহাকে আপনার পরম শ্রেষ্ঠ বৈকুণ্ঠ লোক দর্শন করাইলেন। ঐ লোকে ক্লেশ বা মোহ বা ভয়ের লেশ মাত্র নাই, পুণ্যবান্

প্রবর্ত্ততে যত্র রজস্তমস্তয়োঃ
সত্বঞ্চ মিশ্রং নচ কাল বিক্রমঃ।
ন যত্র মায়া কিমুতাপরে হরে
রনুব্রতা যত্র সুরাসুরার্চ্চিতাঃ ॥ ৩৩ ॥
শ্যামাবদাতাঃ শতপত্র লোচনাঃ
পিশঙ্গবস্ত্রাঃ সুরুচঃ সুপেশসঃ।

প্রবর্ত্তত ইত্যত্র টীকা তাভ্যাং মিশ্রং সত্বঞ্চ ন প্রবর্ত্ততে। শুদ্ধমেব সত্বং কালবিক্রমো নাশঃ অপরে রাগ লোভাদয়ঃ ন সন্তীতি কিমুত বক্তব্যং অনুব্রতা পার্ষদা ইত্যেষা ॥ ৩৩ ॥

শ্যামেত্যত্র টীকা শ্যামাশ্চ অবদাতা উজ্জ্বলাশ্চ পদ্মনেত্রাঃ পীতাম্বরাঃ সুরুচঃ অতিকমনীয়াঃ সুপেশসঃ অতিসুকুমারাঃ উন্মীষন্ত ইব প্রভাবন্তো মণি প্রবেকা

লোকেরা সর্ব্বদাই তাহার প্রসংসা করিয়া থাকেন ॥ ৩২॥

অপর সে স্থানে রজঃ ও তমোগুণের প্রভাব নাই এবং ঐ দুই গুণে মিশ্রিত সত্বও তথায় প্রবেশ করিতে পারে না, আর সেখানে কালের বিক্রম অর্থাৎ কাল কৃত বিনাশও হয় না। অধিক কি বলিব মায়াও সে স্থানে স্থান প্রাপ্ত হয় না, ইহাতে অন্যান্য শোক মোহাদির কথা বক্তব্য কি? অর্থাৎ সে সকলের থাকিবার কোন সম্ভাবনা নাই, অতএব তত্রস্থ ভগবৎ পারিষদ্ গণকে সুর এবং অসুর সকলে নিরন্তর অর্চ্চনা করিয়া থাকেন ॥ ৩৩ ॥

উক্ত বৈকুণ্ঠ ধামে যে সকল পরিষদ্ গণ আছেন, তাঁহাদের শোভার কথা কি বলিব! তাঁহাদের শরীর উজ্জ্বল শ্যাম বর্ণ, চক্ষুঃ পদ্ম সন্নিভ, পীতাম্বর পরিধান, অতি কমনীয়, ও

সর্ব্বে চতুর্বাহব উন্মিষণ্মণি
প্রবেক নিষ্কাভরণাঃ সুবর্চ্চসঃ।
প্রবাল বৈদুর্য্য মৃণাল বর্চ্চসঃ
পরিস্ফুরৎ কুণ্ডল মৌলি মালিনঃ॥ ৩৪॥
ভ্রাজিষ্ণুভি র্যঃ পরিতো বিরাজতে
লসদ্বিমানা বলিভি র্মহাত্মনাং।
বিরোচমানঃ প্রমদোত্তমাত্যুভিঃ

মণ্যুত্তমা যেষু তানি নিষ্কাণি পদকাখ্যাভরণানি যেষাং তে সুবর্চ্চসঃ অতি তেজস্বিনঃ। প্রবলাদিবদ্বর্চ্চো বর্ণো যেষাং তে পরিস্ফুরন্তি কুণ্ডলানি মৌলয়ো সন্তি যেষামিত্যর্থঃ॥ ৩৪॥

ভ্রাজিষ্ণুভিরিত্যত্র টীকা পার্ষদানন্বর্ণ্য পুনরপি লোকং বর্ণয়তি ভ্রাজিষ্ণুভিঃ দেদীপ্যমানাভিঃ প্রমাদোত্তমানাং দিবঃ কান্তয়ঃ তাভিদ্যোতমানঃ সহ বিদ্যুদ্ভির্বর্ত্তমানাঃ সবিদ্যুতস্তাভিরভ্রাবলিভিঃ তত্র বিদ্যুত ইব স্ত্রিয়ঃ অবভ্র

সুকুমার আকার, সকলেই চতুর্ব্বাহু ধারী, সকলেরই বক্ষঃ স্থলে অতিশয় প্রভাশালি মণি যুক্ত পদক দেদীপ্যমান এবং সকলেই অতিশয় তেজস্বী। অপর তাঁহাদিগের কান্তি প্রবাল, বৈদুর্য্য ও মৃণালের তুল্য, আর তাঁহারা সকলেই দীপ্তি শালি কুণ্ডল, কিরীট ও মালা ধারণ করিয়া রহিয়াছেন॥ ৩৪॥

অপর ঐ লোকের চারিদিকে মহাত্মাদিগের বিমান শ্রেণি দেদীপ্যমান, তাহাতে তাহার অতিশয় শোভা হইয়া থাকে, আর দিব্যাঙ্গনা গণের রূপ লাবণ্য দ্বারাও তাহা অতিশয় শোভমান হয়, ফলতঃ বিদ্যুৎ সহ মেঘশ্রেণি গগন মণ্ডলে উদিত হইলে তাহার যদ্রূপ শোভা হয় ঐ লোক সতত

সবিদ্যুদভ্রা বলিভির্যথা নভঃ ॥ ৩৫ ॥
শ্রীর্যত্র রূপিণ্যুরুগায় পাদয়োঃ
করোতি মানং সহসা বিভূতিভিঃ।
প্রেঙ্খাশ্রিতা যা কুসুমাকরানুগৈ
র্বিগীয়মানা প্রিয়কর্ম্ম গায়তী ॥ ৩৬ ॥
দদর্শ তত্রাখিল সাত্বতাং পতিং

পঙ্‌ক্তয় ইব বিমানানি নভ ইব লোক ইত্যেষা ॥ ৩৫ ॥

শ্রীরিত্যত্র টীকা শ্রীঃ সম্পৎ রূপিণী মূর্ত্তিমতী মানং পূজাং বিভূতিভিঃ নানা বিভবৈঃ প্রেঙ্খং আন্দোলং শ্রিতা। কুসুমাকরো বসন্তঃ তস্যানুগা ভ্রমরাঃ তৈ র্বিবিধ গীয়মানা স্বয়ন্তু প্রিয়স্য হরেঃ কর্ম্মগায়তী ভবতীত্যেষা ॥ ৩৬ ॥

দদর্শেত্যত্র টীকা য এবম্ভূতো লোকঃ তত্র তস্মিন্ ইত্যেষা। শোভনা যে পার্ষদা স্তেষামগ্র্যৈঃ শ্রেষ্ঠৈঃ স্বপার্ষদাগ্রৈরিতি কচিৎ পাঠঃ। ঈশ্বরং দদর্শেতি বক্ষ্যমাণেনান্বয়ঃ। তং কীদৃশং সাত্বতাং পতিমিত্যাদিভির্বিশেষণৈর্যুক্তং তত্র

তদ্রূপ বিরাজমান ॥ ৩৫ ॥

ঐ স্থানে সম্পত্তি রূপিণী শ্রী মূর্ত্তিমতী হইয়া বিবিধ বিভব দ্বারা ভগবানের চরণ দ্বয়ের সেবা করিতেছেন, কিন্তু বসন্তের অনুচর ভ্রমর সকল নানা প্রকারে গুণ গান করাতে ঐ লক্ষ্মীকে যেন আন্দোলন আশ্রয় করিতে হইয়াছে পরন্তু তিনি স্বয়ং স্বীয় প্রিয় হরির কীর্ত্তি গান করণে ক্ষণ কালের জন্য ক্ষান্ত ন হেন ॥ ৩৬ ॥

ব্রহ্মা দেখিলেন উক্ত রূপ বৈকুণ্ঠে সুনন্দ নন্দ প্রবল অর্হণ প্রভৃতি প্রধান প্রধান পার্ষদ গণ কর্তৃক চারিদিকে

শ্রিয়ঃ পতিং যজ্ঞপতিং জগৎপতিং।
সুনন্দ নন্দ প্রবলার্হণাদিভিঃ
সুপার্ষদাগ্র্যৈঃ পরিষেবিতং বিভুং॥
ভৃত্য প্রসাদাভিমুখং দৃগাবং
প্রসন্নহাসারুণ লোচনাননং।
কিরীটিনং কুণ্ডলিনং চতুর্ভুজং
পীতাংশুকং বক্ষসি লক্ষিতং শ্রিয়া॥
অধ্যার্হণীয়াসনমাস্থিতং পরং

টীকা ভৃত্যানাং প্রসাদেঽভিমুখং দৃগেবাসব ইব দৃষ্টৄণাং হর্ষকরী যস্য তৎ প্রসন্ন হাসারুণ লোচনঞ্চ আননং যস্য বক্ষসি স্থিতয়াচ শ্রিয়া লক্ষিতমিত্যর্থঃ। অধ্যার্হণীয়ং বরিষ্ঠং সিংহাসনং চতস্রঃ প্রকৃতি পুরুষমহদহঙ্কৃতি রূপাঃ। ষোড়শ একাদশেন্দ্রিয় মহাভূতাখ্যাঃ পঞ্চ তন্মাত্র রূপা যা শক্তয় স্তাভির্বৃতং স্বৈর্ভগৈঃ

বেষ্টিত হইয়া অখিল ভক্তের পতি, যজ্ঞের পতি এবং সমস্ত জগতের পতি ভগবান্ শ্রীপতি সেবিত হইতেছেন॥

তিনি ভৃত্য বর্গের প্রতি প্রসাদ বিস্তার নিমিত্ত যেন অভিমুখ হইতেছেন, তাঁহার দৃষ্টি যেন হর্ষকর আসব তুল্য দেখাইতেছে, অপর তদীয় বদন সাহাস্য, লোচন অরুণ বর্ণ, মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল এবং পীত বসন পরিধান, আর বক্ষঃ স্থল লক্ষ্মী দ্বারা অলঙ্কৃত আছে এবং স্বয়ং চতুর্ভুজ হইয়া বসিয়া আছেন॥

অপর তিনি বরিষ্ঠ সিংহাসনে অধিষ্ঠিত এবং প্রকৃতি পুরুষ মহৎ অহঙ্কার এই চারি, তথা একাদশ ইন্দ্রিয় এবং

বৃতং চতুঃ ষোড়শ পঞ্চ শক্তিভিঃ।
যুক্তং ভগৈঃ স্বৈরিতরত্র চাধ্রুবৈঃ
স্ব এব ধামন্ রমমাণমীশ্বরং॥ ৩৭॥
অত্র কারিকাঃ॥
যদ্যতঃ পরমুৎকৃষ্টং পদমন্যন্নহি ক্বচিৎ।
সংক্লেশাঃ পঞ্চাবিদ্যাদ্যা বিমোহো নির্ব্বিবেকতা॥
সাধ্বসং পাততো ভীতির্ন সন্তোতানি যত্র তং।

স্বাভাবিকৈরৈশ্বর্য্যাদিভিঃ ইতরত্র যোগিষু অধ্রুবৈঃ আগন্তুকৈঃ অসাধারণৈ রিত্যর্থঃ। এবং সত্যপি সএব ধামন্ স্ব স্বরূপ এব রমমাণমত এবমীশ্বর মিত্যেষা। অতএব এতৈর্বিশেষণৈরিত্যর্থঃ প্রকৃতার্থাবগমকঃ॥ ৩৭॥
তস্মা ইতি পদ্যং ব্যাচষ্টে দ্বাভ্যাং যদিতি। পঞ্চাবিদ্যাদ্যা ইতি আদিনা

পঞ্চ মহাভূত এই ষোড়শ, অপর পঞ্চ তন্মাত্র এই পঞ্চ শক্তিতে পরিবৃত। আর স্বাভাবিক ঐশ্বর্য্যে এবং যোগিদিগের আগন্তুক ঐশ্বর্য্যে সম্পন্ন পরন্তু এবম্প্রকার হইয়াও আপনার স্বরূপেই ক্রীড়া করিতেছেন অতএব স্বয়ং ঈশ্বরই আছেন॥৩৭

উক্ত বিষয়ের কারিকা সকল যথা॥

"তস্মৈ স্বলোকং" এই পদ্যের কারিকা এই যে, যৎ এই শব্দের অর্থ যাহা হইতে, পর শব্দের অর্থ উৎকৃষ্ট অর্থাৎ যাহা হইতে উৎকৃষ্ট স্থান অন্য কুত্রাপি নাই সংক্লেশ শব্দে পঞ্চ অবিদ্যাদি, বিমোহ শব্দে নির্ব্বিবেকতা, সাধ্বস শব্দে পাত হইতে ভয়, এই সকল যে স্থানে নাই। স্বদৃষ্ট শব্দের অর্থ আত্মার সাক্ষাৎ কার অর্থাৎ যাঁহারা আত্মার সাক্ষাৎ কার

স্বদৃষ্টমাত্মনঃ সাক্ষাৎকার স্তম্বস্তিরীড়িতং ॥ ৩৮ ॥
রজস্তমশ্চ নো যত্র সত্বং সংপৃক্ তয়ো নচ।
গুণা যত্র প্রকৃতিজা ন সন্তীতিহি দর্শিতং ॥
ন কাল বিক্রমো যত্র সর্ব্ব বিধ্বংস কারিতা।
পরং মূলমনর্থানাং যত্র মায়ৈব নাস্তি হি।
অপরে তত্র কিমুত বিকারা মহদাদয়ঃ।
অতো বৈকুণ্ঠ লোকস্থ কথিতা নিত্যসিদ্ধতা ॥ ৩৯ ॥
হরেরনুব্রতা যত্র শ্যামারুণ হরিৎ সিতাঃ।

অস্মিতা রাগদ্বেষাভিনিবেশা মন্তব্যাঃ ॥ ৩৮ ॥
প্রবর্ত্তত ইতি পাদ্মীয় পাদত্রয়ং ব্যাচষ্টে ত্রিভিঃ। রজ ইতি। তমশ্চেত্যুক্তিঃ সত্বশ্চেত্যত্র চকারস্ত দ্বাভ্যামন্বায়াৎ ॥ ৩৯ ॥
হরেরনুব্রতাদ্যেকপাদ্যেন পদ্যদ্বয়ং ব্যাচষ্টে সার্দ্ধপদ্যেন হরেরিতি। তত্ত

করিয়াছেন, সেই সকল পুরুষ ঐ লোকের স্তব করিয়া থাকেন ॥ ৩৮ ॥

"প্রবর্ত্ততে যত্র" এই শ্লোকের কারিকা এই যে, যে স্থানে রজঃ নাই, তমঃ নাই, যেখানে সত্ব ও রজ স্তম মিশ্রিত সত্ব নাই এবং যথায় প্রকৃতি জনিত গুণ মাত্র নাই, তাহাই প্রদর্শিত হইল। অপর যেখানে কালের সর্ব্ব বিধ্বংস কারিত্ব বিক্রম নাই এবং পরম অনর্থের মুল মায়াও যেখানে প্রবেশ করিতে পারে না, সেখানে অপর বিকারি মহাদাদির কথা আর কি বলিব, অতএব বৈকুণ্ঠ লোকের নিত্য সিদ্ধতা কথিত হইল ॥ ৩৯ ॥

"হরে রনুব্রতা যত্র" ইত্যাদি পদে ভক্তগণ যে স্থানে

তত্তদ্রূপং বিভাব্য স্বং তদ্ভক্ত্যা তমুপাগতাঃ।
অথবা নিত্য সিদ্ধত্বাত্তদ্রুচামপ্যনাদিতা ॥ ৪০ ॥
শ্রীঃ সম্পদ্রূপিণী মূর্ত্তা যত্র পদ্মাংশ সম্ভবা।
মানং সেবাং রচয়তি বিবিধাভির্বিভূতিভিঃ।
কুসুমাকর শব্দেন ঋতূনামধিপো মতঃ।
তেন তস্যানুগৈর্গ্রীষ্ম বর্ষাদ্যৈ ঋতুভিশ্চ যা।
বিশেষোদ্গীয়মানাপি প্রিয়কর্ম্মৈব গায়তী।

রূপং বিভাব্য স্বং তদ্ভক্ত্যা তমুপাগতা ইত্যত্র তত্তদ্বর্ণমুপাস্যেশং তৎসারূপ্য মুপাগতা ইতি কচিৎ পাঠস্তত্র ত্বদীয় নানাবতার ভজনাত্তথাত্বং প্রাপ্তা ইত্যর্থঃ তর্হ্যর্ব্বাচীনতা গতা ভক্তানামিত্যাহ অথবেতি। অনাদিতা আদিরহিতত্বং তে তথা অনাদি সিদ্ধা ইত্যর্থঃ ॥ ৪০ ॥

শ্রীরিতি পদ্যং ব্যাচষ্টে ত্রিভিঃ শ্রীরিতি। তিঙন্তা ক্রিয়া লক্ষিতা লক্ষণয়া প্রাপ্তা নত্বভিধয়া ॥ ৪১ ॥

শ্যাম অরুণ হরিৎ ও শুক্ল বর্ণ ভগবানের সেই সেই স্বীয় রূপ ভক্তি সহকারে চিন্তা করিয়া তত্তদ্রূপ প্রাপ্ত হইয়াছেন, অথবা নিত্য সিদ্ধ প্রযুক্ত ভক্ত গণের অনাদি ঐ রূপ হইয়াছে ॥ ৪০ ॥

"শ্রীর্যত্র রূপিণী" এই পদ্যের করিকা এই যে, যে স্থানে পদ্মাংশ সম্ভবা সম্পদ্রূপিণী শ্রী মূর্ত্তিমতী হইয়া বিবিধ বিভূতি সকল দ্বারা মান অর্থাৎ সেবা রচনা করিতেছেন। কুসুমাকর শব্দে ঋতু সকলের অধিপতি বসন্ত, একারণ তাহার অনুগামী গ্রীষ্ম বর্ষা প্রভৃতি ঋতু সকল কর্তৃক যিনি বিশেষ রূপে উদ্গীয় মানা হইয়াও প্রিয়তমের কর্ম্মই গান করিতেছেন। "গায়তী" এই শতৃ প্রত্যয়ান্ত পদে লক্ষণাবৃত্তি দ্বারা তিঙন্ত

শত্রন্তেন পদেনাত্র তিঙন্তা লক্ষিতা ক্রিয়া ॥ ৪১ ॥
তত্রেশ্বরং দদর্শাসৌ কথং ভূতং দৃগাসবং।
সান্দ্রানন্দৈ দৃশাং সুষ্ঠুমাদকত্বাৎ স আসবঃ।
পীতাংশুক পদেনাত্র ধ্বন্যতে শ্যামবর্ণতা ॥ ৪২ ॥
অধ্যার্হণীয় শব্দেন মহাযোগাখ্য পীঠকং।
শ্রীপাদ্মোত্তর খণ্ডোক্তমত্রেবাগ্রে প্রবক্ষ্যতে ॥ ৪৩ ॥
চতস্রো হ্লাদিনী কীর্ত্তি করুণা তুষ্টয়ঃ স্মৃতাঃ।

দদর্শ ইত্যাদি পদ্যত্রয়ং ব্যাচষ্টে সোদাহরণৈঃ সার্দ্ধ ষড়্ভিঃ তত্রেশ্বরমিতি ॥ ৪২ ॥

পাদ্মোত্তর খণ্ডোক্তং সর্ব্বাক্ষরময়ং দিব্যং যোগপীঠমিতি স্মৃতমিতি ॥ ৪৩ ॥

ক্রিয়া জানিতে হইবে ॥ ৪১ ॥

"দদর্শ তত্রাখিল সাত্বতাং পতিং" এই পদ্যের কারিকা এই যে, ব্রহ্মা সেই স্থানে ঈশ্বরকে দেখিয়াছিলেন, যদি বল সেই ঈশ্বর কিরূপ, তাহার উত্তর, তিনি নেত্রের আসব অর্থাৎ নিবিড় আনন্দ সমূহ দ্বারা সুন্দর রূপে চক্ষুঃ সকলের মাদকত্ব প্রযুক্ত আসব তুল্য। পীতাংশুক অর্থাৎ পীত বসন এই পদে শ্যাম বর্ণতা প্রকাশ পাইতেছে ॥ ৪২ ॥

"অধ্যার্হণীয়" এই পদ্যের বৃত্তি এই যে, অধ্যার্হণীয় শব্দে মহাযোগ পীঠ, পাদ্মোত্তর খণ্ডোক্ত যোগ পীঠ এই গ্রন্থের অগ্রে বর্ণিত হইবে ॥ ৪৩ ॥

"বৃতং চতুঃ ষোড়শ পঞ্চ শক্তিভিঃ" এই পাদের কারিকা এই যে, চতুঃ শক্তি যথা-হ্লাদিনী, কীর্ত্তি, করুণা ও তুষ্টি। ষোড়শ

শক্তয়ঃ ষোড়শাত্রৈব পূর্ব্বমেব প্রদর্শিতাঃ।
বিদ্যায়াঃ পঞ্চ পর্ব্বাণি সাংখ্যাদীন্যত্র পঞ্চচ ॥ ৪৪ ॥
তানি পঞ্চরাত্রে ॥
সাংখ্য যোগৌতু বৈরাগ্যঃ তপোভক্তিশ্চ কেশবে।
পঞ্চ পর্ব্বেতি বিদ্যেয়ং যয়া বিদ্বান্ হরিং বিশেদিতি ॥ ৪৫ ॥
ইত্যেতাভির্বৃতং পঞ্চ বিংশত্যা শক্তিভি স্তদা।
ভগৈরৈশ্বর্য্য ধর্ম্মাদ্যৈঃ স্বৈ রসাধারণোদয়ৈঃ।

পূর্ব্বং ষোড়শকলমিত্যত্র শ্রীর্ভূঃ কীর্ত্তি রিলা লীলা কান্তি র্বিদ্যেতি সপ্তকং। বিমলাদ্যা নবেত্যেতা মুখ্যাঃ ষোড়শ শক্তয় ইতি ॥ ৪৪ ॥
ইতি পঞ্চ পর্ব্বা বিদ্যা যয়া বিদ্যয়া ॥ ৪৫ ॥
ইত্যেতাভিঃ পূর্ব্বোক্তাভিঃ ॥ ৪৬ ॥

শক্তি, ষোড়শ কল এই স্থলে প্রদর্শিত হইয়াছে। যথা শ্রী, ভূ, কীর্ত্তি, ইলা, লীলা, কান্তি ও বিদ্যা এই সাত, তথা বিমলাদি নয় এই ষোড়শ শক্তি। পঞ্চ শক্তি, এ স্থলে বিদ্যার সাংখ্যাদি পঞ্চ পর্ব্ব ॥ ৪৪ ॥

সেই সকল পঞ্চ পর্ব্ব যথা পঞ্চরাত্রে ॥

সাংখ্য, যোগ, বৈরাগ্য, তপস্যা ও কেশবে ভক্তি, এই পঞ্চ পর্ব্ব বিশিষ্টা বিদ্যা, ইহার দ্বারা বিদ্বান্ পুরুষ হরিতে প্রবেশ করেন ॥ ৪৫ ॥

তৎ কালীন উল্লিত এই পঞ্চ বিংশতি শক্তি দ্বারা মহা যোগ পীঠ আবৃত। অপর ভগশব্দে ধর্ম্মাদি ঐশ্বর্য্য, স্ব শব্দে অসাধারণ প্রভাব, ইতরত্র শব্দে বিরিঞ্চি প্রভৃতিতে, অধ্রুব

ইতরত্র বিরিঞ্চ্যাদাবক্রুরৈ রস্থিরৈঃ কৃশৈঃ ॥ ৪৬ ॥
স্ব এব ধাম্নি বৈকুণ্ঠে রতিং বিদধতং সদা।
কিম্বা স্বরূপ ভূতত্বাৎ শ্রিয় স্তস্যাঃ স্বধামতা ॥ ৪৭ ॥
তথাচ ভার্গবতন্ত্রে ॥
শক্তি শক্তিমতোশ্চাপি ন বিভেদঃ কথঞ্চন।
অবিভিন্নাপি স্বেচ্ছাদি শব্দৈরপি বিভাব্যতে ॥ ৪৮ ॥
কিঞ্চ পাদ্মোত্তরখণ্ডে ॥
প্রধান পরমব্যোম্নো রন্তরে বিরজা নদী।
বেদাঙ্গ স্বেদজনিতৈ স্তোয়ৈঃ প্রস্রাবিতা শুভা ॥ ৪৯ ॥

তস্যাঃ শ্রিয়ঃ স্বধামতা স্বধামত্বং স্বধামনি শ্রিয়াং রতিং বিদধতমিত্যর্থঃ ॥৪৭॥
অবিভিন্নাপি শক্তিঃ ॥ ৪৮ ॥
অন্তরে মধ্যে ॥ ৪৯ ॥

শব্দে অস্থির এবং কৃশ ॥ ৪৬ ॥

স্বীয় ধামে অর্থাৎ বৈকুণ্ঠে রমমাণ অর্থাৎ সর্ব্বদা রতি বিধান করিতেছেন অথবা স্বরূপ শক্তি প্রযুক্ত লক্ষ্মীর স্বধামত্ব, অতএব তাহাতেই রতি বিধান করিতেছেন ॥ ৪৭ ॥

উক্ত বিষয় ভার্গবতন্ত্রে যথা ॥

শক্তি ও শক্তিমান্ এতদুভয়ের কিঞ্চিন্মাত্র প্রভেদ নাই। শক্তি বিভিন্না না হইলেও স্বেচ্ছাদি শব্দ সকল দ্বারা বিভাবিত হয় ॥ ৪৮ ॥

আরো বলি পদ্মপুরাণের উত্তরখণ্ডে যথা ॥

প্রকৃতি ও পরব্যোমের মধ্যে পবিত্র বিরজা নদী অবস্থিত আছে, তাহা বেদাঙ্গ রূপ ঘর্ম্মবারি দ্বারা প্রবাহিত হইতেছে ॥ ৪৯ ॥

তস্যাঃ পারে পরব্যোম্নি পাদভূতং সনাতনং।
অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদং ॥ ৫০ ॥
শুদ্ধসত্ত্বময়ং দিব্যমক্ষরং ব্রহ্মণঃ পদং।
অনেক কোটি সূর্য্যাগ্নি তুল্য বর্চ্চসমব্যয়ং।
সর্ব্ববেদময়ং শুভ্রং সর্ব্ব প্রলয় বর্জিতং।
অসংখ্যমজরং সত্যং জাগ্রৎস্বপ্নাদি বর্জিতং।
হিরণ্ময়ং মোক্ষপদং ব্রহ্মানন্দ সুখাহ্বয়ং।
সমানাধিক্য রহিতমাদ্যন্ত রহিতং শুভং।
তেজসাত্যদ্ভুতং রম্যং নিত্যমানন্দ সাগরং।
এবমাদিগুণোপেতং তদ্বিষ্ণোঃ পরমং পদং ॥ ৫১ ॥

তস্যা বিরজায়াঃ পারে পরব্যোম পদঃ স্থানমিত্যন্বয়ঃ ॥ ৫০ ॥
ব্রহ্মণঃ পদমাশ্রয়ঃ তদ্বিষ্ণোঃ পরমং পদমুৎকৃষ্টং সদ্ম ॥ ৫১ ॥

ঐ বিরজার পারে ত্রিপাদ বিভূতি শালী সনাতন, অমৃত, শাশ্বত, নিত্য ও অনন্ত, অর্থাৎ পরিমাণ রহিত পরব্যোম নামে স্থান আছে ॥ ৫০ ॥

যাহা শুদ্ধ সত্ত্ব ময়, অলৌকিক, অবিনাশি এবং ব্রহ্মের আশ্রয়। অপর যে ধাম অনেক কোটি সূর্য্য ও অগ্নির তুল্য তেজোময়। তথা সর্ব্ব বেদ স্বরূপ, শুভ্র বর্ণ, সর্ব্ব প্রকার প্রলয় বর্জিত, সংখ্যা শূন্য, অজর অর্থাৎ জীর্ণ ভাব বিরহিত, সত্য, জাগ্রৎ স্বপ্নাদি অবস্থা ত্রয় বর্জিত, স্বর্ণময়, মোক্ষ পদ, ব্রহ্মানন্দ সুখ স্বরূপ এবং যাহার সমান বা অধিক নাই, যাহা আদ্যন্ত শূন্য, মঙ্গল স্বরূপ, তেজো দ্বারা অতিশয় অদ্ভুত, রমণীয়, নিত্য ও আনন্দ সমুদ্র ইত্যাদি গুণ যুক্ত, তাহাই বিষ্ণুর পরম পদ ॥ ৫১ ॥

ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ।
যদ্গত্বা নো নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং হরেঃ॥ ৫২॥
তদ্বিষ্ণোঃ পরমং ধাম শাশ্বতং নিত্যমচ্যুতং।
নহি বর্ণয়িতুং শক্যং কল্পকোটি শতৈরপি॥ ৫৩॥
তত্রৈবাগ্রে॥
শ্রীশাঙ্ঘ্রিভক্তিসেবৈক রসভোগ বিবর্দ্ধিতাঃ।
মহাত্মনো মহাভাগা ভগবৎ পাদসেবকাঃ।
তদ্বিষ্ণোঃ পরমং ধাম যান্তি প্রেম সুখপ্রদং।

তৎ পরব্যোম॥ ৫২॥

তৎপরব্যোম বর্ণয়িতুং ন শক্যং যতো বিষ্ণো র্ব্যাপকস্য ধাম দেহ স্বরূপ মিত্যর্থঃ। যদুক্তমাদি বারাহে ধামতদ্দেহরূপক মিতি। শাশ্বতং নবায়মানং নিত্য মতএবাচ্যুতং॥ ৫৩॥

তদ্বৈকুণ্ঠঃ ধাম যান্তি প্রাপ্নুবন্তি হরেঃ সর্ব্ব দুঃখ হর্ত্তুঃ॥ ৫৪॥

অপর সূর্য্য চন্দ্র অগ্নি ইহাঁরা যে লোক প্রকাশ করিতে পারেন না এবং যে স্থানে গেলে আর পুনরাবৃত্তি হয় না, তাহাই হরির পরম ধাম॥ ৫২॥

পরন্তু ঐ পরব্যোম শাশ্বত, নিত্য ও অবিনাশী, তাহা শত, কোটি কল্পেও বর্ণন করিবার শক্তি নাই॥ ৫৩॥

ঐ পদ্মপুরাণে অগ্রে আরও বর্ণিত হইয়াছে॥

যে সকল ব্যক্তি মহাত্মা, মহাভাগ্যবান্ ভগবৎ পাদ সেবানুরক্ত এবং লক্ষ্মীকান্তের চরণ পদ্মের ভক্তি সেবা রূপ এক রস ভোগ দ্বারা পরি বর্দ্ধিত, তাঁহারাই সেই বিষ্ণুর প্রেম

নানা জনপদাকীর্ণং বৈকুণ্ঠং তদ্ধরেঃ পদং।
প্রাকারৈশ্চ বিমানৈশ্চ সৌধৈ রত্নময়ৈ র্বৃতং॥ ৫৪॥
তন্মধ্যে নগরী দিব্যা সাযোধ্যেতি প্রকীর্ত্তিতা।
মণিকাঞ্চন চিত্রাঢ্য প্রাকারৈ স্তোরণৈ র্বৃতা।
চতুর্দ্বার সমাযুক্তা রত্ন গোপুর সংবৃতা।
চণ্ডাদি দ্বারপালৈশ্চ কুমুদাদ্যৈঃ সুরক্ষিতা॥ ৫৫॥
চণ্ড প্রচণ্ডৌ প্রাগ্দ্বারে যাম্যে ভদ্র সুভদ্রকৌ।
বারুণ্যাং জয়বিজয়ৌ সৌম্যে ধাতৃ বিধাতরৌ॥ ৫৬॥

তন্মধ্যে তস্য ধাম্নো মধ্যে রত্নময়ানি যানি গোপুরাণি পুরদ্বারাণি তৈঃ সংবৃতা। কুমুদাদ্যৈ দিক্‌ পতিভিঃ॥ ৫৫॥

দ্বারপালান্‌ বিবৃণোতি চণ্ডেতি॥ ৫৬॥

সুখ প্রদ পরম ধামে গমন করিয়া থাকেন। ঐ হরির বৈকুণ্ঠ স্থান নানা জনপদেআকীর্ণ এবং রত্নময় প্রাকার, বিমান ও সৌধ সমূহে পরিবৃত॥ ৫৪॥

ঐ পরব্যোমের মধ্য ভাগে অযোধ্যানামে এক নগরী আছে তাহা মণিকাঞ্চন নির্ম্মিত বিচিত্র প্রাকার ও তোরণে পরিবৃত তথা চতুর্দ্বার এবং রত্ন ময় গোপুরে অর্থাৎ পুর দ্বারে সংযুক্ত, এবং তাহা চণ্ডাদি দ্বারপাল ও কুমুদাদি দিক্‌ পাল সকল কর্ত্তৃক রক্ষিত হইতেছে॥ ৫৫॥

অপর ঐ অযোধ্যা নগরীর পূর্ব্ব দ্বারে চণ্ড প্রচণ্ড, দক্ষিণ দ্বারে ভদ্র সুভদ্র, পশ্চিম দ্বারে জয় বিজয় ও উত্তর দ্বারে ধাতা বিধাতা অবস্থিত আছেন॥ ৫৬॥

কুমুদ কুমদাক্ষশ্চ পুণ্ডরীকোহথ বামনঃ।
শঙ্কুকর্ণঃ সর্ব্বনেত্রঃ সুমুখঃ সুপ্রতিষ্ঠিতঃ।
এতে দিক্‌পতয়ঃ প্রোক্তাঃ পুর্য্যামত্র শুভাননে ॥ ৫৭ ॥
কোটি বৈশ্বানর প্রখ্য গৃহপঙ্‌ক্তিভিরাবৃতা।
আরূঢ় যৌবনৈ নিত্যৈ দিব্য নারীনরৈর্যুতা ॥ ৫৮ ॥
অন্তঃ পুরস্তু দেবস্য মধ্যে পুর্য্যা মনোহরং।
মণিপ্রাকার সংযুক্তং বরতোরণ শোভিতং।
বিমানৈ গৃহমুখ্যৈশ্চ প্রাসাদৈর্বহুভি বৃতং।
দিব্যাপ্সরো গণৈঃ স্ত্রীভিঃ সর্ব্বতঃ সমলঙ্কৃতং ॥ ৫৯ ॥

দিক্‌পতীন্ বিবৃণোতি কুমুদ ইতি শুভাননে হে পার্ব্বতি ॥ ৫৭ ॥
প্রখ্যাঃ সদৃশঃ ॥ ৫৮ ॥
পুর্য্যা মধ্যে দেবস্যান্তঃ পুরং ॥ ৫৯ ॥

হে পার্ব্বতি! ঐ পুরীতে কুমুদ, কুমুদাক্ষ, পুণ্ডরীক, বামন, শঙ্কুকর্ণ, সর্ব্বনেত্র; সুমুখ ও সুপ্রতিষ্ঠিত এই অষ্ট দিক্‌পাল পূর্ব্বাদি দিকে বিরাজ করিতেছেন ॥ ৫৭ ॥

অপর ঐ অযোধ্যা কোটি অগ্নি সদৃশ গৃহ পঙ্‌ক্তি এবং নবযৌবন বিশিষ্ট নর নারীতে সমাকীর্ণ ॥ ৫৮ ॥

তথা তাহার মধ্য ভাগে দেবোত্তমের মণিপ্রাকার সংযুক্ত, সুশোভন তোরণ শোভিত অন্তঃপুর আছে, ঐ অন্তঃপুর বহু বহু বিমান, মুখ্য মুখ্য গৃহ ও প্রাসাদ সমূহে পরিবৃত এবং দিব্য দিব্য অপ্সরা স্ত্রীগণে সর্ব্বতো ভাবে সমলঙ্কৃত ॥ ৫৯ ॥

মধ্যেতু মণ্ডপং দিব্যং রাজস্থানং মহোৎসবং।
মাণিক্যস্তম্ভ সাহস্র জুষ্টং রত্নময়ং শুভং।
নিত্যমুক্তৈঃ সমাকীর্ণং সামগানোপশোভিতং॥ ৬০॥
মধ্যে সিংহাসনং দিব্যং সর্ব্ববেদময়ং শুভং।
ধর্ম্মাদি দৈবতৈ র্নিত্যৈ র্বৃতং বেদময়াত্মকৈঃ।
ধর্ম্মজ্ঞান মহৈশ্বর্য্য বৈরাগৈ্যঃ পাদবিগ্রহৈঃ॥ ৬১॥
তত্রৈব॥
বসন্তি মধ্যমে তত্র বহ্নি সূর্য্য সুধাংশবঃ।

মণ্ডপং চতুষ্কোণাবচ্ছিন্ন গৃহ বিশেষং মহোৎসবং মহান্ত উৎসবা যস্মিন্ তং॥ ৬০॥

ধর্ম্মাদিভির্দৈবতৈর্বৃতং তৈঃ কীদৃশৈঃ পাদবিগ্রহৈঃ ধর্ম্মাদিভিরুপলক্ষিতৈঃ। নতু ধর্ম্মাদিভিঃ পাদবিগ্রহৈশ্চ বৃতমিতি যোজ্যং ত্রিপাদ বিভূতি ধামত্বাৎ॥ ৬১

আনুষঙ্গিকং সমাপ্য প্রস্তুতং বর্ণয়ন্তি তত্র পরব্যোমনি। ইতি হেতো

তাহার মধ্যে মণিমাণিক্য ময় সহস্র স্তম্ভ সুশোভিত নিত্য মহোৎসব পরিপূর্ণ উৎকৃষ্ট রত্নময় অতি পবিত্র রাজ স্থান রূপ এক মণ্ডপ আছে, তাহা নিত্য মুক্ত গণে সমাকীর্ণ ও সামগানে উপশোভিত॥ ৬০॥

তন্মধ্যে অত্যুত্তম পবিত্র সর্ব্ব বেদময় এক সিংহাসন আছে, তাহা ধর্ম্ম, জ্ঞান, মহৈশ্বর্য্য ও বৈরাগ্য রূপ পাদ বিগ্রহে উপলক্ষিত নিত্য ধর্ম্মাদি দৈবতগণে পরিবৃত॥ ৬১॥

ঐ পদ্মপুরাণেই।

সেই সিংহাসনের মধ্যে অগ্নি, সূর্য্য, চন্দ্র, কূর্ম্ম, নাগরাজ,

কূর্ম্মশ্চ নাগরাজশ্চ বৈনতেয় স্ত্রয়ীশ্বরঃ।
ছন্দাংসি সর্ব্বমন্ত্রাশ্চ পীঠ রূপত্বমাস্থিতাঃ।
সর্ব্বাক্ষরময়ং দিব্যং যোগপীঠমিতি স্মৃতং ॥ ৬২ ॥
তন্মধ্যেঽষ্টদলং পদ্মমুদয়ার্ক সমপ্রভং।
তন্মধ্যে কর্ণিকায়াস্তু সাবিত্র্যাং শুভদর্শনে।
ঈশ্বর্য্যা সহ দেবেশ স্তত্রাসীনঃ পরঃ পুমান্ ॥ ৬৩ ॥
ইন্দীবর দলশ্যামঃ সূয্যকোটি সমপ্রভঃ।
যুবা কুমার স্নিগ্ধাঙ্গঃ কোমলাবয়বৈর্য্যুতঃ ॥ ৬৪ ॥

যোগপীঠং স্মৃতং ॥ ৬২ ॥

তন্মধ্যে তস্য যোগপীঠস্য মধ্যে কর্ণিকায়াং পদ্ম মধ্য কর্ণিকায়াং কীদৃশ্যাং সাবিত্র্যাং গায়ত্রী রূপায়াং তত্র তস্যাং তন্মধ্য কর্ণিকায়াং ॥ ৬৩ ॥

কুমারঃ যুবরাজস্তত্ত্বেনৈবানাদিস্থিতেঃ। নিস্কিসর্গপাঠে কুমার ইব স্নিগ্ধাঙ্গঃ ॥ ৬৪

বেদময় গরুড়, ছন্দঃ ও মন্ত্র সকল পীঠ রূপে অবস্থিত, ইহাকেই সর্ব্বাক্ষরময় দিব্য যোগপীঠ বলিয়া স্মরণ করিয়াছেন ॥ ৬২ ॥

তাহার মধ্যে বাল সূর্য্য সমপ্রভ অষ্টদল পদ্ম, হে শুভ দর্শনে! ঐ পদ্মের সাবিত্রী রূপ কর্ণিকায় ঈশ্বরীর সহিত পরম পুরুষ দেবেশ্বর অধিষ্ঠিত আছেন ॥ ৬৩ ॥

তাঁহার বর্ণ ইন্দীবর দলের ন্যায় শ্যাম, তিনি কোটি সূর্য্য তুল্য প্রভাশালী, যুবা, কুমারের ন্যায় স্নিগ্ধাঙ্গ ও সুকোমল অবয়ব সম্পন্ন ॥ ৬৪ ॥

ফুল্লরক্তাম্বুজনিভ কোমলাঙ্ঘ্রি করাব্জবান্ ।
প্রবুদ্ধপুণ্ডরীকাক্ষঃ সুভ্রূলত যুগাঙ্কিতঃ ।
সুনাসা সুকপোলাঢ্যঃ সুশোভ মুখপঙ্কজঃ ।
মুক্তাফলাভদন্তাঢ্যঃ সুস্মিতাধর বিদ্রুমঃ ।
পরিপূর্ণেন্দুসঙ্কাশ সুস্মিতানন পঙ্কজঃ ।
তরুণাদিত্য বর্ণাভ্যাং কুণ্ডলাভ্যাং বিরাজিতঃ ।
সুস্নিগ্ধ নীল কুটিল কুন্তলৈরুপশোভিতঃ ।
মন্দারপারিজাতাঢ্য কবরীকৃত কেশবান্ ।
প্রাতরুদ্যৎ সহস্রাংশু নিজ কৌস্তুভশোভিতঃ ॥ ৬৫ ॥

সুভ্রূলতেত্যার্ষং ছন্দোনুরোধাং অথবা শোভনে ভ্রূলতে যস্মিন্ স সুভ্রূলতঃ যুগং হস্ত চতুষ্কং তেনাঙ্কিতঃ সচাসৌ যুগাঙ্কিতশ্চেতি যদুক্তং মেদিনীকারেণ যুগো রথ হলাদ্যঙ্গে ন দ্বয়োস্তু কৃতাদিষু । যুগ্মে হস্ত চতুষ্কেপি বৃদ্ধিনামৌষধেপিচেতি ॥ ৬৫ ॥

প্রফুল্ল রক্ত কমল সদৃশ কোমল চরণ ও হস্ত পদ্মশালী, তথা প্রফুল্ল পদ্মলোচন, সুন্দর ভ্রূ যুগলাঙ্কিত, শোভন নাসা, শোভন কপোল ও শোভন মুখ পদ্ম সমন্বিত। অপর তাঁহার মুক্তা ফলতুল্য দন্ত, বিদ্রুম সদৃশ সুহাস্যান্বিত অধর, পূর্ণচন্দ্র সমতুল বদন পদ্ম। আর তিনি বাল সূর্য্য বর্ণ বিশিষ্ট কুণ্ডল দ্বয়ে বিরাজিত, সুস্নিগ্ধ নীলবর্ণ কুটিল কুন্তলে পরিশোভিত, মন্দার ও পারিজাত যুক্ত কবরীকৃত কেশশালী, প্রাতঃকালীয় বাল সূর্য্য তুল্য কৌস্তুভশোভিত ॥ ৬৫ ॥

হার স্বর্ণ স্রগাসক্ত কম্বু গ্রীবা বিরাজিতঃ।
সিংহ স্কন্ধনিভৈঃ প্রোচ্চৈঃ পীনৈরংশৈ র্বিরাজিতঃ॥ ৬৬॥
পীনবৃত্তায়তভুজৈশ্চতুর্ভি রুপশোভিতঃ।
অঙ্গুলীয়ৈশ্চ কটকৈঃ কেয়ূরৈরুপশোভিতঃ॥ ৬৭॥
বালার্ক কোটি সঙ্কাশৈঃ কৌস্তুভাদ্যৈঃ সুভূষণৈঃ।
বিরাজিত মহাবক্ষো বনমালাবিভূষিতঃ॥ ৬৮॥
বিধাতু র্জননস্থান নাভিপঙ্কজশোভিতঃ।

হার স্বর্ণস্রগ্ভ্যামাসক্তা যা কম্বুবদ্গ্রীবা তয়া বিরাজিতঃ। অংশৈ স্কন্ধৈঃ॥ ৬৬॥

পীনাঃ পুষ্টাঃ বৃত্তাঃ বর্ত্তুলাকারা আয়তা দীর্ঘাশ্চ যে ভুজাস্তৈঃ॥ ৬৭॥ কৌস্তুভাদ্যৈ র্বিভূষণৈর্বিরাজিতা যন্মহাবক্ষস্তত্র যা বনমালা তয়া শোভিতঃ সমস্তস্যাসমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গতিরিত্যনেন সঙ্গতিঃ করণীয়া। যদ্বা কৌস্তুভাদ্যৈ র্বিরাজিতং মহাবক্ষো যস্য স বিরাজিত মহাবক্ষাঃ স চাসৌ বনমালা বিভূষিতশ্চেতি অথবা কৌস্তুভাদ্যৈঃ সহ বিরাজিতং মহঃ কান্তির্যস্য স বিরাজিতমহাঃ॥ ৬৮॥

বিধাতুর্জনন স্থানং যন্নাভিপঙ্কজং তেন শোভিতঃ। অংশাংশিনো রভেদা

অপর হার ও স্বর্ণ মালায় আসক্ত কম্বু তুল্য গ্রীবায় তথা উচ্চ অথচ স্থূল স্কন্ধে বিরাজিত॥ ৬৬॥

আর পীন বর্ত্তুলা কার ও দীর্ঘ বাহু চতুষ্টয়ে তথা অঙ্গুরীয়ক, বলয় ও অঙ্গদে পরিশোভিত॥ ৬৭॥

এবং কোটি বাল সূর্য্য সদৃশ কৌস্তুভাদি মনোহর ভূষণ সকলে বনমালালঙ্কৃত বক্ষঃস্থল বিরাজিত॥ ৬৮॥

অপর তিনি বিধাতার জন্মস্থান রূপ নাভিপদ্মে সুশোভিত,

বালাতপ নিভ শ্লক্ষ্ণ পীত বস্ত্র সমন্বিতঃ।
নানা রত্ন বিচিত্রাঙ্ঘ্রি কটকাভ্যাং বিরাজিতঃ।
সজ্যোৎস্ন চন্দ্রপ্রতিম নখ পঙ্‌ক্তিভিরাবৃতঃ॥
কোটি কন্দর্পলাবণ্যঃ সৌন্দর্য্য নিধিরচ্যুতঃ॥ ৬৯॥
দিব্য চন্দন লিপ্তাঙ্গো বনমালা বিভূষিতঃ।
শঙ্খ চক্র গৃহীতাভ্যামুদ্বাহুভ্যাং বিরাজিতঃ।
বরদাভয় হস্তাভ্যামিতরাভ্যাং তথৈবচ॥ ৭০॥
বামাঙ্গ সংস্থিতা দেবী মহালক্ষ্মীর্মহেশ্বরী।

দেবোক্তিঃ॥ ৬৯॥

অবনৈ রক্ষকৈর্দত্তা যা মালাস্তাভির্বিভূষিতঃ। যদ্বা অবন শ্রেণ্যা বিভূষিতঃ।
যদ্বা বনমালয়া জলমালয়া তজ্জন্যত্বেন লক্ষণয়া অর্থাৎ পদ্মমালয়া বিভূষিতঃ।
উদ্বাহুভ্যাং ঊর্দ্ধস্থাভ্যাং। ইতরাভ্যাং নিম্ন হস্তাভ্যাং॥ ৭০॥
মহালক্ষ্মীং বর্ণয়ন্তি সার্দ্ধ সপ্তভিঃ। বামাঙ্গেতি সুবর্ণ রজত স্রজেতি দিশা

বাল সূর্য্য তুল্য মনোহর পীত বসন সমন্বিত, তথা নানা রত্ন খচিত বলয়া দ্বয়ে চরণ যুগল বিরাজিত, চন্দ্রিকা বিশিষ্ট চন্দ্র তুল্য নখ পঙ্‌ক্তিতে পরিবৃত, আর তিনি কোটি কন্দর্পের তুল্য লাবণ্য শালী ও সৌন্দর্য্যের নিধি স্বরূপ॥ ৬৯॥

দিব্য চন্দনে অঙ্গ সমুদায় পরিলিপ্ত ও বনমালায় বিভূষিত, তথা শঙ্খ চক্রে ঊর্দ্ধ বাহু দ্বয় এবং বর ও অভয় এই দুই দ্বারা নিম্ন বাহু দ্বয় পরিশোভিত॥ ৭০॥

অপর ঐ দেবের বামাঙ্গে স্বর্ণ বর্ণা, তরুণী, সুবর্ণ রজত মালা শালিনী, মহেশ্বরী মহালক্ষ্মী দেবী অবস্থিত আছেন,

হিরণ্যবর্ণা হরিণী সুবর্ণ রজত স্রজা।
সর্ব্বলক্ষণ সম্পন্না যৌবনারম্ভবিগ্রহা।
রত্ন কুণ্ডল সংযুক্তা নীল কুঞ্চিত শীর্ষজা।
দিব্য চন্দন লিপ্তাঙ্গী দিব্যপুষ্পোপশোভিতা।
মন্দার কেতকী জাতী পুষ্পাঞ্চিত সুকুন্তলা।
সুভ্রূঃ সুনাসা সুশ্রোণী পীনোন্নতপয়োধরা।
পরিপূর্ণেন্দুসঙ্কাশ সুস্মিতানন পঙ্কজা।
তরুণাদিত্য বর্ণাভ্যাং কুণ্ডলাভ্যাং বিরাজিতা।
তপ্তকাঞ্চন বর্ণাভা তপ্ত কাঞ্চন ভূষণা।
হস্তৈশ্চতুর্ভিঃ সংযুক্তা কনকাম্বুজভূষিতা ॥ ৭১ ॥
নানারত্ন বিচিত্রাঢ্য কনকাম্বুজ মালয়া।

বাচেতি বদ্ধলস্তাদাৎ প্রত্যয়ঃ। যদ্বা উপলক্ষণে তৃতীয়া ॥ ৭১ ॥

তিনি সর্ব্ব লক্ষণ সম্পন্না, নবযৌবন শালিনী, রত্ন কুণ্ডল সংযুক্তা, নীল বর্ণ কুঞ্চিত কেশা, দিব্য চন্দন লিপ্তাঙ্গী, মনোহর পুষ্প শোভিতা। অপর তাঁহার কেশ সকল মন্দার কেতকী ও জাতী পুষ্পে পরিশোভিত, মনোহর ভ্রূ, শোভন নাসিকা, সুন্দর শ্রোণীদেশ, পয়োধর পীন অথচ উন্নত, বদন পূর্ণচন্দ্র সদৃশ, হাস্যান্বিত মুখপদ্ম, তরুণারুণ সদৃশ কুণ্ডল দ্বয় কর্ণে বিরাজিত, তপ্ত কাঞ্চনের ন্যায় বর্ণ, তপ্ত কাঞ্চন ময় ভূষণ। অপর তিনি চারি হস্ত সমন্বিতা ও কনক পদ্মে বিভূষিতা ॥ ৭১ ॥

নানা রত্নে খচিত স্বর্ণ পদ্ম মালা, হার, কেয়ূর, বলয়,

হার কেয়ূরকটকৈ রঙ্গুরীয়ৈশ্চ ভূষিতা ॥ ৭২ ॥
ভুজযুগ্ম ধৃতোদগ্র পদ্মযুগ্ম বিরাজিতা।
গৃহীত মাতুলাঙ্গাখ্য জাম্বূনদ করাঙ্কিতা ॥ ৭৩ ॥
এবং নিত্যানপায়িন্যা মহালক্ষ্ম্যা মহেশ্বরঃ।
মোদতে পরম ব্যোম্নি শাশ্বতে সর্ব্বদা প্রভুঃ ॥ ৭৪ ॥
পার্শ্বয়োরবনী লীলে সমাসীনে শুভাননে।
অষ্টদিক্ষু দলাগ্রেষু বিমলাদ্যাশ্চ শক্তয়ঃ ॥ ৭৫ ॥

নানা রত্ন বিচিত্রৈ রাঢ্যা যুক্তা যা কনক পদ্মমালা তয়া বিভূষিতা ॥ ৭২ ॥
ভুজযুগ্মেন ধৃতং যদুদগ্রং নব্যং পদ্মযুগ্মং তেন বিরাজিতা। গৃহীতং মাতুলাঙ্গাখ্যং জাম্বূনদং যাভ্যাং তৌচ তৌ করৌ চেতি তাভ্যামঙ্কিতা ॥ ৭৩ ॥
এবমিত্থং ভূতায়া ॥ ৭৪ ॥
পার্শ্বদ্বয়ে। শুভে আননে যয়োস্তে। যদ্বা শ্রীপার্ব্বতী কর্ত্তৃক সম্বোধনং বিমলাদ্যাশ্চ শক্তয়ঃ সমাসীনা ইত্যর্থঃ ॥ ৭৫ ॥

ও অঙ্গুরীয়কে পরিশোভিতা ॥ ৭২ ॥

আর তাঁহার দুই ভুজে নূতন পদ্ম যুগল ধৃত, অন্য দুই ভুজে মাতুলাঙ্গাখ্য জাম্বূনদ বিভূষিত ॥ ৭৩ ॥

এবম্ভূতা অনপায়িনী মহালক্ষ্মীর সহিত প্রভু মহেশ্বর সর্ব্বদা নিত্য ধাম পরমব্যোমে বিরাজ করিতেছেন ॥ ৭৪ ॥

তাঁহার পার্শ্বদ্বয়ে শোভন মুখী অবনী ও লীলা উপবেশন করিয়া রহিয়াছেন। আর পদ্মের অষ্টদলাগ্রে বিমলাদি অষ্ট শক্তি বিরাজ করিতেছেন ॥ ৭৫ ॥

বিমলোৎকর্ষিণী জ্ঞানাঃ ক্রিয়া যোগা তথৈবচ।
প্রহ্বী সত্যা তথেশানা মহিষ্যঃ পরমাত্মনঃ।
গৃহীত্বা চামরান্ দিব্যান্ সুধাকর সমপ্রভান্।
সর্ব্বলক্ষণ সম্পন্না মোদন্তে পতিমচ্যুতং॥ ৭৬॥
দিব্যাপ্সরোগণাঃ পঞ্চ শতসংখ্যাশ্চ যোষিতঃ।
অন্তঃপুর নিবাসিন্যঃ সর্ব্বাভরণ ভূষিতাঃ।
পদ্মহস্তাশ্চ তাঃ সর্ব্বাঃ কোটি বৈশ্বানরপ্রভাঃ।
সর্ব্বলক্ষণ সম্পন্নাঃ শীতাংশু সদৃশাননাঃ॥ ৭৭॥

তাসাং নামানি সেবাশ্চাহ বিমলোৎকর্ষিণীতি। অচ্যুতং পতিং প্রাপ্য তা মোদন্ত ইতি যোজ্যং। যদ্বা অচ্যুতং পতিং মোদয়ন্তীত্যর্থঃ অন্তর্ভাবিত ণ্যর্থত্বাৎ॥ ৭৬॥

দিব্যাপ্সরো গণাঃ যোষিতশ্চ মোদন্ত ইতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ৭৭॥

যথা বিমলা, উৎকর্ষিণী, জ্ঞানা, ক্রিয়া, যোগা, প্রহ্বী, সত্যা এবং ঈশানা, পরমাত্মার এই আটটী শক্তি, ইহাঁরা সকলেই সর্ব্ব লক্ষণ সম্পন্না, করে সুধাকর কর সদৃশ দিব্য চামর গ্রহণ করিয়া অচ্যুত পতিকে আমোদিত করিতেছেন॥ ৭৬॥

আর তথায় দিব্য অপ্সরোগণ, তথা পঞ্চ শত যোষিৎ, ইহাঁরা সকল অন্তঃপুরবাসিনী ও সর্ব্বাভরণ ভূষিত, ইহাঁদের সকলেরই হস্তে পদ্ম এবং সকলেই কোটি অগ্নি তুল্য প্রভাশালিনী, সর্ব্ব সল্লক্ষণ সম্পন্না ও সকলেরই বদন চন্দ্র সদৃশ॥ ৭৭॥

তাভিঃ পরিবৃতো রাজা শুশুভে পরমঃ পুমান্।
অনন্তবিহগাধীশ সেনান্যাদ্যৈঃ সুরেশ্বরৈঃ।
অন্যৈঃ পরিজনৈর্মুক্তৈ র্নিত্যৈশ্চ পরিসংবৃতঃ।
মোদতে রময়া সার্দ্ধং ভোগৈশ্বর্য্যৈঃ পরঃ পুমানিতি ॥৭৮॥
অত্র কারিকাঃ ॥
এই প্রকার অনন্তশায়ি রূপ মূর্ত্তি সমূহ দ্বারা শ্রীকৃষ্ণ মথুরাপুরে সুন্দর রূপে পুরুষাবতারের লীলা সকল প্রকাশ করিয়া

অনন্তশাস্ত্রি রূপাভিঃ ক্রিয়তে সুষ্ঠু মূর্ত্তিভিঃ॥ ১৭॥
যদা যদাচ সা লীলা কৃষ্ণেন প্রকটীকৃতা।
ভবেত্তত্তদুপাখ্যানং পুরাণেষ্বিতি বিশ্রুতং॥ ১৮॥
যানি রামদি রূপাণি প্রাদুশ্চক্রে স্বকেলিষু।
তান্যধিষ্ঠান রূপেণ রাজন্তে হৃদ্যাপি মাথুরে॥ ১৯॥
গো পরার্দ্ধপয়ঃ পুরৈর্জনিতঃ ক্ষীরবারিধিঃ।
মমন্থাজিত রূপস্তং গোপৈর্দেবাসুরীকৃতৈঃ॥ ২০॥
অতএব ব্রহ্মাণ্ডে॥

তৎ তদা যদ্যং পাপং প্রতিজহি জগন্নাথ নত্রস্তু তন্ম ইতি বচ্চরম প্রযুক্তে নৈকেন তদাদি পদেন যদ্যদাদ্যাকর্ষণাৎ॥ ১৮॥

অধিষ্ঠান রূপেণ প্রতিমা রূপেণ॥ ১৯॥

যঃ ক্ষীরবারিধি র্জনিতস্তং মমন্থেত্যন্বয়ঃ॥ ২০॥

ছেন॥ ১৭॥

শ্রীকৃষ্ণ যখন যখন যে যে লীলা প্রকাশ করিয়াছেন পুরাণ সকলে সেই সেই লীলার উপাখ্যান বিশ্রুত আছে॥ ১৮॥

স্বকীয় লীলা সকলে যে সমুদায় রামাদি রূপ প্রকটন করিয়াছেন, অদ্যাপি মথুরাপুরে তৎ সমুদায় প্রতিমারূপে বিরাজ করিতেছেন॥ ১৯॥

পরার্দ্ধ সংখ্যা গাভীর দুগ্ধ দ্বারা যে ক্ষীর সাগর উৎপন্ন হইয়াছিল, দেবাসুর মূর্ত্তিধারি গোপগণ সহ ভগবান্ অজিত তাহা স্বয়ং মন্থন করিয়াছিলেন॥ ২০॥

অতএব ব্রহ্মাণ্ডপুরাণে॥

যো বৈকুণ্ঠে চতুর্ব্বাহু র্ভগবান্ পুরুষোত্তমঃ।
য এব শ্বেতদ্বীপেশো নরো নারায়ণশ্চ যঃ।
সএব বৃন্দাবন ভূং বিহারী নন্দনন্দনঃ।
এতস্যৈব পরেঽনন্তা অবতারা মনোহরাঃ।
মহাগ্নেরিহ যদ্বৎ স্যুরুল্কাঃ শত সহস্রশঃ।

যো ভগবান্নন্দনন্দনঃ বৈকুণ্ঠে চতুর্ব্বাহুঃ। য এব নন্দনন্দন এব শ্বেতদ্বীপস্য ঈশঃ অনিরুদ্ধাখ্য ঈশ্বরঃ। যএব নন্দনন্দন এব নর নারায়ণশ্চ অত্র যদ্যপি নরনারায়ণয়োরেক এবাবতারস্তথাপন্য নারায়ণ ভ্রম নিরাসায় নরপদ মত্র বিশেষণং দত্তং সাহচর্য্যাৎ তৎ সহচরী তস্তুাতেতি পর্য্যবসিতার্থঃ। স এব নন্দনন্দন এব বৃন্দাবন ভূবিহারী বৃন্দাবনে যা ভুবঃ প্রকটস্থানানি তেষু বিহারীত্যর্থঃ। যদ্বা বৃন্দাবনে যো ভূবাং স্থানানাং বিহারস্তদ্বিশিষ্ট ইত্যর্থঃ। তত্র তাদৃশ স্থান নিকরস্য বৃন্দাবন প্রদেশ মাত্রেষু বিশ্রামাস্তত্রত্যাবতার রূপেণ তত্র বিহারীত্যর্থঃ। অত্র চতুর্বাহ্বাদীননূদ্য নন্দনন্দনস্য বিধেয়ত্বেন কেচিদ্ব্যাচক্ষত তানাহ এতস্যৈবেতি এতস্যৈব নন্দনন্দনস্যৈব নতু তেষামেব ইত্যর্থঃ। দৃষ্টান্ত মাহ মহাগ্নেরিতি ইবেতি বাক্যালঙ্কারে এব কারার্থে বা। তত্রৈব মহাগ্নেরেব তে অবতারাস্তত্রৈব নন্দনন্দন এব হরৌ অত্র পদসা স্তত্রতয়া দ্বাভ্যামন্বয়ঃ

যে ভগবান্ নন্দনন্দন পুরুষোত্তম বৈকুণ্ঠে চতুর্ব্বাহু, যে ভগবান্ নন্দনন্দন শ্বেত দ্বীপের ঈশ্বর, অনিরুদ্ধ নামক যে ভগবান্ নন্দনন্দন নর নারায়ণ, সেই নন্দনন্দই বৃন্দাবন ভূমি বিহারী। এই নন্দনন্দনেরই মনোহর অবতার সকল অসংখ্য। যেমন মহাগ্নি হইতে শত সহস্র উল্কা উৎপন্ন হইয়া পুনরায় তাহাতেই লীন হয়, তদ্রূপ নন্দনন্দন হরি হইতে অবতার সকল উৎপন্ন হইয়া পুনরায় তাঁহাতেই গিয়া

তত্রৈব লীলা একত্বং ব্রজেয়ুস্তে হরৌ তথেতি ॥ ২১ ॥
ইতি সিদ্ধা প্রভোরস্য মহদংশৈস্তু যুক্ততা।
অতএব পুরাণাদৌ কেচিন্নরসখাত্মতাং।
মহেন্দ্রানুজতাং কেচিৎ কেচিৎ ক্ষীরাব্ধিশায়িতাং।
সহস্র শীর্ষতাং কেচিৎ কেচিৎ বৈকুণ্ঠনাথতাং।
ব্রূয়ুঃ কৃষ্ণস্য মুনয় স্তত্তদ্বৃত্ত্যাবগামিনঃ ॥ ২২ ॥
উপোদ্ঘাতং সমাপ্যাথ প্রকৃতং লিখ্যতে পুনঃ ॥ ২৩ ॥

কৃতি প্রযত্ন প্রযোজ্যঃ ॥ ২১ ॥

মহদংশৈর্মহদ্ভিরংশৈশ্চেত্যর্থঃ। অতএব মহদংশ যোগাদেব। কেচিৎ পরাশরাদয়ঃ। মহেন্দ্রানুজতাং সহস্রশীর্ষতাং প্রথম পুরুষতাং তত্তদ্বৃত্ত্যাবগামিনো মুনয়ো ব্রূয়ুর্ন তু তেষাং দোষ ইতি ভাবঃ ॥ ২২ ॥

প্রকৃতং প্রস্তুতং ॥ ২৩ ॥

প্রবেশ করেন ॥ ২১ ॥

অতএব প্রভু শ্রীকৃষ্ণের মহৎ অংশ সকল দ্বারা যুক্ততা প্রসিদ্ধ, একারণ পুরাণাদিতে কোন কোন ঋষিগণ শ্রীকৃষ্ণের নরসখ নারায়ণত্ব, কোন কোন ঋষিগণ বামনত্ব, কোন কোন ঋষিগণ ক্ষীরাব্ধিশায়িত্ব, কোন কোন ঋষিগণ সহস্র শীর্ষতা অর্থাৎ প্রথম পুরুষত্ব এবং কোন কোন ঋষিগণ বৈকুণ্ঠনাথত্ব বলিয়া বর্ণন করিয়াছেন, কিন্তু যে ঋষি যে ভাবাক্রান্ত তিনি সেই মূর্ত্তির অনুগামী হইয়া তত্তন্মূর্ত্তি রূপে শ্রীকৃষ্ণকে বর্ণন করিয়াছেন ॥ ২২ ॥

যাহা হউক প্রাসঙ্গিক প্রস্তাব সমাপনানন্তর পুনরায়

অজো জন্মবিহীনোপি জাতো জন্মাবিরাচরৎ ॥ ২৪ ॥
নন্বেকস্য কিলাজত্বং জন্মিত্বঞ্চ বিরুধ্যতে।
ইত্যাশঙ্ক্যাহ ভগবানচিন্ত্যৈশ্বর্য্য বৈভবঃ ॥ ২৫ ॥
তত্র তত্র যথা বহ্নি স্তেজোরূপেণ সন্নপি।
জায়তে মণি কাষ্ঠাদের্হেতুং কিঞ্চিদবাপ্য সঃ ॥ ২৬ ॥
অনাদিমেব জন্মাদি লীলামেব তথাদ্ভুতাং।

আবিরাচরৎ আবিশ্চকার ॥ ২৪ ॥
বিরুদ্ধ্যতে বিরুদ্ধং ভবতি ॥ ২৫ ॥
তত্র মণি কাষ্ঠাদৌ সন্নপি বর্ত্তমানোপি মণিকাষ্ঠাদেঃ সকাশাৎ আদিনা তৃণাদীনাং গ্রহণং। হেতুং ঘর্ষণাদিকং অবাপ্য জায়তে প্রাদুর্ভবতি ॥ ২৬ ॥
দার্ষ্টান্তিকমাহ অনাদিমিতি। জন্মাদি লীলানাগনাদিত্বং কথমিত্যাহ

প্রকৃত প্রস্তাব লিখিতেছি ॥ ২৩ ॥

তৃতীয় স্কন্ধের "স্বয়ং ত্বসম্যাতিশয়" এই পদ্যের চতুর্থ চরণে যে অজ শব্দ আছে, তাহার অর্থ এই, যিনি জন্ম বিহীন হইয়াও, জাত শব্দের অর্থ জন্ম অর্থাৎ প্রাদুর্ভূত হইয়া ছিলেন ॥ ২৪ ॥

অহে! এস্থলে যদি এরূপ আশঙ্কা কর, একের অজত্ব ও জন্মিত্ব অর্থাৎ যাঁহার জন্ম নাই তিনিই জন্ম গ্রহণ করেন এ কিরূপে সম্ভব হয়, এ বিষয়ের সমাধান এই যে, তিনি ভগবান্ অর্থাৎ অচিন্ত্যৈশ্বর্য্য বৈভব শালী, তাঁহাতে সকলই সম্ভব হয় ॥ ২৫ ॥

অগ্নি যেমন মণিকাষ্ঠাদিতে তেজঃ রূপে বর্ত্তমান থাকিলেও ঐ মণিকাষ্ঠাদির ঘর্ষণ রূপ হেতু প্রাপ্ত হইয়া প্রকাশ পায় ॥ ২৬

তাহার ন্যায় শ্রীকৃষ্ণ কোন অনির্ব্বচনীয় কারণ অবলম্বন

হেতুনা কেনচিৎ কৃষ্ণঃ প্রাদুষ্কুর্য্যাৎ কদাচন ॥ ২৭ ॥
স্বলীলা কীর্ত্তি বিস্তারাল্লোকেষনুজিঘৃক্ষুতা।
অস্য জন্মাদি লীলানাং প্রাকট্যে হেতুরুত্তমাঃ ॥ ২৮ ॥
তথা ভয়ঙ্করতরৈঃ পীড্যমানেষু দানবৈঃ।
প্রিয়েষু করুণাপ্যত্র হেতুরিত্যুক্তমেবহি ॥ ২৯ ॥
ভূমিভারাপহারায় ব্রহ্মাদৌ স্ত্রিদশেশ্বরৈঃ।

অদ্ভুতাং তর্কাদ্যগোচরামিত্যর্থঃ। অলৌকিকাশ্চ যে ভাবা ন তাং স্তর্কেণ যো জয়েদিতি স্মৃতেঃ অলৌকি সিদ্ধেভূর্ষণমেতন্নতু দূষণমিতি ন্যায়াচ্চ। কদাচন বৈবস্বতমন্বন্তরীয়াষ্টাবিংশ চতুর্যুগীয় দ্বাপর শেষে ॥ ২৭ ॥

হেতুমাহ সলিলেতি অনুজিঘৃক্ষুতা অনুগ্রহং কর্ত্তুমিচ্ছতা। অস্য শ্রীকৃষ্ণস্য ॥ ২৮ ॥

স্বশাস্ত্র রূপেম্বপীতি যোজনয়া সঙ্গময়ন্নাহ তথেতি। প্রিয়েম্বপি করুণা হেতুরিতি যোজ্যং ॥ ২৯ ॥

করিয়া কখন অর্থাৎ বৈবস্বত মন্বন্তরীয় অষ্টাবিংশ চতুর্যুগীয় দ্বাপরাবশেষে অদ্ভুত অনাদি জন্মাদি লীলা প্রকাশ করিয়া থাকেন ॥ ২৭ ॥

স্বীয় লীলা কীর্ত্তি বিস্তার দ্বারা লোক সকলের প্রতি অনুগ্রহ করণেচ্ছাই শ্রীকৃষ্ণের জন্মাদি সকলের প্রাকট্য বিষয়ে উত্তম হেতু ॥ ২৮ ॥

তথা ভয়ঙ্কর দানব গণ কর্তৃক প্রিয়তম সকল পীড়িত হইলে তাহাদের প্রতি করুণাই এস্থলে হেতু, ইহাই উক্ত হইল ॥ ২৯ ॥

অংশের কার্য্যও অংশিতে ঘটনা করিয়া হেতুর আভাস

অভ্যর্থনন্তু যত্তস্য তত্তবেদানুষঙ্গিকং ॥ ৩০ ॥
চেদদ্যাপি দিদৃক্ষেরন্নুৎকণ্ঠার্ত্তা নিজপ্রিয়াঃ।
তাং তাং লীলাং ততঃ কৃষ্ণো দর্শয়েত্তান্ কৃপানিধিঃ ॥ ৩১
কৈরপি প্রেমবৈবশ্য ভাগ্‌ভির্ভাগবতোত্তমৈঃ।
অদ্যাপি দৃশ্যতে কৃষ্ণঃ ক্রীড়ন্ বৃন্দাবনান্তরে ॥ ৩২ ॥
কিঞ্চ ॥ ৩৩ ॥

অংশ কার্য্যমপ্যংশিনি ঘটয়িত্বা হেত্বাভাসমাহ ভূমীতি ॥ ৩০ ॥

নন্নু তৎকালাবচ্ছেদ এব তস্মৈ তাদৃশী লীলা শ্রুতি স্মৃতি সিদ্ধাস্তি সম্প্রতি ভজনানুসন্ধানান্নানা জন্মান্তরীয় সুভাদৃষ্টৈস্তাদৃশ কাল উপস্থিত এব দর্শনাদি র্ভবতীতি শঙ্কাং পরিহরন্নাহ চেদিতি তান্ নিজপ্রিয়ান্ ॥ ৩১ ॥

ঐতিহ্য প্রমাণেনাহ কৈরপীতি ॥ ৩২ ॥

তস্য জন্মাদি লীলানাং প্রাকট্যেঽপি নিত্যত্বং প্রদর্শ্য তন্মূর্ত্তে র্নিত্যত্বং বক্তুং

বলিতেছেন। যথা ভূমির ভার অপহরণ নিমিত্ত ব্রহ্মাদি দেবেশ্বরগণ কর্তৃক শ্রীকৃষ্ণের যে আরাধনা, তাহাই এস্থলে আনুষঙ্গিক ॥ ৩০ ॥

অদ্যাপি যদি নিজ প্রিয় ভক্তগণ উৎকণ্ঠায় কাতর হইয়া যে যে লীলা দেখিতে ইচ্ছা করেন কৃপানিধি শ্রীকৃষ্ণ তাঁহা দিগকে সেই সেই লীলা দেখাইয়া থাকেন ॥ ৩১ ॥

ঐতিহ্য অর্থাৎ ইতিহাস পরম্পারা গত প্রবাদ কথা দ্বারা কহিতেছেন। কোন কোন ভাগবতোত্তম প্রেমে বিবশ হইয়া অদ্যাপিও শ্রীকৃষ্ণ বৃন্দাবন মধ্যে ক্রীড়া করিতেছেন দেখিতে পান ॥ ৩২ ॥

শ্রীকৃষ্ণের জন্মাদি লীলা সকলের প্রকটতাতেও নিত্যত্ব

যস্য পারিষাদাদীনামপ্যুক্তা নিত্য মূর্ত্তিতা।
তস্যেশ্বরেশিতু র্নিত্য মূর্ত্তিত্বে কা বিচিত্রতা ॥ ৩৪ ॥
তথাপি শুষ্কবাদৈক নিষ্ঠানাং হেতুবাদিনাং।
তূষ্ণীম্ভাবায় বচনং পুরাণাদে র্বিলিখ্যতে ॥ ৩৫ ॥
তথাহি শ্রীদশমে ব্রহ্মস্তুতৌ ॥
ত্বয্যেব নিত্য সুখবোধতনাবনন্তে

প্রক্রমতে কিঞ্চেতি ॥ ৩৩ ॥

নিত্য মূর্ত্তিতা উক্তা অন্যৈঃ পরিজনৈ র্মুক্তৈ র্নিত্যৈশ্চ পরিসংবৃত ইত্যাদি শ্রীপাদ্মোত্তর খণ্ড বচনেন কথিতেত্যর্থঃ। কা বিচিত্রতা ন কিমপি বৈচিত্র্য মিত্যর্থঃ ॥ ৩৪ ॥

শুষ্কোঽফলো যো বাদ স্তন্মাত্র নিষ্ঠানাং। যদ্বা শুষ্ক এব বাদো যেষু তানি অসত্তর্ক জরন্মীমাংসা সৌগত শাস্ত্রাণি তেষু এক নিষ্ঠা যেষাং ॥ ৩৫ ॥

মায়াতো দুস্তর্ক শক্তিত উদ্যৎ উদ্ভবৎ যদপি প্রলীনং ভবচ্চ অপি শব্দস্য

দেখাইয়া তদীয় মূর্ত্তির নিত্যত্ব বলিবার নিমিত্ত আরম্ভ করিতেছেন যথা ॥ ৩৩ ॥

শ্রীকৃষ্ণের পারিষদগণেও যখন নিত্য মূর্ত্তিতা বলিয়া কথিত হইয়াছে, তখন সেই শ্রীকৃষ্ণ ঈশ্বর, তাঁহার নিত্য মূর্ত্তিত্ব বিষয়ে বিচিত্রতা কি? ॥ ৩৪ ॥

তথাপি শুষ্কবাদ মাত্র নিষ্ঠ হেতু বাদিদিগের তূষ্ণীম্ভাবের নিমিত্ত পুরাণাদির বচন সকল লিখিতেছি ॥ ৩৫ ॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা ॥

শ্রীদশমে ব্রহ্মস্তবে ১৪ অধ্যায়ে ২১ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন অতএব অসৎ স্বরূপ, স্বপ্ন তুল্য, প্রতিভাস

মায়াত উদ্যদপি যৎ সদিবাবভাতি ॥ ৩৬ ॥

শ্রীব্রহ্মাণ্ডে ॥

অনাদেয়মহেয়ঞ্চ রূপং ভগবতো হরেঃ।

চার্থত্বাৎ তস্মাদিদং জগদশেষমসৎ স্বরূপং স্বপ্নাভ মস্তধিষণং পুরু দুঃখ মিতি পূর্ব্বার্দ্ধে স্থিতমিদং জগদিতি বিশেষ্যং ত্বয়ি সদিব অবভাতি ত্বদীয় তত্তৎ সত্তয়ৈব যৎ কিঞ্চিত্তত্তৎ সত্তাং প্রাপ্নোতীত্যর্থঃ মায়য়া অপি স্বচ্ছক্তিত্বেন ত্বদাশ্রয়তা মাত্রতঃ সম্ভাবাদিতি ভাবঃ। তাদৃশ ত্বদ্ব্যতিরেকেতু পূর্ব্বার্দ্ধে অসৎ স্বরূপমিত্যাদি বিশেষণ চতুষ্টয়ং মন্তব্যং। নমু মামাশ্রিত্য কথমেতৎ সম্ভেঃ ভাতীত্যাহ নিত্যেতি নিত্য সুখ স্বরূপা বোধ রূপাচ তনু র্নরাকৃতি পরব্রহ্ম রূপো বিগ্রহো যস্ত তস্মিন্ অতএব স্বামি চরণৈঃ সদিবেত্যুপলক্ষণ মেতৎ নিত্যমিব সুখমিব চেতনমিব চেতি ব্যাখ্যাতং। ত্বয়ি ত্বামাশ্রিত্যেতি শ্রীতো-ষণীকার চরণৈঃ। অথবা উদ্যদিত্যত্র উৎ পূর্ব্বাদিণধাতোঃ উদ্গমনার্থ মুদ্ভব নার্থত্বঞ্চ শ্লিষ্টং যদ্বস্মাৎ। যদ্বা। মায়াত উদ্যদপি জগৎ ত্বয়ি ত্বামাশ্রিত্য যৎ জ্ঞানান্বিতং তৎ সদিব নিত্যমিবাবভাতি গত্যর্থস্ত জ্ঞানার্থত্বাৎ ॥ ৩৬ ॥

রূপং মূর্ত্তিঃ অনাদেয় মগ্রাহ্যং অজন্যমিত্যর্থঃ। তর্হি পরিত্যাজ্যমিত্যাহ

শূন্য, দুঃখ বহুল, এই যে অশেষ জগৎ, নিত্য সুখ ও নিত্য জ্ঞান ময় মূর্ত্তি অনন্ত যে আপনি, আপনাতে মায়া দ্বারা উদ্ভূত হওয়াতে যদিও শেষে বিনশ্বর, তথাচ নিত্য বৎ প্রকাশ পাইতেছে, অর্থাৎ আপনি অধিষ্ঠান হওয়াতে আপনার গুণে তত্তৎ প্রকারে প্রকাশিত হইতেছে ॥ ৩৬ ॥

ব্রহ্মাণ্ডপুরাণে যথা ॥

ভগবান্ হরির যে শ্রীমূর্ত্তি অজন্য ও অপরিত্যাজ্য তাহা

আবির্ভাবতিরোভাবাবস্যোক্তে গ্রহমোচনে ॥ ৩৭ ॥

শ্রীবৃহদ্বৈষ্ণবে ॥

নিত্যাবতারো ভগবান্নিত্যা মূর্ত্তির্জগৎপতিঃ।

নিত্য রূপো নিত্য গন্ধো নিত্যৈশ্বর্য্য সুখানুভূঃ ॥ ৩৮ ॥

পাদ্মে।

শ্রীব্যাসাম্বরীষ সম্বাদে শ্রীকৃষ্ণং প্রতি শ্রীব্যাসবচনং ॥

অহেয়ঃ অত্যাজ্যঃ। ননু তর্হি পুরাণেষু জন্মগ্রহণ মোচনে কথং শ্রূয়তে ইত্যাহ অস্য গ্রহ মোচনে আবির্ভাবতিরো ভাবৌ উক্তে কথিতে ইত্যন্বয়ঃ। অত্র অনুবাদস্যৈব লিঙ্গগ্রহণং। যদ্বা আবির্ভাব তিরো ভাবাবেব গ্রহমোচনে উক্তে ইতি যোজ্যং ॥ ৩৭ ॥

অথস্য তাবৎ শরীরস্য নিত্যত্বং তদীয় গন্ধাদিকমপি নিত্যমিত্যাহ নিত্যাবতার ইতি নিত্যা অবতারা যস্য অবতারিণস্তস্য মুদ্ভবনার্থঃ যদুক্তং শ্রী বারাহে। নাং নিত্যং মথুরা বিদ্ধি নং বৃ বনং তথা। মমাবতারো নিত্যোঽয়মত্র মাসংশয়ং কৃথা ইতি ॥ ৩৮ ॥

আবির্ভাব এবং তিরোভাবাখ গ্রহণ ও মোচন বলিয়া উক্ত হইয়াছে ॥ ৩৭ ॥

বৃহদ্বিষ্ণুপুরাণে যথা ॥

ভগবান্ জগৎ পতির অবতার সকল নিত্য, তাঁহার মূর্ত্তি নিত্য, তাহার রূপ নিত্য, তাঁহার গন্ধ নিত্য এবং তিনি নিত্য ঐশ্বর্য্য ও নিত্য সুখ স্বরূপ ॥ ৩৮ ॥

পদ্মপুরাণে ব্যাসাম্বরীষ সম্বাদে

শ্রীকৃষ্ণের প্রতি ব্যাস বাক্য যথা ॥

ত্বামহং দ্রষ্টুমিচ্ছামি চক্ষুর্ভ্যাং মধুসূদন।
যত্তৎ সত্যং পরং ব্রহ্ম জগদ্যোনিং জগৎপতিং।
বদন্তি বেদশিরস শ্চাক্ষুষং নাথমেঽস্তু তৎ॥ ৩৯॥
শ্রীকৃষ্ণ বাক্যং॥
পশ্য ত্বং দর্শয়িষ্যামি স্বরূপং বেদগোপিতং।
ততোঽপশ্যমহংভূপ বালং কালাম্বুদপ্রভং।
গোপকন্যাবৃতং গোপং হসন্তং গোপবালকৈঃ।
কদম্ব মূল আসীনং পীতবাসসমচ্যুতং॥ ৪০॥

বেদশিরসঃ উপনিষদঃ॥ ৩৯॥
ততঃ শ্রীকৃষ্ণ বচনানন্তরং ভূপ হে অম্বরীষ বালং ষোড়শ বর্ষীয়ং যত্তুক্তমগ্রে শ্রীগ্রন্থকৃচ্চরণৈঃ বর্ষাদাষোড়শাদ্বালা মিতি লোকে মতান্তবমিতি॥ ৪০॥

হে মধুসূদন! আমি চক্ষুর্দ্বয় দ্বারা আপনাকে দেখিতে ইচ্ছা করিতেছি, উপনিষৎ সকল আপনাকে যে কোন সত্য, পরম ব্রহ্ম, জগৎ যোনি ও জগৎপতি বলিয়া বর্ণন করেন, হে নাথ! তাহাই আমার চক্ষু র্গোচর হউক॥ ৩৯॥

শ্রীকৃষ্ণ কহিলেন হে মুনে! অবলোকন কর, আমি তোমাকে দেবগুহ্য মূর্ত্তি দর্শন করাইতেছি॥

শ্রীকৃষ্ণের এই বাক্যের পর ব্যাসদেব কহিলেন।

রাজন্! তাহার পর আমি শ্রীকৃষ্ণকে দর্শন করিয়াছিলাম, আহা! সেই মূর্ত্তির কি আশ্চর্য্য শোভা, তাহা নীলাম্বুদ প্রভ বাল রূপ, গোপকন্যা পরিবৃত, গোপবেশ, গোপবালকদিগের সহিত হাস্য কারি, কদম্ব মূলে আসীন এবং পীত বাস॥ ৪০॥

তত্রৈবাগ্রে ॥

ততো মামাহ ভগবান্ বৃন্দাবন চরঃ স্ময়ন্।
যদিদং মে ত্বয়া দৃষ্টং রূপং দিব্যং সনাতনং
নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং সচ্চিদানন্দবিগ্রহং।
পূর্ণং পদ্মপলাশাক্ষং নাতঃ পরতরং মম ॥ ৪১ ॥
ইদমেব বদন্ত্যেতে বেদাঃ কারণ কারণং।
সত্যং ব্যাপি পরানন্দঃ চিদ্ঘনং শাশ্বতং শিবং ॥ ৪২ ॥

তত এতদ্রূপ দর্শনাস্তরং মাংব্যাসং নিষ্ক্রিয়ং প্রাকৃত ক্রিয়া রহিতং অতো হস্মাদ্রূপাৎ পরতর মুৎকৃষ্টমন্যন্নাস্তীত্যর্থঃ ॥ ৪১ ॥

নমু নিরীহং নিরাকারং ব্রহ্ম এতস্মাদ্ ব্রহ্মাদয়ো জায়েরন্নিত্যাদি শ্রুতি প্রমাণেন সর্ব্বকারণং ব্রহ্মৈবেতি সত্যং তত্রাপি কারণমিদমিতি দর্শয়ন্নাহ ইদমেবতি সত্যং নত্বন্য বন্নশ্বরং ব্যাপি নত্বন্যবদ্ব্যাপ্যং ক্ষণিকানন্দ বারণায় পরানন্দং অমূর্ত্তত্ব বারণায় চিদ্ঘনং জ্ঞানানি ঘনানি যস্মিন্নন্যত্রতু তল্লেশোদয়া স্নৈবিদ্যাভাবঃ। শাশ্বতং নবায়মানং শাশ্বতষ্টণ টিকণৌ চেতি সূত্র তদেবার্থ ত্বাৎ শিবং মঙ্গল করং ॥ ৪২ ॥

ঐ পদ্মপুরাণে ॥

তাহার পর বৃন্দাবন বিহারী ভগবান্ হাস্য বদনে আমাকে কহিলেন ব্যাস! তুমি আমার যে রূপ সন্দর্শন করিলা, ইহা অলৌকিক, সনাতন, নির্ম্মল, নিষ্ক্রিয়, শান্ত, সচ্চিদানন্দ মূর্ত্তি পরিপূর্ণ ও পদ্মপলাশ লোচন, ইহা অপেক্ষা আর আমার উৎকৃষ্ট রূপ নাই ॥ ৪১ ॥

বেদ সকল এই রূপকেই সর্ব্ব কারণের কারণ, সত্য, সর্ব্ব ব্যাপক, পরমানন্দ, জ্ঞানঘন, নিত্য নূতন ও মঙ্গল প্রদ ॥ ৪২ ॥

শ্রীবাসুদেবোপনিষদি ॥

মদ্রূপমদ্বয়ং ব্রহ্ম মধ্যাদ্যন্তবিবর্জিতং।
স্বপ্রভং সচ্চিদানন্দং ভক্ত্যা জানাতি চাব্যয়মিতি ॥ ৪৩ ॥
নম্বরূপঃ স্বতঃ কৃষ্ণো দৃশ্যো মায়িকরূপতঃ ॥ ৪৪॥

তথাহি মোক্ষধর্ম্মে শ্রীভগবদ্বচনং যথা ॥

মদ্রূপং কর্ম্ম ভক্ত্যা জানাতীত্যন্বয়ঃ কদৃশং অদ্বয়ং পুনঃ কীদৃশং ব্রহ্ম ব্যাপকং। যদ্বা মমৈব রূপ মদ্বিতীয়ং ব্রহ্ম অত্র রূপ মনূদ্য ব্রহ্মণো বিধেয় তয়া তদতিরিক্তত্বং তৎ কারণত্বঞ্চাস্য দ্যোতিতং ॥ ৪৩ ॥

তাদৃশ পূর্ব্বপক্ষাবসব রাদ্ধান্তঃ সুখকর ইতি জৈমিনি মতমাশ্রিত্য শ্রীমোক্ষ ধর্ম্ম পদ্মপুরাণীয় বচনান্যুত্থায় পূর্ব্বপক্ষ মাহ নম্বরূপ ইতি অরূপঃ অমূর্ত্তিকঃ ॥ ৪৪ ॥

যথাঽন্যো রূপবানিতি হেতো দৃশ্যতে তথায় মপীত্যেতত্ত্বয়া ন বিজ্ঞেয়ং ততশ্চ স্বস্য রূপিত্বেপ্যদৃশ্যত্ব মুক্ত্বা নিজরূপস্যাপ্রাকৃতত্বমেব দর্শিতং। তদ্দর্শ-

---

শ্রীবাসুদেব উপনিষদে যথা ॥

আমার রূপ অদ্বয় ব্রহ্ম, আদ্য মধ্য অন্ত বর্জিত, স্বপ্রকাশ, সচ্চিদানন্দ এবং অব্যয়, ভক্তি দ্বারা এই রূপ জানিতে পারে ॥ ৪৩ ॥

অহে! শ্রীকৃষ্ণ স্বভাবতই অরূপ, কিন্তু মায়িক রূপ বশতই দৃশ্য হইয়া থাকেন ॥ ৪৪ ॥

এই বিষয়ের প্রমাণ যথা ॥

মোক্ষধর্ম্মোত্তরে ॥

ভগবান্ কহিলেন নারদ! যেমন অন্য পদার্থ রূপবান্ হেতু দৃশ্য হয়, তাহার ন্যায় তুমি আমার এরূপ জানিতে

এতত্ত্বয়া নবিজ্ঞেয়ং রূপবানিতি দৃশ্যতে।
ইচ্ছন্মুহূর্ত্তান্নশ্যেয়মীশোহহং জগতো গুরুঃ।
মায়া হ্যেষা ময়া সৃষ্টা যন্মাং পশ্যসি নারদ।
সর্ব্বভূত গুণৈ র্যুক্তং নৈবং ত্বং জ্ঞাতুমর্হসীতি॥ ৪৫॥
তথাহি পাদ্মে॥
অনাম রূপ এবায়ং ভগবান্ হরিরীশ্বরঃ।
অকর্ত্তেতি চ যো বেদৈঃ স্মৃতিভিশ্চাভিধীয়ত ইতি॥ ৪৬॥

নেচ পরম কৃপামব্যকুণ্ঠা মমেচ্ছৈব কারণমিত্যাহ ইচ্ছন্নিতি নশ্যেয়ং অদৃশ্যতা মাপদ্যেয়ং। তত্র স্বাতন্ত্র্যং জগদ্বিলক্ষণত্বঞ্চ হেতুমাহ ঈশ ইতি। তথাপি মাং সর্ব্বভূত গুণৈর্যুক্তং যং পশ্যসি তদ্যুক্তত্বেন যৎ প্রত্যেষি এষা মায়া ময়ৈব সৃষ্টা মম মায়য়ৈব তথা ভানমিত্যর্থঃ। তস্মান্নৈবমিত্যাদি মায়াত্র প্রভাবণ শক্তিঃ। স্বাং কৃপাদষ্টয়োর্ময়েতি বিশ্বপ্রকাশাৎ॥ ৪৫॥
স্মৃতিভিঃ পুরাণেতিহাসাদিভিঃ॥ ৪৬॥

পারিবা না, আমি ঈশ্বর ও জগতের গুরু, ইচ্ছা করিলে মুহূর্ত্ত মধ্যে অদৃশ্য হয়, সর্ব্বভূত গুণ যুক্ত করিয়া যে আমাকে দেখিতেছ, আমি এই মায়া সৃষ্টি করিয়াছি, কিন্তু তুমি আমাকে জানিতে সমর্থ হইবা না॥ ৪৫॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা পদ্মপুরাণে॥

বেদ, পুরাণ ও ইতিহাস প্রভৃতি যাঁহাকে অকর্ত্তা বলিয়া কীর্ত্তন করিয়াছেন সেই এই ভগবান্ হরি ঈশ্বর অনাম এবং অরূপ॥ ৪৬॥

অত্র সমাধানং যথা শ্রীবাসুদেবাধ্যাত্মে॥

অপ্রসিদ্ধি স্তদ্‌গুণনামনামাসৌ প্রকীর্ত্তিতঃ।

অপ্রাকৃতত্বাদ্রূপস্যাপ্যরূপো ঽসাবুদীর্য্যতে॥

সম্বন্ধেন প্রধানস্য হরের্নাস্ত্যেব কর্তৃতা।

অকর্ত্তারমিতি প্রাহুঃ পুরাণং তং পুরাবিদ ইতি॥ ৪৭॥

ততশ্চ মোক্ষধর্ম্মীয় বচনং যোগ্যমেব তৎ॥ ৪৮॥

তথাহি॥

অপ্রসিদ্ধেঃ অনন্তত্বেন সম্যক্‌ বক্তুমশক্যত্বাদিত্যর্থঃ। পুরাবিদঃ শ্রুতি স্মৃতিজ্ঞাঃ॥ ৪৭॥

অতো বাসুদেবাধ্যাত্মীয় বচনাৎ। তৎ পূর্ব্বমুক্তং মোক্ষধর্ম্মীয় বচনং এতত্ত্বয়া নবিজ্ঞেয়ং রূপবানিতি দৃশ্যত ইতি॥ ৪৮॥

তদেবং বচনং ব্যাচষ্টে তথাহীতি॥ ৪৯॥

উক্ত বিষয়ের সমাধান যথা॥

শ্রীবাসুদেবাধ্যাত্ম গ্রন্থে॥

গুণ ও নামের অনন্তত্ব প্রযুক্ত এই হরি অনাম তথা রূপের অপ্রাকৃতত্ব হেতু অরূপ নামে কীর্ত্তিত হইয়াছেন, প্রকৃতির সম্বন্ধ হেতু হরির কর্তৃত্ব নাই এই কারণে শ্রুতি স্মৃতিজ্ঞ পণ্ডিত গণ হরিকে অকর্ত্তা বলিয়া বর্ণন করিয়াছেন॥ ৪৭॥

অতএব বাসুদেবাধ্যাত্মীয় বচন হইতে মোক্ষ ধর্ম্মীয় বচন উপযুক্ত॥ ৪৮॥

মোক্ষধর্ম্মীয় বচনের কারিকা যথা॥ ৪৯॥

রূপীতি হেতোর্দৃশ্যেত যথৈব প্রাকৃতো জনঃ।
তথাসৌ দৃশ্যত ইতি ত্বয়া মাস্ম বিচার্য্যতাং ॥ ৫০ ॥
ইত্যুক্ত্বা স্বস্য রূপিত্বেপ্যদৃশ্যত্বমুদীরিতং।
অতো নিজস্য রূপস্যাপ্রাকৃতত্বঞ্চ দর্শিতং ॥ ৫১ ॥
তদ্দর্শনেত্বকুণ্ঠাত্মা মমেচ্ছৈবচ কারণং।
ইত্যাহেচ্ছন্মুহূর্ত্তাদিত্যর্দ্ধ পদ্যং স্বয়ং পুনঃ।

দৃশ্যেত অর্থাজ্জনৈঃ। অসৌ মদ্বিধঃ দৃশ্যত ইতি অহং সর্ব্বতঃ সর্ব্বৈরপি ইত্যর্থঃ ॥ ৫০ ॥

ইত্যেব দর্শয়ন্নাহ ইতু ,তি। অতোঽদৃশ্যত্বাদেব ৫১ ॥

তর্হি কথং পুরাণাদাবসকৃদ্দৃষ্টি বিষয়ত্বেন ত্বং গীয়স ইত্যাহ তদ্দর্শনে ইতি মম ইচ্ছৈব কারণং। নম্বিচ্ছা বুদ্ধি বৃত্তি বিশেষঃ শব্দ বুদ্ধি কর্ম্মণাং বিরম্য ব্যাপরাভাব ইতি মতে বুদ্ধে স্ত্রিক্ষণ বৃত্তি নশ্যত্বেন মদ্দর্শনত্বং কথমুদপাদী দিত্যাহ অকুণ্ঠাত্মেতি অনাবর্য্যা নশি নর্শধাতুঃ ॥ ৫২ ॥

রূপী অর্থাৎ রূপবান্ এই কারণে যেমন প্রাকৃত জন দৃশ্য হয়, তাহার ন্যায় মদ্বিধ জন দৃশ্য হইয়া থাকে ইহা তুমি বিবেচনা করিও না ॥ ৫০ ॥

এই বলিয়া ভগবান্ আপনার রূপবত্ত্বেও অদৃশ্যত্ব কীর্ত্তন করিয়াছেন, অতএব নিজ রূপের অপ্রাকৃতত্ব দর্শিত হইল ॥ ৫১

যদি বল তবে কি প্রকারে পুরাণাদিতে দৃষ্টির বিষয়ত্ব বলিয়া বারম্বার কীর্ত্তন করিয়াছেন, তাহার উত্তর এই তদ্বিষয়ে আমার অনিবার্য্যা ইচ্ছাই কারণ, এই হেতু "ইচ্ছন্মুহূর্ত্তাদি" পদ্যার্দ্ধ স্বয়ং পুনরায় বলিয়াছেন। "নশ্যেয়ং" এই

নশ্যেয়মিত্য দৃশ্যঃ স্যাং যতো নশি রদর্শনে ॥ ৫২ ॥
তথাপি ভূত গুণবত্ত্বেন মা° ত্বং যদীক্ষসে।
এষা মায়া ময়া সৃষ্টা নৈবং ত্বং জ্ঞাতুমর্হসি ॥ ৫৩ ॥
মায়া শব্দেন কুত্রাপি চিচ্ছক্তিরভিধীয়তে ॥ ৫৪ ॥
স্বরূপ ভূতয়া নিত্য শক্ত্যা মায়াখ্যয়া যুতঃ ॥
অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি সনাতনং।
ইত্যেষা দর্শিতা মধ্বাচার্যৈর্ভাষ্যে নিজে শ্রুতিঃ ॥ ৫৫ ॥
তত্র স্বৈচ্ছেক প্রকাশত্বং মোক্ষধর্ম্ম এবচ ॥ ৫৬ ॥

ভূতগুণবত্ত্বেন ভূতগুণবন্তং কৃত্বা মাং। যদ্বা প্রাপ্ত গুণবত্ত্বেন ॥ ৫৩ ॥

কুত্রাপীত্যপিনা প্রধানাখ্যা শক্তিশ্চ সুতরাং গ্রাহ্যা মায়া জ্ঞাচ্ছাম্বরী বুদ্ধ্যো রিতি বিশ্বপ্রকাশাৎ। বুদ্ধোঽত্র চিচ্ছক্তি পরঃ ॥ ৫৪ ॥

নিজে ভাষ্যে মধ্বাচার্যৈঃ ইত্যেষা ইয়ঙ্কাসাবেবাচেতি শ্রুতি দর্শিতা ॥ ৫৫

তদ্দর্শনে ত্বকুণ্ঠাত্মা মমৈচ্ছেবচ কারণমিত্যনেন ইচ্ছন্নিত্যাভাষ্য তদযুক্তিঃ

ক্রিয়ার অর্থ অদৃশ্য, যে হেতু নশ ধাতুর অর্থ অদর্শন ॥ ৫২ ॥

তথাপি ভূতগুণবত্ত্বরূপে যে আমাকে দেখিতেছ, আমি এই মায়া সৃষ্টি করিয়াছি, তুমি এই রূপ জানিতে সমর্থ হইবা না ॥৫৩

মায়া শব্দে কোন স্থানেও চিৎশক্তি বলা যায় ॥ ৫৪ ॥

সনাতন বিষ্ণু মায়া নাম্নী স্বরূপ ভূত নিত্য শক্তি যুক্ত, এই কারণে পণ্ডিত গণ তাঁহাকে মায়াময় বলিয়া কীর্ত্তন করেন। মধ্বাচার্য্যেরা স্বীয় ভাষ্যে এই শ্রুতি প্রদর্শন করিয়াছেন ॥ ৫৫ ॥

এস্থলে স্বেচ্ছা প্রকাশকত্ব বিষয়ে মোক্ষধর্ম্মই প্রমাণ

প্রীতস্ততোঽস্য ভগবান্ দেব দেব সনাতনঃ।
সাক্ষাত্তং দর্শয়ামাস সোঽদৃশ্যোঽন্যেন কেনচিৎ॥ ৫৭॥
বৃহস্পতি স্তদাক্রুদ্ধঃ স্রুচমুদ্যম্য বেগিতঃ।
আকাশং ঘ্নন্ স্রুচঃ পাতৈ রোষাদশ্রুণ্যবর্ত্তয়ৎ॥ ৫৮॥
উদ্যতা যজ্ঞভাগা হি সাক্ষাৎ প্রাপ্তাঃ সুরৈরিহ।
কিমর্থমিহ ন প্রাপ্তো দর্শনং স হরি র্বিভুঃ॥ ৫৯॥

দর্শয়ন্নিতিহাসমুখাপয়তি তত্রেতি॥ ৫৬॥

শ্রীভীষ্ম আহ অস্য বসোঃ প্রীতঃ তং বসুং সাক্ষাদ্দর্শয়ামাস আত্মান মিতি শেষঃ॥ ৫৭॥

বেগিতঃ বেগযুক্তঃ॥ ৫৮॥

হি যতঃ ইহ যজ্ঞে সুরৈঃ ব্রহ্মরুদ্রাদিভিঃ। ইহ এতেষু অস্মাসু॥ ৫৯॥

স্বরূপ॥ ৫৬॥

ভীষ্ম কহিলেন ভগবান্ দেব দেব সনাতন বসুর সম্বন্ধে প্রীত যুক্ত হইয়া তাঁহাকে সাক্ষাৎ আপনার মূর্ত্তি দর্শন করাইলেন, কিন্তু অন্য কোন ব্যক্তি তাঁহাকে দেখিতে পাইল না॥৫৭॥

তাহাতে বৃহস্পতি অতিশয় ক্রুদ্ধ হইয়া বেগে স্রুক্ উত্তোলন পূর্ব্বক আকাশের প্রতি তদ্দ্বারা প্রহার করিতে করিতে রোষে অশ্রু মোচন করিতে লাগিলেন॥ ৫৮॥

এবং বলিলেন, উপস্থিত যজ্ঞভাগ সকল সাক্ষাৎ ব্রহ্ম রুদ্রাদি দেবগণ প্রাপ্ত হইলেন, তবে কি নিমিত্ত ভগবান্ হরি আমা সকলে দর্শন গোচর হইলেন না অর্থাৎ আমরা কেন তাঁহার দর্শন পাইলাম না ?॥ ৫৯॥

ততঃ স তং সমুদ্ভূতং ভূমিপালো মহান্ বসুঃ।
প্রসাদয়ামাস মুনিং সদস্যা স্তেচ সর্ব্বশঃ ॥ ৬০ ॥
অরোষণো হ্যসৌ দেবো যস্য ভাগোঽয়মুদ্যতঃ।
ন শক্যঃ স ত্বয়া দ্রষ্টুমস্মাভির্বা বৃহস্পতে ॥ ৬১ ॥
যস্য প্রসাদং কুরুতে স বৈ তং দ্রষ্টুমর্হতি ॥ ৬২ ॥

ততস্তদ্বচনানন্তরং সমুদ্ভূতং তং বৃহস্পতিং মুনিং মননশীলং ॥ ৬০ ॥
ন রোষ্যতেঽসৌ অরোষণো ন রোষণ পাত্র মিত্যর্থঃ। যদ্বা কস্মৈ চিন্নরুষ্যতি ন কুপ্যতি অতএব তবৈতাদৃশো রোষো ন যুক্ত ইতি ভাবঃ ॥ ৬১ ॥
নন্বু তর্হি কিং কশ্চিদপি ন পশ্যতীত্যাহ যস্যেতি ॥ ৬২ ॥

এই বলিয়া বৃহস্পতি গাত্রোত্থান করিলে সেই বসুনামক পরম ধার্ম্মিক ভূমিপাল ও সদস্য গণ সকলেই মুনিকে প্রসন্ন করিয়া কহিলেন ॥ ৬০ ॥

বৃহস্পতে! যাঁহার এই যজ্ঞ ভাগ উপস্থিত সেই ভগবান্ হরি অরোষণ অর্থাৎ তিনি কাহারও প্রতি কোপ করেন না, তাঁহাকে দর্শন করিতে আপনি বা আমরা কেহই সমর্থ হইব না, অতএব তাঁহার প্রতি আপনার এতাদৃশ রোষ উপযুক্ত নয় ॥ ৬১ ॥

তবে কি তাঁহাকে কেহ দেখিতে পায় না এমত আশঙ্কা করিবেন না, তিনি যাঁহার প্রতি প্রসন্ন হয়েন, তিনিই তাঁহাকে দেখিতে পান ॥ ৬২ ॥

এই স্থলে একত দ্বিত ত্রিত ঋষিগণের ব্যাক্য যথা ॥

তত্রৈকত দ্বিত ত্রিত বাক্যং ॥

অথ ব্রতস্যাবভৃতে বাগুবাচাশরীরিণী।

স্নিগ্ধ গম্ভীরয়া বাচা প্রহর্ষণকরী বিভোঃ।

যূয়ং জিজ্ঞাসবো ভক্তাঃ কথং দ্রক্ষ্যথ তং বিভুমিতি ॥ ৬৩

ততঃ স্বয়ং প্রকাশত্ব শক্ত্যা স্বেচ্ছা প্রকাশয়া।

সোঽভিব্যক্তো ভবেন্নেত্রে ন নেত্র বিষয়ত্বতঃ ॥ ৬৪ ॥

যথা শ্রীনারায়ণাধ্যাত্মে ॥

নিত্যাব্যক্তোঽপি ভগবানিক্ষ্যতে নিজশক্তিতঃ।

অশরীরিণী অদৃশ্যা সতী বাক্ শ্রী সরস্বতী উবাচ কথিতবতী কীদৃশী বিভোঃ প্রহর্ষণকরী। কিমুবাচেত্যাহ যূয়মিতি হে ভক্তাঃ ॥ ৬৩ ॥

নেত্রেঽভিব্যক্তো ভবেন্নতু নেত্র বিষয়ত্বেন। যদ্বা নেত্র বিষয়ত্বং প্রাপ্য ন প্রকাশো ভবেদিত্যর্থঃ যজ্‌গর্ভাদিত্বাৎ পঞ্চমী ॥ ৬৪ ॥

নিত্যশ্চাসাবব্যক্তো ব্যক্তিমাপন্নশ্চেত্তাদৃশোপি ভগবান্ নিজ শক্তিতঃ স্বেচ্ছা শক্তিভিঃ কর্ত্রী ভিঃ ঈক্ষ্যতে দর্শ্যতে প্রয়োজক ণিঙন্তাদযক্। যদ্বা ঈক্ষত ইতি নির্যকারঃ পাঠ স্তত্র নিজশক্ত্যা করণয়া ঈক্ষতে স্বয়মেব পশ্যতি

অনন্তর ব্রতের অবভৃতে অর্থাৎ ব্রতানন্তর স্নান কৃত হইলে প্রভুর হর্ষকরী অদৃশ্যা সরস্বতী স্নিগ্ধ গম্ভীর বাক্যে কহিলেন অহে ভক্ত গণ। তোমারা সকল জিজ্ঞাসু, কি প্রকার সেই বিভুকে দর্শন করিতে সমর্থ হইবা ॥ ৬৩ ॥

তিনি নেত্রের বিষয় নহেন, স্বেচ্ছা প্রকাশিকা স্বয়ং প্রকাশত্ব শক্তি দ্বারা নেত্রের বিষয় হইয়া থাকেন ॥ ৬৪ ॥

যথা শ্রীনারায়ণাধ্যাত্মে ॥

ভগবান্ নিত্য অব্যক্ত হইলেও তিনি স্বেচ্ছা শক্তি কর্তৃক

ভাম্বতে পরমাত্মানং কঃ পশ্যেত্তাহমিতং প্রভুমিতি ॥ ৬৫
সচ্চিদানন্দ রূপত্বাৎ স্যাৎ কৃষ্ণো হধোক্ষজোহপ্যসৌ।
নিজশক্তেঃ প্রভাবেন স্বং ভক্তান্ দর্শয়েৎ প্রভুরিতি ॥ ৬৬
যএব বিগ্রহো ব্যাপী পরিচ্ছিন্নঃ স এবহি।
একস্যৈবৈকদাচাস্য দ্বিরূপত্বং বিরাজতে ॥ ৬৭ ॥
তথাচ শ্রীদশমে ॥

নতু কৈশ্চিদ্দৃশ্যো ভবতীত্যর্থঃ। যদ্বা নিজ শক্তিং প্রকাশ্য ঈক্ষণ কর্ত্তা ভবতি স ঐক্ষত বহুস্যামিত্যাদি শ্রুতেঃ। তাং নিজশক্তিং ॥ ৬৫ ॥

অধোক্ষজোহপি স্থগ ভূতেন্দ্রিয়োহপি ॥ ৬৬ ॥

বিরাজত ইতি পদমদ্যাপি তস্যৈতাদৃশত্বমস্তীতি দ্যোতয়তি। সর্ব্বাসাং জন্মাদি লীলানাং নিত্যত্বেন শ্রীজীবগোস্বামি চরণৈঃ শ্রীভগবৎ সন্দর্ভাদৌ নির্ণীতত্বাদিহাপি অনাদিমেব জন্মাদি লীলামেব তথাভুতামিত্যাদিনা শ্রীগ্রন্থ কৃচ্চরণৈ রপি স্থাপিতত্বাৎ প্রকটাপ্রকটা চেত্যনেন স্থাপয়িষ্যমাণত্বাচ্চ ॥ ৬৭

দৃশ্য হয়েন কিন্তু সেই শক্তি ব্যতিরেকে কোন্ ব্যক্তি ঐ প্রভু পরমাত্মাকে দেখিতে সমর্থ হইবে? ॥ ৬৫ ॥

পদ্মপুরাণে যথা ॥

শ্রীকৃষ্ণ অধোক্ষজ অর্থাৎ ইন্দ্রিয়ের অবিষয়ীভূত হইলেও সচ্চিদানন্দ রূপ প্রযুক্ত স্বীয় শক্তির প্রভাবে ভক্ত গণকে আপনার নিজমূর্ত্তি দর্শন করাইয়া থাকেন ॥ ৬৬ ॥

যিনি সর্ব্ব ব্যাপক বিগ্রহ শালী, তিনিই পরিচ্ছিন্ন বিগ্রহ বান্, কোন সময়ে একের পরিচ্ছিন্নাপরিচ্ছিন্ন রূপ দ্বয় প্রকাশ পাইয়া থাকে ॥ ৬৭ ॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা।

নচান্তর্ন বহির্যস্য ন পূর্ব্বং নাপি চাপরং।
পূর্ব্বাপরং বহিশ্চান্তর্জগতো যো জগচ্চ যঃ।
তং মত্বাত্মজমব্যক্তং মর্ত্যলিঙ্গমধোক্ষজং।
গোপিকোলূখলে দাম্না ববন্ধ প্রাকৃতং যথেতি॥ ৬৮॥

শ্রীযশোদায়াঃ স্নেহাতিশয়ং দর্শয়ন্ শ্রীকৃষ্ণস্য বিরূপত্বমেকদৈবাহ নচান্তরিতি দ্বাভ্যাং তং প্রাকৃতং স্বাভাবিকং আত্মজং পুত্রং অধোক্ষজং অধোভূতমক্ষজমিন্দ্রিয় জন্য জ্ঞানং যস্য যনাবর্ত্ত দুগ্ধাদৌ বর্ত্তমানে মৃত্তক্ষণাদিনা অজ্ঞানিন মত্বা প্রতীত্য যথা যথা বদ্ধবন্ধেতি যোজ্যং। তং পরিচ্ছিন্নমেবানূদ্য বিধেয় কোটৌ ব্যাপকত্বং দর্শয়ন্নাহ যস্যাত্মজস্য বহির্নাস্তি ব্যাপকত্বাদিতি ভাবঃ অতস্তৎ প্রতিযোগ্যপ্যন্তরমপি নাস্তি প্রতিযোগিত্বে নানুযোগিত্ব বাধাৎ এবং পূর্ব্বাপরে অপি। যদ্বা সন্তান্তরাদিকং নাস্তি যো জগদনাদি পূর্ব্বাপর স্বরূপো যৎ সত্বেন যৎ সত্বাৎ জগৎ স্বরূপশ্চ তমেব ববন্ধ যত্তদোঃ সামানাধি করণ্যান্নচ স্বরূপান্তরমিত্যর্থঃ যথা প্রকৃতং বালং তথৈব তর্হি কথং ব্যাপকত্বং তস্য তস্যাং নাস্ফুরদিত্যাহ আত্মজং মত্বা বাৎসল্য রসাত্মক মনস্ত্বেন তদংশাচ্ছাদনাদিত্যর্থঃ। তর্হি কথমন্যঃ কোঽপি ন ববন্ধ ইত্যাহ অব্যক্তং ন কেনাপি ব্যজ্যতে বন্ধনস্য কা কথা ইত্যর্থঃ॥ ৬৮॥

শ্রীদশম স্কন্ধে ৯ অধ্যায়ে ১১ শ্লোকে॥

হে রাজন্! যশোদাকে কেন অনভিজ্ঞা বলিলাম, তাহার কারণ শুন, যাঁহার অন্তর নাই, বাহির নাই, পূর্ব্ব নাই, পর নাই, যিনি স্বয়ং জগতের পূর্ব্ব পর, অন্তর বাহির, তথা আপনি জগতের স্বরূপ, মানব লীলা কারি সেই অব্যক্ত অধোক্ষজকে আত্মজ জ্ঞান করিয়া ঐ গোপী প্রাকৃত বালকের তুল্য উদূখলে বন্ধন করিলেন॥ ৬৮॥

অনেন পদ্যযুগ্মেন ব্রজরাজসুতস্য হি।
দামবন্ধন বেলয়ামেব ব্যক্তা দ্বিরূপতা॥ ৬৯॥
তথৈবচ পুরাণেষু শ্রীমদ্ভাগবতাদিষু।
শ্রূয়তে কৃষ্ণলীলানাং নিত্যতা স্ফুটমেবহি॥ ৭০॥
তথাচ শ্রীপ্রথমে শ্রীদ্বারকাবাসি বচনং॥ ৭১॥

দ্বিরূপত্বমেতস্য ঘ টয়ন্ স্পষ্টয়তি অনেনেতি দ্বিরূপতা বিভুপরিচ্ছিন্ন রূপতা ব্যক্তা প্রত্যেকাচিন্ত্য বিরুদ্ধাবিরুদ্ধানন্ত শক্তিময়ত্বাদ্ঘটত এব যুগপদ্দ্বয়মিত্যর্থঃ যদুক্তং শ্রুতিভিঃ। অস্থূলোঽনণুরমধ্যমোম ধ্যমোঽব্যাপকো ব্যাপকোঽহমিত্যাদি শ্রীনৃসিংহ তাপনীভিশ্চ তুরীয়ম তুরীয়মাত্মানমনাত্মানমুগ্রমনুগ্রং বীরমবীরং মহান্ত মমহান্তং বিষ্ণুমবিষ্ণুং জ্বলন্তমজ্বলন্তং সর্ব্বতো মুখমসর্ব্বতো মুখমিত্যাদি স্মৃতিকা রৈশ্চ অস্থূলশ্চানণুশ্চৈব স্থূলোঽণুশ্চাপি সর্ব্বতঃ। অবর্ণঃ সর্ব্বতঃ প্রোক্তঃ শ্যামো রক্তান্ত লোচন ইত্যাদি। শ্রীগীতাসু স্বয়ং ভগবতা ময়াততমিদং সর্ব্বমিত্যাদি॥৬৯

অথ শ্রীকৃষ্ণরূপ দেহি দেহানাং নবায়মানং নিত্যঞ্চ সংকলয্য শ্রীলীলানাং পরিকর ধাম সময়ানাং নিত্যত্বং বদন্ প্রথমং সর্ব্বোপজীব্যত্বেন প্রাধান্যাৎ শ্রীজন্মাদি লীলানাং নিত্যত্বং দর্শয়তি তথৈবচেতি শ্রূয়তে শব্দস্যৈব প্রমাণত্বং স্বীকৃতং পরমর্ষিভিরিত্যুক্তত্বাৎ॥ ৭০॥

দ্বারকাবাসী যঃ শ্রীকৃষ্ণস্তৎকর্ম্মকং শ্রীপৌরবেন্দ্রপুরস্ত্রীকর্ত্তৃকং বচনমিত্যর্থঃ

উক্ত পদ্য দ্বয়ে ব্রজরাজ সুতের রজ্জু বন্ধন কালীন পরিচ্ছন্না-পরিচ্ছিন্ন রূপ দ্বয় প্রকাশ পাইয়াছিল॥ ৬৯॥

তথা শ্রীমদ্ভাগবতাদি পুরাণ সকলে স্পষ্ট রূপে শ্রীকৃষ্ণের লীলা সমুদায়ের নিত্যতা শুনা যায়॥ ৭০॥

প্রথম স্কন্ধে ১০ অধ্যায়ে ২৬ শ্লোকে দ্বারকা বাসিদিগের

অহো অলং শ্লাঘ্যতমং যদোঃ কুলং
অহো অলং পুণ্যতমং মধোর্বনং।

অন্যোন্যমাসীৎ সংজল্প উত্তমশ্লোকচেতসাং। কৌরবেন্দ্রপুর স্ত্রীণাং সর্ব্বশ্রুতিমনোহর ইতি তৎ প্রঘট্টকোক্তেঃ। কারিকায়াং দ্বারকাবাসিনা মুক্তাবিত্যত্র ষষ্ঠ্যর্থঃ কর্ম্মতা বহুবচনন্তু গৌরবাৎ প্রত্যেতব্যং। যদ্বা কৌরবেন্দ্রপুরস্ত্রীণামিত্যত্র পৌর বেন্দ্র স্ত্রীণাং পুরস্ত্রীণাঞ্চেতি ব্যাখ্যানাৎ তথোক্তিঃ। তদানীং যজ্ঞ দর্শনার্থং তাসামপি তত্র গমনাৎ॥ ৭১॥

কুরুপুরস্ত্রিয়ঃ গজসাহ্বয়াচ্ছ্রী দ্বারকা গমনায়োদ্যমিনং শ্রীকৃষ্ণমুদ্দিশ্য পরস্পরমাহুঃ অহো অলমিতি যদোঃ কুলং গোত্রং শ্লাঘ্যতমং মধোর্বনঞ্চ পুণ্যতমং অত্যর্থে তমপ্রত্যয়াত্তেহতিশয় শ্লাঘনীয় পুণ্যবতী ইত্যর্থঃ। কথমেতদিত্যাহ যৎ যে যদুকুলমধুনে যৎ পদস্যাব্যয়ত্বাৎ এষঃ শ্রীকৃষ্ণঃ স্বজন্মনা স্ব প্রাদুর্ভাবেন নস্তন্যদ্বারা চংক্রমণেনচ অলমঞ্চতি অতিশয়ং পূজয়তি অলংকরোতি বা। নম্বপ্রকট প্রকাশস্য তস্য কথং প্রকাশান্তরতা ঘটত ইত্যাহ অলমিতি অলং সমর্থ শুষ্কতর্কাদ্যগোচর ইত্যর্থঃ অলৌকিকসিদ্ধে ভূষণমেতন্নদূষণমিতি ন্যায়াত্তর্কাদ্য গোচরত্বাচ্চ তথাহি অলৌকিকাশ্চ যে ভাবা নতাং স্তর্কেণ যোজয়েদিত্যাদি। নম্বয় মেব বিষ্ণুরিত্যাহ পুংসাং কারণার্ণব গর্ভোদক ক্ষীরার্ণব শায়িনামৃষভস্তাননাদৃতা শ্রেষ্ঠো অন্যথা মনুষ্যেষু ক্ষত্রিয়ঃ শূরতম ইতি বস্তুস্য পুরুষত্ব ভ্রমঃ স্যাৎ ষষ্ঠী চানাদর ইতি ষষ্ঠী। নমু তর্হি সঙ্কর্ষণ এবায়মিত্যাহ শ্রিয়ঃ রুক্মিণ্যাঃ প্রিয় স্তদানীং তস্যা এবালম্বনত্বাৎ। এষ এব পুরুষাণামৃষভঃ শ্রিয়ঃ প্রিয়ঃ শ্রীনারায় ণশ্চ স স এব ইত্যর্থঃ। অনুবাদমনুক্তৈব ন বিধেয়মদীরয়েদিত্যুক্তেঃ। অত্র সাধু চন্দ্রমসি পুষ্করৈঃ কৃতমিতি বদুত্তর বাক্য গত যচ্ছব্দস্য তচ্ছব্দানপেক্ষকত্বং প্রত্যেতব্যং। যদ্বা যদ্বস্মাৎ যদোঃ কুলং মধোর্বনং এষ অঞ্চতি তস্মাৎ শ্লাঘ্য

বাক্য যথা॥ ৭১॥

সখি! যদুর কুল অতিশয় শ্লাঘ্য, যে হেতু এই ভগবান্ জন্ম

যদেষ পুংসামৃষভঃ শ্রিয়ঃ প্রিয়ঃ
স্বজন্মনা চংক্রমণেন চাঞ্চতীতি ॥ ৭২ ॥
অঞ্চতীতি পদং বর্ত্তমান কালোপপাদকং।
দ্বারকাবাসিনামুক্তৌ লীলানাং বক্তি নিত্যতাং ॥ ৭৩ ॥
শ্রীদশমে শ্রীশুকোক্তৌ ॥ ৭৪ ॥

তমং পুণ্যতমঞ্চেত্যুত্তরস্থ যৎ পদস্ত পূর্ব্ব ব্যাক্যার্থ গতত্বং। অথবা যদোঃ সকাশাৎ যো মধুস্তস্ত কুলং বনং বৃন্দাবনং যদ্বা যদোর্যদুবংশোদ্ভবস্ত শ্রীবসুদেবস্ত শ্রীনন্দস্তচ কুলং গোত্রং ভবনং বা যদুক্তং শ্রীমেদিনীকারেণ। কুলং জনপদে গোত্রে সজাতীয় গণেপিচ।। ভবনেচ তনৌ ক্লীবমিতি। স্বজন্মনেতি জনি প্রাদুর্ভাবে ঔণাদিক মন্ প্রত্যয়ঃ অহো ইতি আশ্চর্য্যে দ্বিরুক্তিরতিশয়ার্ত্তিদ্যোতিকা ॥ ৭২ ॥

ব্যাচষ্টে অঞ্চতীতি পদং কর্ত্তৃ ॥ ৭৩ ॥

অথ শ্রীবৃন্দাবন মথুরাদ্বারকাসু শ্রীকৃষ্ণস্ত নিত্যস্থিতিগর্ব্তাং তাসু তদীয়ানাং লীলানাং নিত্যতামাহ শ্রীদশম ইতি। তীর্থং চক্রে নৃপোনং যদজনি যদুষু স্বঃ সরিৎ পাদশৌচমিত্যত্রাতীত প্রয়োগং নিশম্য বিষীদন্তমিব শ্রীপরীক্ষিতং প্রতি শ্রীশুক সিদ্ধান্তমাহ শ্রীশুকোক্তাবিতি ॥ ৭৪ ॥

গ্রহণ করিয়া তাহাকে সৎকৃত করিয়াছেন এবং মথুরাও শ্লাঘ্যতম, যে হেতু ইনি পুনঃ পুনঃ পাদবিহার দ্বারা তাহাকে পূজিত করিতেছেন ॥ ৭২ ॥

অঞ্চতি এই ক্রিয়া বর্ত্তমান কাল বাচক, দ্বারকা বাসিদের উক্তিতে অঞ্চতি লীলা সকলের নিত্যতা বলিতেছে ॥ ৭৩

শ্রীদশম স্কন্ধে ৯০ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥ ৭৪ ॥

জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো
যদুবর পরিষৎ স্বৈ র্দোর্ভিরস্যন্নধর্ম্মং।
স্থিরচর বৃজিনঘ্নঃ সুস্মিত শ্রীমুখেন
ব্রজপুর বনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবং ॥ ৭৫ ॥

জয়তীতি দেবক্যাং শ্রীযশোদায়াং শ্রীবসুদেব পত্ন্যাংচ জন্মনো বাদস্তত্ত্বাখ্যানং যস্য স শ্রীলীলাপুরুষোত্তমো জয়তি শ্রীবৃন্দাবন শ্রীমথুরা দ্বারকাসু প্রকাশ ভেদেন সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তত ইত্যর্থঃ। পরাভিভূতাবুৎকর্ষে জয়িরস্তেত্বকর্ম্মক ইতি মনোরমোক্তেঃ। তস্মাদুৎকৃষ্টা বয়ং প্রণতা ইতি চ ব্যজ্যতে স্বাপকর্ষানু কূলো ব্যাপার বিশেষো নমস্কার ইতি ন্যায়াৎ অত্র দেবকী শব্দেন যশোদা বাচ্যা দ্বে নাম্নী নন্দভার্য্যায়াং যশোদা দেবকীতিচ। অতঃ সখ্যমভূত্তস্যা দেবক্যা শৌরিজায়য়েতি শ্রীস্কান্দবচনাৎ। এতেন বাৎসল্য রস পোষকত্বেন তদীয়তয়া তেষু ধামসু বিহরতীতি বিবক্ষিতং। ননু কিং কেবলং বাৎসল্য রসপোষকো ঽসাবিত্যাহ জননিবাস ইতি জনৈঃ স্বভক্তজনৈঃ শ্রীবৃন্দাবনে রক্তকপত্রাদিভিঃ সহ পুরীদ্বয়ে শ্রীমদুদ্ধব দারুকাদিভিঃ সহ নিবাসো যস্য সালোক্যেত্যাদি পদ্যে জনা ভক্তজনা ইতি এবং এতেন প্রীতি ভক্তিরস পোষকত্ব মস্য দ্যোতিতং। প্রেয়ো রসপোষকত্বমপ্যাহ যদুবর পরিষদিতি যদুবরাঃ শ্রীবৃন্দাবনে সুভদ্র মণ্ডলীভদ্রাদয়ঃ সখায়ঃ পুরীদ্বয়ে প্রসিদ্ধা যাদবাঃ পরিষদঃ সখায়ো যস্য সঃ য। রক্ষিতা যাদবাঃ সর্ব্বে ইন্দ্রবৃষ্টি নিবারণাদিতি শ্রীস্কন্দপুরাণীয় শ্রীমথুরাখণ্ডাৎ

যিনি জন সকলের নিবাস স্বরূপ, যাঁহার দেবকীতে জন্ম বাদ মাত্র, যিনি যদুশ্রেষ্ঠ পারিষদ স্বরূপ স্বীয় বাহু দ্বারা অধর্ম্ম বিনাশ পূর্ব্বক স্থাবর জঙ্গমের ক্লেশ বিমোচন করিতেছেন, আর যিনি সুস্মিত শ্রীমুখ দ্বারা ব্রজ ও পুরবনিতাদিগের কন্দর্প বর্দ্ধন করিতেছেন সেই শ্রীকৃষ্ণ জয় যুক্ত হউন ॥ ৭৫ ॥

যাদবেষ্বপিসর্ব্বেষু ভবন্তো মেহতি বান্ধবা ইতি শ্রীহরিবংশে শ্রীনন্দাদীন্ প্রতি শ্রীরাবচনাচ্চ।

উজ্জলরসপোষকত্বমাহ সুস্মিত শ্রীমুখেন ব্রজবনিতানাং শ্রীরাধিকাদীনাং পুরব নিতানাং শ্রীরুক্মিণ্যাদীনাং কামদেবং প্রেমানুরূপ বিলাসং বর্দ্ধয়ন্ মথুরায়ামপি শ্রীরুক্মিণ্যাদিস্থিতিঃ রুক্মিণ্যা সহিতো বিভুরিতি শ্রীগোপালতাপন্যাং প্রসিদ্ধা। অপ্রকট লীলায়ামেব শ্রীমুনীন্দ্রস্তৈব তদানীং তাৎপর্য্যাৎ প্রকট লীলায়া মপি ক্বচিৎ পুরাণাদৌ মথুরায়াং শ্রীরুক্মিণ্যা বিবাহ দর্শনাৎ অন্যথা মথুরায়াং প্রকট লীলায়াং পতিভেদাভাবেন নায়কস্য মন্নবতিত্বাভাবাপত্তিঃ স্যাৎ। নাগ যক্ষা দীনাং লীলাপরিকরাস্তঃ পাতিত্বং দর্শয়ন্নাহ স্বৈরিতি স্বৈরাত্মভিঃ প্রকাশৈ রিতি যাবৎ স্বমাত্মাত্মীয়য়ো রিতি সূত্রেণ স্বস্যাত্ম বাচকত্বেন স্থাপিতত্বাৎ আত্ম শব্দস্য শ্রীকৃষ্ণসন্দর্ভে বহুত্র প্রকাশত্বেন স্থাপিতত্বাচ্চ। অধর্ম্মং অধর্ম্ম প্রায়ং শ্রীবৃন্দাবনে যক্ষাদিকং অঘ্নন্ ক্ষিপন্ শ্রীদ্বারকাদৌ দোর্ভিরিব দোর্ভি রর্জ্জুনাদিভি রধর্ম্মং জয়দ্রথাদিং অঘ্নন্ তৈঃ কথম্ভূতৈঃ স্বৈ রাত্মীয়ৈ রিত্যর্থঃ। অথ তৎস্থ গোবর্দ্ধনাদীনাং দুঃখ হন্তৃত্বমাহ স্থিরচর বৃজিনঘ্নঃ ব্রজপুর বাসিনাং স্থাবরাণাং শ্রীগোবর্দ্ধন নন্দীশ্বর রৈবতাদীনাং চরাণাং সুরঙ্গাদি হরিণাদীনাং বিয়োগ দুঃখ হন্তা। অত্র সর্ব্বএব বর্ত্তমান প্রয়োগেনাসুরহন্তৃত্বাদি লীলা অপি নিত্যা মন্তব্যা অদ্যাপি তা বর্ত্তন্ত এবেতি। যত্তু সর্ব্বাস্তা নিত্য লীলাঃ স্যুর্বিনাসুরবিঘাতন মিতি সনৎ কুমার তন্ত্রীয় বচনং তচ্ছ্রী গোলোকে পরমেবেতি মন্তব্যং। অথবা স্বৈরিত্যস্য সর্ব্বত্রান্বয়ঃ কার্য্যস্তথাচ স্বেন স্বেন স্বেনেতি সর্ব্বত্রান্বয়াভিপ্রায়ে ণৈকত্র বহুবচনমুপযুক্তং। পদ্যমেতৎ শ্রীকৃষ্ণসন্দর্ভে শ্রীমজ্জীব গোস্বামি চরণৈঃ শ্রীবৃন্দাবন বাসীয় বচন তয়া ব্যাখ্যাতং তত্র চূর্ণকে শুকোক্তাবিত্যত্র শ্রীবৃন্দাবন বাসী বচন গর্ভায়াং শুকোক্তা বিতি ব্যাখ্যাতব্যং। অথ তদ্ব্যাখ্যা। কোঽপি সোঽয়মস্মাকং জীবন কোটি প্রিয়তমো বিষক্ প্রচারেণ বৃন্দাবনস্থৈব বিশেষতঃ স্থাবরাণাং জঙ্গমানাঞ্চ তদ্বিরহাদ্যদ্দুঃখং তন্নিহন্তা জয়তি সর্ব্বোৎ কর্ষেণ বর্ত্ততে অর্থাৎ শ্রীবৃন্দাবন এব। শ্রীবৃন্দাবনস্য স্থাবরাণামপি ভাবো বর্ণিত এব কেবলেনহি ভাবেনেত্যাদিনা। কেন বিশিষ্টঃ। সুস্মিতেন শ্রীমুখেন। এতেন সদাতনমানন্দৈক রসত্বং স্বেষু সদৈব সুপ্রসন্নত্বঞ্চ তস্য প্রকাশিতং।

শ্রীস্কান্দে শ্রীমথুরাখণ্ডে।
শ্রীযুধিষ্ঠিরং প্রতি শ্রীনারদ বাক্যং ॥ ৭৬ ॥
বৎসৈ র্বৎসতরীভিশ্চ সাকং ক্রীড়তি মাধবঃ।

কিং কুর্ব্বন্ ব্রজরূপং যৎপুরং তৎসম্বন্ধিন্যো যা বনিতাঃ জনিতানুরাগাঃ কুলবধ্ব তাসাং কামদেবং সর্ব্ব প্রেমানন্দোপরি বিরাজমানত্বাত্তাসাং কামস্ত দেবঃ পরম দিব্য রূপস্তং বর্দ্ধয়ন্। নন্বু দেবক্যাঃ পুত্রোঽয়মিত্যেবং বদন্তি তৎ কথং যুষ্মাক মত্রাস্মদীয়ত্বেনাভিমানস্তত্রাহুঃ দেবক্যাং জন্মেতি বাদোমিথৈ্যাব লোকেখ্যাতি র্যস্য সঃ। তর্হি কথং বাসুদেব ইতি তস্য নামেত্যাশঙ্ক্যাহুঃ। জননিবাসঃ জনানাং স্বজনানামস্মাকং নিবাসত্বাদাশ্রয়ত্বাদেব তথাভিধীয়ত ইত্যর্থঃ স্বজনে স্বস্মাসু কৃত বাসত্বাদেব বা। ততশ্চাধিকরণে কর্ত্তরি রৌণাদিকো বাসুঃ। সচ দীব্যতি ক্রীড়তীতি দেবশ্চ স ইতি বিগ্রহঃ। প্রাগয়ং বসুদেবস্যেত্যাদিকা শ্রীগর্গোক্তিরপি নাস্মভ্যং ভাতীতি ভাবঃ। কিমর্থমসৌ দেবকী জন্মবাদোঽভূ দিত্যাকাঙ্ক্ষায়ামাহুঃ। যদুবরাঃ পরিষৎ সহায় রূপা যত্র তাদৃশং যথাস্যাত্তথা স্বৈ র্দোর্ভি ভুর্জ প্রায়ৈ রর্জ্জুনাদিভি রধর্ম্মং তৎ প্রচুরং দুষ্টকুলং অস্যন্ নিহন্তুং লক্ষণ হেত্বোঃ ক্রিয়ায়া শতৃপ্রত্যয় স্মরণাৎ। তস্যামাস্য জন্মনি খ্যাপিতে তে সহায়া ভবিষ্যন্তীত্যেব মনুসন্ধায়েত্যর্থঃ। তথোক্তং কংস বধানন্তরং শ্রীকৃষ্ণেন ব্রজেশ্বরং প্রতি জ্ঞাতীন্ বোদ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং সুখমিতি। অত্র বিশেষণেনৈব শ্রীকৃষ্ণ রূপং বিশেষ্যং পদমুপস্থাপ্যতে। অয়মুদয়তি মুদ্রাভঞ্জনঃ পাদ্মনীনামিতি বদিত্যেষা ॥ ৭৫ ॥

জয়তীত্যাদি পদ্যস্থ বর্ত্তমান প্রয়োগ সহোদর বচন ময় স্কান্দীয় বচন মপ্যু পদর্শয়তি শ্রীস্কান্দ ইতি ॥ ৭৬ ॥

বৎসতরীভিশ্চেত্যত্র চকারাৎ গোপৈ র্গোপাভিশ্চেতি পরিগ্রহঃ সংখ্যায়াঃ

স্কন্দ পুরাণে মথুরা খণ্ডে যুধিষ্ঠিরের প্রতি নারদ বাক্য যথা ॥ ৭৬ ॥

শ্রীকৃষ্ণ বৃন্দাবন মধ্য গত হইয়া রাম ও বালক গণে পরি

বৃন্দাবনান্তরগতঃ সরামো বালকৈর্বৃত ইতি ॥ ৭৭ ॥
যদানয়োস্তু সম্বাদো দ্বারকায়াং হরিস্তদা।
তথাপি বর্ত্তমানত্বেনোক্তি স্তন্নৈত্যবাচিকা ॥ ৭৮ ॥
শ্রীপাদ্মে পাতালখণ্ডে ॥
শ্রীপার্ব্বতীং প্রতি শ্রীরুদ্র বচনং ॥ ৭৯ ॥
অহো মধুপুরী ধন্যা যত্র তিষ্ঠতি কংসহা।

সমান জাতীয় নিবেশাৎ। ক্রীড়তীতি বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমান প্রায়ে লট বা তস্মাৎ ক্রীড়ায়াঃ সদাতনত্বঃ তৈ স্তাভিশ্চ সহ তস্য দ্যোতিতং নতু সর্ব্বদা তৎ ক্রীড়াকারিত্বং। যদ্বা প্রকাশ ভেদেন, তত্তৎ সার্ব্বদিকী তেষাং তাসাঞ্চ প্রকাশেন নানাত্বাৎ ॥ ৭৭ ॥

নন্বনেন প্রকট লীলা সময়ে ক্রীড়ায়া নিত্যতা দর্শিতা কথং পূর্ব্বপদ্য সাজাত্যমস্তেত্যত আহ যদানয়োস্ত্বিতি। অনয়োঃ শ্রীযুধিষ্ঠির নারদয়োঃ ॥ ৭৮

অথ লীলায়াঃ সাতত্যমুক্ত্বা কেবলং তন্নিবাসস্য সাতত্যং দর্শয়তি শ্রীপাদ্ম ইতি ॥ ৭৯ ॥

বৃত হওত বৎস ও বৎসতরী সকলের সহিত সর্ব্বদা ক্রীড়া করিয়া থাকেন ॥ ৭৭ ॥

যুধিষ্ঠির ও নারদে যখন পরস্পর সম্বাদ হয় তৎ কালীন শ্রীকৃষ্ণ দ্বারকায় অবস্থিত ছিলেন, তথাপি বর্ত্তমানত্বে যে উক্তি ইহাই তাঁহার নিত্য বাচিকা ॥ ৭৮ ॥

পদ্মপুরাণে পাতাল খণ্ডে শ্রীপার্ব্বতীর প্রতি শ্রীরুদ্রের বাক্য যথা ॥ ৭৯ ॥

আহা। যে মধুপুরীতে শ্রীকৃষ্ণ বিরাজ করিতেছেন সেই

তত্র দেবো মুনিঃ সর্ব্বো বাসমিচ্ছতি সর্ব্বদেতি ॥ ৮০ ॥
লীলাপরিকরা গোষ্ঠজনাঃ স্যুর্যাদবাস্তথা।
দেবাশ্চ ব্রহ্মজম্ভারি কুবেরতনয়াদয়ঃ।
নারদাদ্যাশ্চ দনুজ নাগযক্ষাদয়শ্চ তে ॥ ৮১ ॥

অত্র মধুপুরীপদেন গোকুলং মথুরাচাবগম্যতে ধামস্য দ্বিবিধং প্রাহুর্মাথুরং দ্বার্ব্বতী তথা। মাথুরঞ্চ দ্বিধা প্রাহুর্গোকুলং পুরমেবচেতি নির্দ্ধারণাৎ। এতেন কংসহেতি পদমপি ভূত ভবিষ্যৎ প্রত্যয় পরং মন্তব্যং। যদ্বা ভূত এব প্রত্যয়ো বহু শাসন সিদ্ধঃ পূর্ব্বকল্প এব তন্নাশাভিপ্রায়েণোক্তিঃ। যদ্বৈ তচ্ছ্রীমরথুাস্থলীলায়া নিত্যত্ব প্রতিপাদকমেব ॥ ৮০ ॥

অথ লীলায়া নিত্যত্বে ন তৎপরিকরাণামপি নিত্যত্বং সিদ্ধং তত্র দর্শিত বানেব পরিকরাঃ ক ইতি গোষ্ঠজনাঃ শ্রীনন্দাদয়ঃ যাদবাঃ শ্রীবসুদেবাদয়ঃ কুবেরতনয়ৌ নলকুবর মণিগ্রীবৌ তদাদয়ঃ। নাগাঃ কালিয়াদয়ঃ যক্ষঃ শঙ্খচূড়ঃ ॥ ৮১ ॥

মধুপুরী অতিশয় ধন্যতমা, তাহাতে দেব ও মুনিগণ সর্ব্বদা বাস করিতে ইচ্ছা করিতেছেন ॥ ৮০ ॥

লীলার নিত্যত্বে তৎ পরিকর সকলেরও নিত্যত্ব সিদ্ধ হইল, তাহা পূর্ব্বে দেখান হইয়াছে, এক্ষণে সেই পরিকর সকল কে? ইহাই দেখাইবার নিমিত্ত বলিতেছেন যথা। নন্দ প্রভৃতি গোষ্ঠ জন, বসুদেবাদি যাদব, ব্রহ্মা, ইন্দ্র, কুবের তনয় নলকুবর ও মণিগ্রীব তথা নারদাদি দেবগণ, অসুর সকল, কালিয় প্রভৃতি নাগ এবং শঙ্খচূড় প্রভৃতি যক্ষ, ইহাঁরা সকল লীলার পরিকর ॥ ৮১ ॥

॥ * ॥ ইতি শ্রীনারায়ণতঃ শ্রীকৃষ্ণস্য শ্রেষ্ঠত্বং ॥ * ॥

অথপ্রকটাপ্রকট লীলা ॥

প্রকটাপ্রকটা চেতি লীলা সেয়ং দ্বিধোচ্যতে ॥ ১ ॥

তথাহি ॥

সদানন্তৈঃ প্রকাশৈঃ স্বৈর্লীলাভিশ্চ স দীব্যতি ॥ ২ ॥

নন্বু জন্মানন্তরমেব গোপ গোপীভিঃ ক্রড়া ততো ভিন্নৈবৈব মস্থুরাদি সংহার লীলাচ তস্যা ভিন্না কথমাসামেক কালতা নিত্যতা চেত্যতঃ সমধাতুং প্রক্রিয়া মারভতে প্রকটাপ্রকটাচেতি প্রকটা স্পষ্টা অপ্রকটা তদ্ভিন্না ॥ ১ ॥

যৌগপদিকীং লীলামাদিতো লক্ষয়তি সদানন্তৈরিতি। অনন্তৈঃ অপরিমিতৈঃ স্বৈরাত্মভিরাত্মীয়ৈশ্চ তেন শ্রীরাধাদীনামপি তাদৃশত্বং মতং স্বৈরিত্য-লিঙ্গ পরিণামাৎ স্বাভিরিত্যস্য লীলাভিরিত্যনেনান্বয়ঃ ॥ ২ ॥

॥ * ॥ ইতি শ্রীনারায়ণ হইতে শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠতা ॥ * ॥

অথ অপ্রকটাপ্রকট লীলা ॥

যদি বল জন্মের পরেই শ্রীকৃষ্ণের গোপ ও গোপীগণের সহিত ক্রীড়া কিন্তু তাহা হইতে পৃথক্ যে অসুরাদি সংহার লীলা তাহার সহিত এক কালতা ও নিত্যতা কি প্রকারে সম্ভব হয়, এ বিষয়ের সমাধান এই যে প্রকট ও অপ্রকট ভেদে লীলা দুই প্রকার হইয়াথাকে॥ ১ ॥

উক্ত বিষয়ের প্রমাণ যথা ॥

শ্রীকৃষ্ণ অপরিমিত প্রকাশ স্বরূপ আত্মা ও আত্মীয় গণের সহিত সর্ব্বদা ক্রীড়া করিয়া থাকেন ॥ ২ ॥

তত্রৈকেন প্রকাশেন কদাচিজ্জগদন্তরে।
সহৈব স্ব পরীবারৈর্জন্মাদি কুরুতে হরিঃ॥ ৩॥
কৃষ্ণভাবানুসারেণ লীলাখ্যা শক্তিরেব সা।
তেষাং পরিকরাণাঞ্চ তং তং ভাবং বিভাবয়েৎ।

আনুক্রমিকীং লীলামাহ তত্রৈকেনেতি তত্র তেষু প্রকাশেষু কদাচিৎ সময়ং প্রাপ্য সচ সময়ো বৈবস্বত মন্বন্তরীয়াষ্টাবিংশ চতুর্যুগীয় দ্বাপর শেষো মন্তব্যঃ। জগদন্তরে জগদ্‌গোচরং কর্ত্তুং প্রপঞ্চমধ্যং কর্ত্তুং বা নিমিত্ত সপ্তম্যা স্তথৈবার্থত্বাৎ। অন্তরং গোচরে ভেদে তাদর্থ্য পরিধানয়োঃ। অবধৌ সদৃশে ছিদ্রে বহির্মধ্যেন্তরাত্মনীতি সংসারাবর্ত্তঃ যদ্বা জগন্তি অন্তরে যস্য তজ্জগদন্তরং শ্রীবৃন্দাবনং তস্মিন্‌। যদুক্তং। অত্রৈবাজাণ্ডমালাপি পর্য্যাপ্তিমুপগচ্ছতীতি। অত্রৈব বৃন্দাবনে প্রকাশে লীলাদিভিশ্চ দীব্যতি অর্থাদপ্রকটে প্রকটেতু জন্মাদি কুরুতে প্রকটয়তীত্যর্থঃ। অয়ং ভাবঃ। ব্রহ্মাণ্ডেষনেক বিধেষেকত্বেন শ্রীবৃন্দাবনস্য নিশ্চিতত্বাৎ কেবলং স্বেচ্ছাশক্তি দ্বারা প্রাপঞ্চিক জননেত্র বিষয়ত্বা বিষয়ত্বাভ্যাং প্রকটাপ্রকটে লীলে স্বীকৃতে নত্বপ্রকট প্রকাশত্বেনাস্য বৃন্দাবনস্য লীলা ভবতি সৈব তত্তদ্ব্রহ্মাণ্ড প্রবেশাদবিচ্ছিন্না ভবতি। একেন প্রকাশেন কদাচিৎ অনেকেন প্রকাশেন সর্ব্বদেত্যর্থঃ॥ ৩॥

নমু তর্হি শ্রীকৃষ্ণস্য নরাকৃতি পরব্রহ্মণঃ কথং মনুষ্যাকারা লীলা সুলগ্নেত্যত আহ কৃষ্ণেতি। অনুক্রমেব পুষ্ণাতি প্রপঞ্চেতি। সা লীলা চেৎ প্রপঞ্চ গোচ

ভগবান্‌ হরি কোন এক সময়ে প্রকাশ সকলের মধ্যে এক প্রকাশ বিশিষ্ট হইয়া এবং কখন বা পরিবার সকলের সহিত মিলিত হইয়া জগন্মধ্যে জন্মাদি লীলা প্রকটন করেন॥ ৩॥

যদি বল নরাকৃতি পর ব্রহ্ম শ্রীকৃষ্ণের মনুষ্যাকারা লীলা কি রূপে সুসঙ্গতা হয়, তাহার উত্তর এই যে, শ্রীকৃষ্ণের অভি

প্রপঞ্চগোচরত্বেন সা লীলা প্রকটা স্মৃতা ॥ ৪ ॥
অন্যাস্ত্বপ্রকটা ভান্তি তাদৃশ্য স্তদগোচরাঃ ॥ ৫ ॥
তত্র প্রকট লীলায়ামেব স্যাতাং গমাগমৌ।
গোকুলে মথুরায়াঞ্চ দ্বারকায়াঞ্চ শার্ঙ্গিনঃ ॥ ৬ ॥
যাস্তত্র তত্রাপ্রকটাস্তত্র তত্রৈব সন্তি তাঃ।
ইত্যাহ জয়তীত্যাদি পদ্যাদিকমভীক্ষ্ণশঃ ॥ ৭ ॥

রত্বেন উপলক্ষিতা স্যাৎ তদা প্রকটা স্যাৎ ॥ ৪ ॥

তাদৃশ্যঃ প্রকট সজাতীয়াঃ তদগোচরাঃ প্রপঞ্চাগোচরা ॥ ৫ ॥

শার্ঙ্গিন ইতি বৃন্দাবনে শৃঙ্গধারিণঃ শৃঙ্গমেব শার্ঙ্গমিতি স্বার্থিক তদ্ধিতাৎ পুরী দ্বয়ে শার্ঙ্গং ধনুস্তদ্ধারিণঃ। যদ্বা শার্ঙ্গীত্যব্যুৎপন্না সংজ্ঞা ॥ ৬ ॥

তত্র তত্র বৃন্দাবনাদৌ নষ্টপ্রকট প্রকাশ বিশেষ গোলোকাখ্য বৃন্দাবনাদৌ তদা চরমেপি তত্র তত্রেতি পদস্য বৈয়র্থ্যং স্যাৎ ॥ ৭ ॥

প্রায়ানুসারে প্রসিদ্ধা লীলাখ্যা শক্তিই সেই সকল পরিকর দিগের তত্তদ্ভাব প্রাপ্তি করাইয়া থাকেন। প্রপঞ্চ গোচরত্ব রূপে যে লীলা তাহাই প্রকট লীলা বলিয়া সম্মতা ॥ ৪ ॥

প্রপঞ্চের গোচর ভিন্ন অন্য যে সকল প্রকট সদৃশ লীলা, তৎ সমুদায়কে অপ্রকট লীলা বলে ॥ ৫ ॥

তন্মধ্যে প্রকট লীলায় শার্ঙ্গধন্বা হরির গোকুল, মথুরা ও দ্বারকায় গমনাগমন হয় ॥ ৬ ॥

বৃন্দাবনাদিতে যে সকল লীলা অপ্রকটা, সেই সকল লীলা তথায় তথায় অবস্থিতা। এই নিমিত্ত জয়তীত্যাদি পদ্য বারম্বার উল্লেখ করিয়াছেন ॥ ৭ ॥

দেবাদ্যংশাবতরণে প্রবৃত্তে পদ্মজাজ্ঞয়া।
বসুদেবাদিকানাং যে স্বর্গে হ্যংশাঃ কশ্যপাদয়ঃ।
নিত্য লীলান্তরৈস্থৈস্তে বসুদেবাদিভি র্গতাঃ।
সাযুজ্যমংশিভিস্তত্র জায়ন্তে শূরমুখ্যতঃ॥ ৮॥
যদ্বিলাসো মহাশ্রীশঃ স লীলাপুরুষোত্তমঃ।
আবির্বুভূষুরত্রাবিষ্কৃত্য সঙ্কর্ষণং পুরঃ।

সহেতুকাং প্রকটাং দর্শয়তি দেবাদ্যংশেতি পদ্মজাজ্ঞয়া শ্রীব্রহ্মাদেশেন তে কশ্যপাদয়ঃ নিত্য লীলান্তরৈস্থৈরংশিভি র্বসুদেবাদিভিঃ সাযুজ্যং সংযোগং গতাঃ প্রাপ্তাঃ সন্তঃ শূরমুখ্যতঃ শূরাদিভ্যঃ সকাশাৎ জায়ন্তে প্রাদুর্ভবন্তি কেচিত্তু শূরমুখ্যতঃ ইতি অহল্লক্ষণয়া শূর পদেন পর্য্যন্যাদয়ো গ্রাহ্যাঃ তদাদি পদেন শূরাদীনাং গ্রহণং এবং কশ্যপাদয় ইত্যত্র দ্রোণাদয়ঃ বসুদেবাদিভি রিত্যাদিনা শ্রীনন্দাদয়ো গ্রাহ্যাঃ তেহি মুখ্যা ইত্যর্থঃ ইত্যাহুঃ তন্ন চারু শ্রীনন্দনন্দনস্য বসুদেব দ্বারেণাদৌ প্রকটাত্তথা নির্দ্দেশস্য ন্যায্যত্বাদন্যথানুপপত্তি স্থল এব লক্ষণয়া আদরণীয়ত্বাচ্চ॥ ৮॥

যস্য লীলা পুরুষোত্তমস্য মহাশ্রীশঃ শ্রীমহানারায়ণঃ আবির্বুভূষুঃ আবির্ভবিতুমিচ্ছুঃ। পুরঃ আদৌ। আদৌ অস্মঃ স্থিতাঃ পশ্চাদাবিষ্কর্ত্তব্যাঃ তস্মাৎ সঙ্কর্ষণাদন্যে শ্রীবাসুদেব প্রদ্যুম্নানিরুদ্ধাঃ ব্যূহা যেন তাদৃশঃ সন্। অত্র পুত্র পৌত্রত্বেন প্রদ্যুম্নানিরুদ্ধয়ো রাবিষ্কর্ত্তব্যতা বাসুদেবস্যাবিষ্কর্ত্তব্যতা

ব্রহ্মার অজ্ঞানুসারে দেবাদির অংশ স্বরূপ যে কশ্যপাদি ইহাঁরা অংশি রূপ নিত্য লীলার অন্তর্গত বসুদেবাদির সহিত শূর এবং পর্য্যন্য প্রভৃতি হইতে জন্ম গ্রহণ করিয়া থাকেন॥ ৮

যে লীলাপুরুষোত্তমের মহানারায়ণ বিলাস মূর্ত্তি, সেই লীলা পুরুষোত্তম ঈশ্বর আবির্ভূত হইতে ইচ্ছা করিয়া অগ্রে

অন্তঃস্থিতাবিষ্কর্ত্তব্য তদন্য ব্যূহ ঈশ্বরঃ।
হৃদয়ে প্রকট স্তস্থ ভবত্যানকদুন্দুভেঃ॥ ৯॥
ভূমির্ভার নিরাসায় দেবানামভিযাচ্ঞয়া।
দ্বাপরান্তাবসানে ঽস্মিন্নষ্টাবিংশে চতুর্যুগে।
ক্ষীরাব্ধিশায়ি যদ্রূপমনিরুদ্ধতয়া স্মৃতং।
তদিদং হৃদয়স্থেন রূপেণানকদুন্দুভেঃ।
ঐক্যং প্রাপ্য ততো গচ্ছেৎ প্রাট্যং দেবকীহৃদি॥ ১০॥

তু লোকরীত্যা ন প্রত্যেতব্যা নম্বেতাদৃশী রীতিঃ কস্য কস্মিন্ কদাপি ন শ্রুয়তে ইত্যাহ ঈশ্বরঃ সর্ব্বং কর্ত্তুং সমর্থঃ ইত্যর্থঃ। যদ্বা অচিন্ত্য শক্তিমান্। হৃদয়ে মনসি আবিবেশাংশভাগেন মন আনকদুন্দুভেরিতি শ্রীদশমাৎ॥ ৯॥

অস্মিন্ বৈবস্বতীয়ে মন্বন্তরে। যদ্রূপং যন্মূর্ত্তিং অনিরুদ্ধতয়া অনিরুদ্ধ বিলাসত্বেন বিলাস বিলাসিনোরভেদাৎ। তৎ রূপং কর্ত্তৃ আনকদুন্দুভের্হৃদয়স্থেন রূপেণ লীলাপুরুষোত্তমেন ঐক্যং প্রাপ্য তত আনকদুন্দুভেঃ সকাশাৎ দেবকীহৃদি প্রাকট্যং গচ্ছেদিত্যন্বয়ঃ॥ ১০॥

সঙ্কর্ষণকে আবিষ্কার পূর্ব্বক বাসুদেবাদি ব্যূহ ত্রয় আবিষ্কার কর্ত্তব্য বিবেচনায় বসুদেবের মনো মধ্যে গিয়া প্রবেশ করিলেন॥ ৯॥

দেবগণের প্রার্থনানুসারে ভূমির ভার হরণার্থ বৈবস্বত মন্বন্তরীয় অষ্টাবিংশ চতুর্যুগে দ্বাপরাবসানে ক্ষীরসাগর শায়ির যে রূপ অনিরুদ্ধের বিলাস মূর্ত্তি বলিয়া স্মরণ করা হইয়াছে সেই মূর্ত্তি বসুদেবের হৃদয়স্থ লীলাপুরুষোত্তমের সহিত ঐক্য প্রাপ্ত হইয়া বসুদেব হইতে দেবকীর হৃদয়ে প্রকটতা প্রাপ্ত হয়েন॥ ১০॥

প্রেমানন্দামৃতৈস্তস্যা বাৎসল্যৈক স্বরূপিভিঃ ।
লাল্যমানো হরিস্তত্র বর্দ্ধতে চন্দ্রমা ইব ॥ ১১ ॥
অথ ভাদ্রপদাষ্টম্যামসিতায়াং মহানিশি ।
তস্যা হৃদন্তিরোভূয় কারায়াং সূতি সদ্মনি ।
দেবকীশয়নে তত্র কৃষ্ণঃ প্রাদুর্ভবত্যসৌ ॥ ১২ ॥
জনয়িত্রী প্রভৃতিভিস্তাভিরিত্যবগম্যতে ।
লৌকিকেন প্রকারেণ সুখং শিশুরজায়ত ॥ ১৩ ॥

তস্যাঃ শ্রীদেবক্যাঃ ॥ ১১ ॥

প্রাদুর্ভাব প্রকারং স্পষ্টয়তি । অথেতি ভাদ্রপদাষ্টম্যাং ভাদ্রপদস্য আ অষ্টম্যাং আরব্ধাষ্টম্যাং দিবসং ব্যাপ্য স্থিতায়াং তিথাবিত্যর্থঃ নতু সপ্তমী বিদ্ধায়াং রবিবিদ্ধা তথা ত্যাজ্যা রোহিণী সহিতা যদীতি স্মৃতেঃ । মহানিশি অর্দ্ধরাত্রে । তস্যাঃ শ্রী দেবক্যা হৃদঃ মনসঃ সকাশাৎ দেবকী শয্যায়াং ॥ ১২

জন্মকালে কাং চিদচিন্ত্য শক্তিং অস্য সঙ্গময়তি জনয়িত্রীতি লৌকিকেন প্রকারেণ সুখং যথা স্যাত্তথা শিশুরজায়ত ইতি জনয়িত্রী প্রভৃতিভিঃ শ্রীদেবকী প্রভৃতিভি রবগম্যত ইত্যন্বয়ঃ । কশ্চিত্তু ব্রাহ্মীত্যাদিভি র্মাতৃকাগণৈরিত্যাহ

তথায় দেবকীর বাৎসল্যের এক স্বরূপ প্রেমানন্দামৃত সমূহ কর্তৃক হরি লাল্যমান হইয়া চন্দ্রের ন্যায় দিন দিন বৃদ্ধি পাইতে পাগিলেন ॥ ১১ ॥

অনন্তর ভাদ্র মাসের অসিত পক্ষীয় অষ্টমীর অর্দ্ধরাত্রে শ্রীকৃষ্ণ তদীয় হৃদয় হইতে অন্তর্দ্ধান হইয়া বন্ধনালয়ের সুতিকা গৃহে দেবকীশয্যায় প্রাদুর্ভূত হইলেন ॥ ১২ ॥

দেবকী প্রভৃতি স্ত্রীগণ লৌকিক ব্যবহারানুসারে জানিতে পারিলেন যে বিনা কষ্টে সন্তান জন্ম গ্রহণ করিল ॥ ১৩ ॥

অয়ং চতুর্ভুজত্বেপি দ্বিভুজত্বেপি কৃষ্ণতাং।
নত্যজত্যেব তদ্ভাব গুণরূপাত্ম বৃত্তিভিঃ।
তথাপি দ্বিভুজত্বস্য কৃষ্ণে প্রাধান্যমুচ্যতে ॥ ১৪ ॥
গূঢ়ত্বাদি বচঃ ক্বাপি গৌণত্বমিব কীর্ত্ত্যতে।
গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্য লিঙ্গমিতি হি প্রথা ॥ ১৫ ॥

তচ্চিন্ত্যং বিরোধাভাবে হন্যথা কল্পনস্যান্যায্যত্বাৎ ॥ ১৩ ॥

অয়ং দেবকীসূনুঃ। কৃষ্ণতাং শ্রীলীলা পুরুষোত্তমতাং স্বয়ং ভগবত্তাঞ্চ যদ্যপি ন ত্যজতি তথাপি দ্বিভুজত্বস্য প্রাধান্যং শ্রৈষ্ঠ্যং উচ্যতে অভিধীয়তে অলৌকিকীতঃ কিল লৌকিকীয়ং লীলা হরেরেতি রসায়নত্বমিত্যুক্তেঃ ॥ ১৪ ॥

নহু শ্রীভাগবতাদৌ পরং ব্রহ্মণ এব মনুষ্যলিঙ্গতেত্যসকৃদেবোচ্যতে কথং মনুষ্যাকারস্য প্রধানতেত্যতঃ সমাদধাতি গূঢ়ত্বাদীতি গৌণত্বমিব নতু গৌণত্বং মুখ্যত্বমেবেত্যর্থঃ বিধেয় মনুবাদ কোটৌ প্রবেশয়িত্বা তথা তথা ভানমিত্যর্থঃ। তস্মান্মনুষ্য লিঙ্গং যদগূঢ়ং অবিপক্ক বুদ্ধিভিরবেদ্যং তত্বং তৎ পরং ব্রহ্মেতি

এই দেবকীনন্দন চতুর্ভুজ হইলেও দ্বিভুজত্ব রূপে কৃষ্ণতা অর্থাৎ তত্তৎ ভাব গুণ রূপ ও আত্মবৃত্তি সকল দ্বারা লীলা পুরুষোত্তমত্ব কিম্বা স্বয়ং ভগবত্ত্ব যদিচ ত্যাগ করেন নাই তথাপি শ্রীকৃষ্ণে দ্বিভুজত্বেরই প্রাধান্য উক্ত হইয়াছে ॥ ১৪ ॥

অহে! যদি এরূপ আশঙ্কা কর শ্রীমদ্ভাগবতাদিতে পরম ব্রহ্মেরই মনুষ্যাকারতা বারম্বার উল্লেখ হইয়াছে তবে কি প্রকারে মনুষ্যাকারত্বের প্রধানতা হয়, এবিষয়ের সমাধান এই যে গূঢ়ত্বাদি বাক্যের কোন স্থানে গৌণত্বের ন্যায় অর্থাৎ অপ্রধানতার তুল্য কীর্ত্তন হয়, শ্রীমদ্ভাগবতের প্রমাণ এই "গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্য লিঙ্গং" এই প্রথা ॥ ১৫ ॥

অথ ব্রজেশ্বরীগেহে বিশন্নানকদুন্দুভিঃ।
তত্র ন্যস্য সুতং তস্যাঃ সুতামাদায় নিঃসরেৎ ॥ ১৬ ॥
যোঽয়ং নিত্য সুতত্বেন তস্যা রাজত্যনাদিতঃ।
কৃষ্ণঃ প্রকট লীলায়াং তদ্দ্বারেণাপ্যভূত্তথা ॥ ১৭ ॥
অথ প্রকটতাং লব্ধে ব্রজেন্দ্র বিহিতে মহে।

যোজ্যং ॥ ১৫ ॥

অন্যামপ্যচিন্ত্য শক্তিমস্য দর্শয়তি অথেতি অথ কৃষ্ণ প্রাদুর্ভাবানন্তরং। তত্র ব্রজেশ্বর্য্যাঃ তৎপদস্য সর্ব্বনামত্বেন বুদ্ধিস্থ পরামর্শান্নাভবন্মত নামা দোষঃ ॥ ১৬ ॥

অথ প্রকট প্রকাশয়োরেকাত্মতাভিব্যঞ্জিকা মন্যামপ্যবিচিন্ত্য শক্তিং দর্শয়তি যোঽয়মিতি অনাদিতোঽপ্রকট লীলায়াং তস্যা যশোদায়া নিত্য সুতত্বেন তন্নন্দনত্বেন রাজতি শোভমান এব কাল ত্রয়ে তিষ্ঠতি স কৃষ্ণঃ যথা দৈবকী দ্বারেণ প্রকটো ঽভূৎ তথা তদ্দ্বারেণ যশোদা দ্বারেণ প্রকটোঽভূদিত্যর্থঃ তস্যা ভক্তত্বাদ্দ্বারতা যদুক্তং তচ্চ দ্বারং তদেকাত্ম রূপণ্ডক্ত এবচেতি। পরমতে বাসুদেব দ্বারেণ তস্যাদ্য ব্যূহত্বেন তদেকাত্ম রূপত্বাদিতি কশ্চিত্তন্ন চারু তত্রাপি শ্রী যশোদায়া দ্বারত্বস্য সম্ভবাৎ ॥ ১৭ ॥

অথ প্রাদুর্ভাবানন্তরং মহে উৎসবে মহ উৎসব উদ্ধব ইত্যমরঃ। এব

শ্রীকৃষ্ণের জন্মের পর বসুদেব যশোদার গৃহে প্রবেশ পূর্ব্বক তথায় আপনার পুত্র স্থাপন এবং তাঁহার কন্যা গ্রহণ করিয়া বহির্গত হয়েন ॥ ১৬ ॥

এই শ্রীকৃষ্ণ অনাদি অর্থাৎ অপ্রকট লীলায় যে যশোদার নিত্য পুত্রত্ব রূপে বিরাজমান, প্রকট লীলায় সেই যশো- দার দ্বারাই প্রকাশ হইয়াছেন ॥ ১৭ ॥

অনন্তর নন্দবিহিত মহোৎসবে প্রকটতা প্রাপ্ত হইলে যে

তত্র প্রকটয়ত্যেষ লীলা বাল্যাদিকাঃ ক্রমাৎ।
করোতি যাঃ প্রকাশেষু কোটিশোঽপ্রকটেষপি॥ ১৮॥
প্রেষ্ঠানন্দৈর্ব্রজে তৈস্তৈরাত্মনোপি বিমোহনৈঃ।
লীলোল্লাসৈর্বিহরতি শ্রীলীলাপুরুষোত্তমঃ॥ ১৯॥
অসমোর্দ্ধেন ভগবান্ বাৎসল্যেন ব্রজেশয়োঃ।

